জনকল্যাণে রাজস্ব

উন্নয়নের অক্সিজেন রাজস্ব

# জাতীয় রাজস্ব বোর্ড

## কর নীতি উইং

# আয়কর পরিপত্র-১

## ২০১৭-২০১৮

২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে আয়করের ক্ষেত্রে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

কর নীতি উইং

# আয়কর পরিপত্র-১/২০১৭-২০১৮

## ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে আয়করের ক্ষেত্রে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ

সূচীপত্র


| ক্রম | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| | ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট কার্যক্রমের আওতায় আয়কর আইন, বিধি ও প্রজ্ঞাপনের মাধ্যমে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ | ১ |
| ১। | ২০১৭-২০১৮ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর হার | |
| | (ক) ব্যক্তি করদাতাসহ অন্যান্য করদাতার (কোম্পানি ব্যতীত) জন্য সাধারণ করহার | ১ |
| | (খ) কোম্পানি ব্যতীত নির্দিষ্ট শ্রেণির করদাতার উপর সর্বোচ্চ করহার | ৩ |
| | (গ) কোম্পানির করহার | ৪ |
| ২। | সারচার্জ | ৫ |
| ৩। | আয়কর অধ্যাদেশের ধারা 2 এর সংশোধন | |
| | (ক) কোন mutual fund বা alternative investment fund এর আয়ের বন্টনকে ডিভিডেন্ড এর সংজ্ঞাভুক্ত করা: ক্লজ (26) এর সংশোধন | ৭ |
| | (খ) সাবসিডিয়ারি, ব্রাঞ্চ বা লিয়াজোঁ অফিসের income year: ক্লজ (35) এর সংশোধন | ৭ |
| | (গ) কোম্পানি করদাতার রিটার্ন দাখিল সংক্রান্ত বিধান পরিবর্তন: ক্লজ (62A) এর সংশোধন | ৮ |
| ৪। | আয়কর অধ্যাদেশের ধারা 19 এর সংশোধন | |
| | (ক) পিতা-মাতা বা spouse এর নিকট থেকে দান বা ঋণ গ্রহণ: উপধারা (28) এর বিধান সংশোধন | ৯ |
| | (খ) সংশোধিত রিটার্ন (revised return) বা ভুল-সংশোধনী রিটার্ন (amended return) এ করমুক্ত আয় বা হ্রাসকৃত হারে করযোগ্য আয় প্রদর্শন: উপধারা (31) এর বিধান সংশোধন | ১২ |

| ক্রম | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ৫। | আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30 এর সংশোধন | |
| | (ক) কোন employee এর বেতন-ভাতাদি বাবদ খরচ অনুমোদনে রিটার্ন দাখিলের তথ্য যাচাই: নতুন ক্লজ (aaaa) এর সন্নিবেশ | ১৩ |
| | (খ) সরকারকে বিশেষ সার্ভিস প্রদানের কাজে বিদেশ ভ্রমণ ভাতা সংক্রান্ত খরচ অনুমোদনের সীমা শিথিলকরণ - ক্লজ (k) এর বিধান সংশোধন | ১৫ |
| | (গ) খরচ অনুমোদনে নির্দিষ্ট কয়েকটি ক্ষেত্রে ১২-ডিজিট টিআইএন যাচাই: নতুন ক্লজ (o) এর সন্নিবেশ | ১৫ |
| ৬। | আয়কর অধ্যাদেশের ধারা 52 এর সংশোধন এবং বিধি 16 এর প্রতিস্থাপন | ১৬ |
| ৭। | আয়কর অধ্যাদেশের ধারা 52AA এর সংশোধন | ২০ |
| ৮। | আন্তর্জাতিক ফোন কল বাবদ প্রাপ্তির উপর উৎসে কর কর্তন সংক্রান্ত আয়কর অধ্যাদেশের ধারা 52R এর সংশোধন | ২৪ |
| ৯। | কমিশন, ডিসকাউন্ট বা ফিস হতে উৎসে কর কর্তন বা আদায় সংক্রান্ত আয়কর অধ্যাদেশের ধারা 53E এর প্রতিস্থাপন | ২৫ |
| ১০। | Digital marketing সেবা গ্রহণের বিপরীতে অনিবাসীকে অর্থ পরিশোধে উৎসে কর কর্তন: আয়কর অধ্যাদেশের ধারা 56 সংশোধন | ২৬ |
| ১১। | নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন দাখিলে ব্যর্থতার ক্ষেত্রে বিলম্ব সুদ আরোপ সংক্রান্ত আয়কর অধ্যাদেশের ধারা 73A এর সংশোধন | ২৬ |
| ১২। | আয়কর অধ্যাদেশের ধারা 75 সংশোধন | ২৮ |
| ১৩। | করদাতার হিসাব, বিবরণী, ইত্যাদি দাখিল সংক্রান্ত আয়কর অধ্যাদেশের ধারা 79 এর প্রতিস্থাপন | ২৮ |
| ১৪। | আয়কর অধ্যাদেশের ধারা 80 এর সংশোধন | ২৯ |
| ১৫। | সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতি সম্পর্কিত আয়কর অধ্যাদেশের ধারা 82BB এর প্রতিস্থাপন | ৩০ |
| ১৬। | আয়কর অধ্যাদেশের ধারা 82C এর সংশোধন | ৪৬ |
| ১৭। | আয়কর অধ্যাদেশের ধারা 93 এর প্রতিস্থাপন | ৪৬ |

| ক্রম | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১৮। | আয়কর অধ্যাদেশের ধারা 94 এর প্রতিস্থাপন | ৫২ |
| ১৯। | শিপিং ব্যবসায়ে Demurrage charge, handling charge বা অনুরূপ খাতে প্রাপ্ত আয়ের করযোগ্যতা: আয়কর অধ্যাদেশের ধারা 102 এর সংশোধন | ৫২ |
| ২০। | আয়কর অধ্যাদেশের ধারা 120 এর প্রতিস্থাপন | ৫৩ |
| ২১। | আয়কর অধ্যাদেশের ধারা 124AA এর প্রতিস্থাপন | ৫৫ |
| ২২। | সংশোধিত মোট আয়ের ভিত্তিতে জরিমানার আদেশ সংশোধন: আয়কর অধ্যাদেশে নতুন ধারা 133A এর সন্নিবেশ | ৫৬ |
| ২৩। | বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন দায়েরে তথ্য প্রযুক্তি ব্যবহার - আয়কর অধ্যাদেশের ধারা 152I এর সংশোধন | ৫৬ |
| ২৪। | কর আপীলাত ট্রাইবুনালের দ্বৈত বেঞ্চের মামলা তৃতীয় সদস্য কর্তৃক শুনানী গ্রহণের ক্ষেত্রে মামলার নিষ্পত্তির সময় সীমা বৃদ্ধি - আয়কর অধ্যাদেশের ধারা 159 এর সংশোধন | ৫৭ |
| ২৫। | ভুল সংশোধন সংক্রান্ত আয়কর অধ্যাদেশের ধারা 173 এর সংশোধন | ৫৭ |
| ২৬। | সিস্টেম জেনারেটেড নোটিশ, আদেশ, ইত্যাদি গ্রহণ সংক্রান্ত নতুন ধারা 178A এর সন্নিবেশ | ৫৮ |
| ২৭। | রিটার্ন, বিবরণী বা দলিলাদির ইলেকট্রনিক ফাইলিং সংক্রান্ত নতুন ধারা 178B এর সন্নিবেশ | ৫৮ |
| ২৮। | ১২-ডিজিট টিআইএন দাখিল সংক্রান্ত ধারা 184A এর প্রতিস্থাপন | ৫৮ |
| ২৯। | ব্যবসায় প্রতিষ্ঠানের কর্মী বা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও শিক্ষকদের যাতায়াতে ব্যবহৃত বাস বা মিনিবাসের অবচয় পরিগণনাঃ আয়কর অধ্যাদেশের THE THIRD SCHEDULE এর সংশোধন | ৬১ |
| ৩০। | আয়কর অধ্যাদেশে THE SIXTH SCHEDULE এর PART A এর সংশোধন | |
| | (ক) তথ্য ও প্রযুক্তি খাতের কর অব্যাহতির আওতা সম্প্রসারণ: অনুচ্ছেদ 33 এর সংশোধন | ৬২ |
| | (খ) অনুচ্ছেদ 53 এর পর নতুন অনুচ্ছেদ 54, 55, 56, 57 ও 58 সংযোজন | ৬৩ |

| ক্রম | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ৩১। | জারীকৃত প্রজ্ঞাপনসমূহ | |
| | (ক) পিপিপি প্রকল্প পরিচালনার জন্য কর সুবিধা প্রদান | ৬৪ |
| | (খ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ এর কর হার হ্রাস | ৬৫ |
| | (গ) পণ্য রপ্তানির ক্ষেত্রে প্রযোজ্য উৎস কর হার হ্রাস | ৬৬ |
| | (ঘ) নীটওয়্যার ও ওভেন গার্মেন্টস রপ্তানির আয়ের ক্ষেত্রে কর হার হ্রাস | ৬৬ |
| | (ঙ) সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীদের বেতন-ভাতাদির করযোগ্যতা | ৬৬ |
| | (চ) এস, আর, ও নং ১৯৫-আইন/২০১৫, তারিখ ৩০ জুন, ২০১৫ খিস্টাব্দ এর রহিতকরণ সংক্রান্ত প্রজ্ঞাপন | ৬৮ |
| ৩২। | আয়কর বিধিমালা, ১৯৮৪ এর সংশোধনীসমূহ | |
| | (ক) ঠিকাদার, ইত্যাদির বিলের উপর উৎসে কর কর্তনের হার পরিবর্তন: বিধি 16 এর সংশোধন | ৬৮ |
| | (খ) বিধি 17A এর সংশোধন | ৬৯ |


## পরিশিষ্ট


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| পরিশিষ্ট ১: অর্থ আইন, ২০১৭ এর ধারা ৫২ তে বর্ণিত তফসিল-২ | ৭১ |
| পরিশিষ্ট ২: এস, আর, ও নং ২০৬-আইন/আয়কর/২০১৭, তারিখ: ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ (এস, আর, ও নং ১৯৫-আইন/২০১৫, তারিখ ৩০ জুন, ২০১৫ খিস্টাব্দ এর রহিতকরণ সংক্রান্ত) | ৭৭ |
| পরিশিষ্ট ৩: এস, আর, ও নং ২০৭-আইন/আয়কর/২০১৭, তারিখ: ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ (বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ এর কর হার হ্রাসকরণ) | ৭৮ |
| পরিশিষ্ট ৪: এস, আর, ও নং ২০৮-আইন/আয়কর/২০১৭, তারিখ: ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ (পিপিপি প্রকল্প পরিচালনা হতে অর্জিত ব্যবসায় আয়ের কর অব্যাহতি সংক্রান্ত) | ৭৯ |

| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| পরিশিষ্ট ৫: এস, আর, ও নং ২০৯-আইন/আয়কর/২০১৭, তারিখ: ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ (পিপিপি প্রকল্প পরিচালনা হতে উদ্ভূত মূলধনী মুনাফা এবং Royalty, Technical know-how ও Technical assistance ফি এর কর অব্যাহতি সংক্রান্ত) | ৮১ |
| পরিশিষ্ট ৬: এস, আর, ও নং ২১০-আইন/আয়কর/২০১৭, তারিখ: ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ {পিপিপি প্রকল্প পরিচালনার জন্য নিয়োগকৃত বিদেশী প্রকর্মী (technician) এর কর অব্যাহতি সংক্রান্ত} | ৮৩ |
| পরিশিষ্ট ৭: এস, আর, ও নং ২১১-আইন/আয়কর/২০১৭, তারিখ: ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ (সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীদের ভাতাদির কর অব্যাহতি সংক্রান্ত) | ৮৫ |
| পরিশিষ্ট ৮: এস, আর, ও নং ২৫৫-আইন/আয়কর/২০১৭, তারিখ: ০১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ (নীটওয়্যার ও ওভেন গার্মেন্টস রপ্তানির আয়ের ক্ষেত্রে করহার হ্রাস সংক্রান্ত) | ৮৭ |
| পরিশিষ্ট ৯: এস, আর, ও নং ২৫৬-আইন/আয়কর/২০১৭, তারিখ: ০১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ (পণ্য রপ্তানির ক্ষেত্রে প্রযোজ্য উৎস কর হার হ্রাস সংক্রান্ত) | ৮৮ |
| পরিশিষ্ট ১০: এস, আর, ও নং ২৫৭-আইন/আয়কর/২০১৭, তারিখ: ০১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ (আয়কর বিধিমালা, ১৯৮৪ এর সংশোধন সংক্রান্ত চূড়ান্ত প্রকাশ) | ৮৯ |
| পরিশিষ্ট ১১: ধারা 93(1) এর আওতায় প্রেরিতব্য নোটিশ | ১১৬ |
| পরিশিষ্ট ১২: উৎসে কর কর্তন/ আদায় সংক্রান্ত অধিক্ষেত্র | ১১৭ |
| পরিশিষ্ট ১৩: Major sources of income subject to deduction or collection of tax, advance payment of tax and presumptive tax:Applicable for Financial Year 2017-18 | ১২৫ |
| পরিশিষ্ট ১৪: Rate of deduction under section 52 | ১৪০ |
| পরিশিষ্ট ১৫: Rate of deduction under section 52A | ১৪১ |
| পরিশিষ্ট ১৬: Rate of deduction from the payment of certain services under section 52AA | ১৪২ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| পরিশিষ্ট ১৭: Rate of deduction under section 52JJ | ১৪৪ |
| পরিশিষ্ট ১৮: Rate of deduction under section 53E | ১৪৫ |
| পরিশিষ্ট ১৯: Rate of deduction under section 53F (2) | ১৪৬ |
| পরিশিষ্ট ২০: Rate of deduction under section 53FF | ১৪৭ |
| পরিশিষ্ট ২১: Rate of deduction from income of non-residents under section 56 | ১৪৯ |
| পরিশিষ্ট ২২: Rate of advanced tax under section 68B | ১৫১ |
| পরিশিষ্ট ২৩: Tax Payment Codes | ১৫৩ |

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**সেগুনবাগিচা, ঢাকা**
**www.nbr.gov.bd**

২ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৩.০১৮.১৭.৩৬৫ তারিখঃ ১৭ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**আয়কর পরিপত্র-১/২০১৭-২০১৮**

**বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট কার্যক্রমের আওতায় আয়কর আইন, বিধি ও প্রজ্ঞাপনের মাধ্যমে আনীত পরিবর্তন সম্পর্কিত স্পষ্টীকরণ।**

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর ও সারচার্জের হার নির্ধারণ এবং আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর আওতায় জারীকৃত বিভিন্ন এস, আর,ও এর মাধ্যমে আয়কর বিধিমালা, ১৯৮৪ তে প্রয়োজনীয় সংশোধনী আনাসহ বিভিন্ন করহার পুনঃনির্ধারণ করা হয়েছে। নব প্রবর্তিত ও সংশোধিত আইন, বিধি ও প্রজ্ঞাপনসমূহের যথাযথ প্রয়োগ নিশ্চিতকল্পে ও করদাতাদের সংশ্লিষ্ট বিধি বিধানসমূহ সহজভাবে অবহিত করার লক্ষ্যে আনীত সংযোজন/সংশোধন/পরিবর্তন/পরিমার্জনসমূহ নিম্নরূপে উপস্থাপন করা হলোঃ

### ১। ২০১৭-১৮ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর হার

### (ক) ব্যক্তি করদাতাসহ অন্যান্য করদাতার (কোম্পানি ব্যতীত) জন্য সাধারণ করহার

অর্থ আইন, ২০১৭ তে বর্ণিত করহারের তফসিল অনুযায়ী প্রত্যেক নিবাসী ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশীসহ), হিন্দু যৌথ পরিবার, অংশীদারী ফার্ম, ব্যক্তি-সংঘ ও আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তিসহ অন্যান্য করদাতার ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার হবে নিম্নরূপ:

| | মোট আয় | কর হার |
|---|---|---|
| (১) | প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য |
| (২) | পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১০% |
| (৩) | পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১৫% |
| (৪) | পরবর্তী ৬,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ২০% |
| (৫) | পরবর্তী ৩০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ২৫% |
| (৬) | অবশিষ্ট মোট আয়ের উপর | ৩০% |

তবে, উপরোল্লিখিত কর হার করদাতার মর্যাদা নির্বিশেষে সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

মহিলা, প্রতিবন্ধী ব্যক্তি (person with disability) এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার ক্ষেত্রে করমুক্ত সীমা হবে নিম্নরূপ:
(১) মহিলা করদাতা এবং ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতা: ৩,০০,০০০/- টাকা;
(২) প্রতিবন্ধী ব্যক্তি করদাতা: ৪,০০,০০০/- টাকা;
(৩) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা: ৪,২৫,০০০/- টাকা।

কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের জন্য করমুক্ত সীমা ২৫,০০০/- টাকা বেশী হবে। প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যে কোন একজন এ সুবিধা পাবেন।

মোট আয়ের পরিমাণ করমুক্ত সীমার অধিক হলে প্রদেয় ন্যূনতম আয়করের পরিমাণ হবে নিম্নরূপ:

| এলাকা | ন্যূনতম করের হার (টাকা) |
|---|---|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০/- |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০/- |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০/- |

করমুক্ত সীমার উর্ধ্বে আয় আছে এমন করদাতার প্রদেয় আয়করের পরিমাণ বা বিনিয়োগজনিত কর রেয়াত বিবেচনার পর প্রদেয় আয়করের পরিমাণ ন্যূনতম আয়করের চেয়ে কম, শূন্য বা ঋণাত্মক হলেও তাকে প্রযোজ্য হারে ন্যূনতম আয়কর পরিশোধ করতে হবে।

কোন করদাতা স্বল্প উন্নত এলাকা (less developed area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (least developed area) অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হলে এবং উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকলে উক্ত করদাতার সে ক্ষুদ্র বা কুটির শিল্প হতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত প্রযোজ্য হবে:

| | **বিবরণ** | **রেয়াতের হার** |
|---|---|---|
| (১) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বছরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বছরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নয় | উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫% |
| (২) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বছরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বছরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক | উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০% |

## (খ) কোম্পানি ব্যতীত নির্দিষ্ট শ্রেণির করদাতার উপর সর্বোচ্চ করহার

কোম্পানি ব্যতীত নিম্নোক্ত অন্যান্য শ্রেণির করদাতার উপর নিম্নরূপ সর্বোচ্চ হারে আয়কর আরোপিত হবে:

| করদাতার শ্রেণি | করহার |
|---|---|
| (১) কোম্পানি নয়, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এরূপ ব্যক্তি শ্রেণিভুক্ত করদাতার ক্ষেত্রে আয়ের উপর-- | ৩০% |
| (২) কোম্পানি নয়, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক এরূপ করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর -- | ৪৫% |
| (৩) সমবায় সমিতি আইন, ২০০১ অনুযায়ী নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে আয়ের উপর -- | ১৫% |

### (গ) কোম্পানির করহার

কোম্পানি করদাতার জন্য ২০১৬-১৭ কর বছরের প্রযোজ্য করহার ২০১৭-১৮ কর বছরেও বহাল থাকবে। ২০১৭-১৮ কর বছরের জন্য কোম্পানির আয়করের হার (লভ্যাংশ আয় ও মূলধনী আয় ব্যতীত) নিম্নরূপ:

| | কোম্পানির ধরণ | কর হার | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | নন-পাবলিকলি ট্রেডেড কোম্পানি (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয় এমন কোম্পানি) | ৩৫% | |
| (২) | পাবলিকলি ট্রেডেড কোম্পানি (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানি) | ২৫% | শর্ত:যদি এরূপ কোম্পানি যা Publicly traded company নয়, তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offerings (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহলে এরূপ কোম্পানি উক্ত হস্তান্তর সংশ্লিষ্ট বছরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করবে। |
| (৩) | ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠানসমূহ (মার্চেন্ট ব্যাংক ব্যতীত)<br>পাবলিকলি ট্রেডেড হলে<br>নন-পাবলিকলি ট্রেডেড হলে<br>সরকার কর্তৃক ২০১৩ সালে অনুমোদিত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান হলে | <br><br>৪০%<br>৪২.৫%<br>৪০% | |
| (৪) | মার্চেন্ট ব্যাংক | ৩৭.৫% | |
| (৫) | সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী কোম্পানি | ৪৫% | |
| (৬) | মোবাইল ফোন অপারেটর কোম্পানি | ৪৫% | শর্তঃ (১) এরূপ কোন কোম্পানি তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ১০% শেয়ার, যার মধ্যে Pre Initial Public Offering Placement ৫% এর অধিক হবে না; স্টক |

| | কোম্পানির ধরণ | কর হার | মন্তব্য |
|---|---|---|---|
| | | | এক্সচেঞ্জের মাধ্যমে হস্তান্তর করে Publicly traded company তে রূপান্তরিত হলে তার কর হার হবে ৪০%; <br><br> (২) এরূপ কোন কোম্পানি যদি তার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offerings (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহলে হস্তান্তর সংশ্লিষ্ট বছরে প্রযোজ্য আয়কর এর উপর ১০% হারে কর রেয়াত পাবে। |

২০১৭-১৮ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর হারের তফসিল: পরিশিষ্ট ১ দ্রষ্টব্য।

## ২। সারচার্জ

ব্যক্তি-করদাতার ক্ষেত্রে ২০১৬-১৭ কর বছরে প্রযোজ্য সারচার্জের বিধান ও হার ২০১৭-১৮ কর বছরেও বহাল থাকবে।

| নীট পরিসম্পদের মূল্যমান | সারচার্জের হার |
|---|---|
| (১) দুই কোটি পঁচিশ লক্ষ টাকা পর্যন্ত- | শূন্য |
| (২) দুই কোটি পঁচিশ লক্ষ টাকার অধিক কিন্তু পাঁচ কোটি টাকার অধিক নয়- | ১০% |
| (৩) পাঁচ কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নয়- | ১৫% |
| (৪) দশ কোটি টাকার অধিক কিন্তু পনের কোটি টাকার অধিক নয়- | ২০% |
| (৫) পনের কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নয়- | ২৫% |
| (৬) বিশ কোটি টাকার অধিক যে কোন অংকের উপর- | ৩০% |

নীট পরিসম্পদের মূল্যমান দুই কোটি পঁচিশ লক্ষ টাকা অতিক্রম করলে কোন ব্যক্তি-করদাতার প্রদেয় সারচার্জের পরিমাণ ৩,০০০/- টাকার কম হলেও তাকে ন্যূনতম ৩,০০০/- টাকা সারচার্জ পরিশোধ করতে হবে।

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে বিধান করা হয়েছে যে সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ প্রদেয় হবে। ব্যক্তি, কোম্পানি নির্বিশেষে সকল শ্রেণির করদাতার ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে।

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ যে কোন তামাকজাত পণ্য প্রস্তুতকারক কোন ব্যক্তি-করদাতার নীট পরিসম্পদের মূল্যমান দুই কোটি পঁচিশ লক্ষ টাকা অতিক্রম করলে তাকে নীট সম্পদের ভিত্তিতে প্রদেয় সারচার্জ এবং তার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ-উভয়টি পরিশোধ করতে হবে।

সারচার্জের পরিবর্তিত বিধান ২০১৭-১৮ কর বছর থেকে কার্যকর হবে।

উদাহরণ ২-১:
২০১৭-১৮ কর বছরে জনাব সাব্বির চৌধুরীর জর্দা প্রস্তুত ব্যবসায় হতে আয়ের পরিমাণ ছিল ২০,৫০,০০০ টাকা এবং গৃহ-সম্পত্তি খাতে আয় ছিল ৩,২০,০০০ টাকা। ৩০ জুন ২০১৭ তারিখে জনাব চৌধুরীর নীট পরিসম্পদের মূল্যমান ছিল ৩ কোটি টাকা। ২০১৭-১৮ কর বছরে জনাব চৌধুরীর আয়কর ও সারচার্জের পরিমাণ হবে নিম্নরূপ:

(ক) আয়কর:

গৃহ-সম্পত্তি খাতে আয়: ৩,২০,০০০ টাকা
উক্ত আয়ের উপর আয়কর: ৭,০০০ টাকা
জর্দা প্রস্তুত ব্যবসায় হতে আয়: ২০,৫০,০০০ টাকা
উক্ত আয়ের উপর প্রযোজ্য আয়কর: ২০,৫০,০০০ X ৪৫% = ৯,২২,৫০০ টাকা
মোট আয়: ৩,২০,০০০ + ২০,৫০,০০০ = ২৩,৭০,০০০ টাকা
মোট আয়ের উপর প্রযোজ্য আয়কর: ৭,০০০ + ৯,২২,৫০০ = ৯,২৯,৫০০ টাকা।

(খ) সারচার্জ

নীট পরিসম্পদের মূল্যমান ৩ কোটি টাকা হওয়ায় মোট আয়ের উপর প্রযোজ্য আয়করের ১০ শতাংশ সারচার্জ:
৯,২৯,৫০০ X ১০% = ৯২,৯৫০ টাকা
জর্দা প্রস্তুত ব্যবসায় হতে আয়ের উপর ২.৫ শতাংশ সারচার্জ:
২০,৫০,০০০ X ২.৫% = ৫১,২৫০ টাকা
মোট সারচার্জ: (৯২,৯৫০ + ৫১,২৫০) টাকা = ১,৪৪,২০০ টাকা।

উদাহরণ ২-২:

২০১৭-১৮ কর বছরে এবিসি টোব্যাকো কোম্পানি লিমিটেড এর সিগারেট প্রস্তুত ব্যবসায় হতে আয়ের পরিমাণ ছিল ১,১২,৫০,০০০ টাকা। ২০১৭-১৮ কর বছরে বর্ণিত করদাতা কোম্পানির আয়কর ও সারচার্জের পরিমাণ হবে নিম্নরূপ:

(ক) আয়কর:

সিগারেট প্রস্তুত ব্যবসায় হতে আয়: ১,১২,৫০,০০০ টাকা

উক্ত আয়ের উপর আয়কর: ১,১২,৫০,০০০ x ৪৫% = ৫০,৬২,৫০০ টাকা।

(খ) সারচার্জ

সিগারেট প্রস্তুত ব্যবসায় হতে আয়ের উপর ২.৫ শতাংশ সারচার্জ:

১,১২,৫০,০০০ x ২.৫% = ২,৮১,২৫০ টাকা।

## ৩। আয়কর অধ্যাদেশের ধারা 2 এর সংশোধন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 2 তে আনীত সংশোধনীসমূহ নিম্নরূপ:

### (ক) কোন mutual fund বা alternative investment fund এর আয়ের বন্টনকে ডিভিডেন্ড এর সংজ্ঞাভুক্ত করা: ক্লজ (26) এর সংশোধন

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 2 এর ক্লজ (26) এর dividend এর সংজ্ঞাটি অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী কোন mutual fund বা alternative investment fund এর আয়ের যে অংশ বন্টিত হবে তা প্রাপকের হাতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 2 এর ক্লজ (26) এর আওতায় ডিভিডেন্ড হিসেবে গণ্য হবে।

এ বিধান ২০১৭-১৮ কর বছর থেকে কার্যকর হবে।

### (খ) সাবসিডিয়ারি, ব্রাঞ্চ বা লিয়াজোঁ অফিসের income year: ক্লজ (35) এর সংশোধন

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 2 এর ক্লজ (35) তে income year এর সংজ্ঞাটি অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী বাংলাদেশের বাইরে নিবন্ধিত কোন parent কোম্পানির সাবসিডিয়ারির

কোন সাবসিডিয়ারি বা উক্তরূপ parent কোম্পানির কোন ব্রাঞ্চ বা লিয়াজোঁ অফিস (যে নামেই অভিহিত হোক না কেন) কে যদি parent কোম্পানির হিসাবের সাথে সমন্বিত হিসাব প্রণয়নের স্বার্থে ধারা 2 এর ক্লজ (35) তে উল্লিখিত হিসাব বছর অপেক্ষা ভিন্ন কোন হিসাব বছর অনুসরণ করতে হয়, তাহলে উপ কর কমিশনার সে সাবসিডিয়ারি, ব্রাঞ্চ বা লিয়াজোঁ অফিসকে উক্ত ভিন্ন হিসাব বছর অনুসরণের অনুমতি প্রদান করবেন।

পরিবর্তিত বিধান ২০১৭-১৮ কর বছর থেকে কার্যকর হবে।

**(গ) কোম্পানি করদাতার রিটার্ন দাখিল সংক্রান্ত বিধান পরিবর্তন: ক্লজ (62A) এর সংশোধন**

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে Tax Day এর সংজ্ঞা সংশোধন করে কোম্পানি করদাতার রিটার্ন দাখিলের তারিখ সংক্রান্ত বিধানে পরিবর্তন আনা হয়েছে। পরিবর্তিত বিধান অনুযায়ী, কোম্পানি করদাতার জন্য রিটার্ন দাখিলের শেষ তারিখ হবে আয় বছর শেষ হওয়ার সপ্তম মাসের পঞ্চদশ দিন। তবে কোম্পানি করদাতার ক্ষেত্রে Tax Day সংশ্লিষ্ট কর বছরের ১৫ সেপ্টেম্বর তারিখের আগে হবে না। অর্থাৎ কোন কোম্পানি করদাতার আয় বছর শেষ হওয়ার সপ্তম মাসের পঞ্চদশ দিনটি সংশ্লিষ্ট কর বছরের ১৫ সেপ্টেম্বর তারিখের আগে হলে ঐ করদাতার জন্য Tax Day হবে ১৫ সেপ্টেম্বর।

উদাহরণ ৩-১

কোম্পানি করদাতার আয় বছর ও Tax Day এর কয়েকটি উদাহরণ:

| **আয় বছর সমাপ্তির তারিখ** | **কর বছর** | **Tax Day** |
|---|---|---|
| ৩০ নভেম্বর ২০১৬ | ২০১৭-১৮ | ১৫ সেপ্টেম্বর ২০১৭ |
| ৩১ ডিসেম্বর ২০১৬ | ২০১৭-১৮ | ১৫ সেপ্টেম্বর ২০১৭ |
| ৩১ মার্চ ২০১৭ | ২০১৭-১৮ | ১৫ অক্টোবর ২০১৭ |
| ৩০ এপ্রিল ২০১৭ | ২০১৭-১৮ | ১৫ নভেম্বর ২০১৭ |
| ৩০ জুন ২০১৭ | ২০১৭-১৮ | ১৫ জানুয়ারি ২০১৮ |

কোম্পানি করদাতার Tax Day সংক্রান্ত পরিবর্তিত বিধান ২০১৭-১৮ কর বছর থেকে কার্যকর হবে।

## ৪। আয়কর অধ্যাদেশের ধারা 19 এর সংশোধন

### (ক) পিতা-মাতা বা spouse এর নিকট থেকে দান বা ঋণ গ্রহণ: উপধারা (28) এর বিধান সংশোধন

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 19 এর উপধারা (28) এর বিধান অনুযায়ী কোন কর বছরে এক বা একাধিক ব্যক্তির নিকট হতে নগদে গৃহীত ঋণ বা দানের পরিমাণ ৫ লক্ষ টাকার বেশি হলে সমুদয় ঋণ বা দান গ্রহীতার অন্যান্য সূত্রের আয় হিসেবে গণ্য হয়। অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 19 এর উপধারা (28) এর পর একটি নতুন প্রোভাইসো সংযোজন করা হয়েছে। নতুন প্রোভাইসোর বিধান মোতাবেক (ক) স্বামী কর্তৃক স্ত্রীর নিকট হতে, (খ) স্ত্রী কর্তৃক স্বামীর নিকট হতে, এবং (গ) সন্তান কর্তৃক পিতা-মাতার নিকট হতে ঋণ বা দান গ্রহণে যদি ব্যাংকিং বা আনুষ্ঠানিক মাধ্যম জড়িত থাকে তাহলে উক্ত ঋণ বা দানের ক্ষেত্রে ধারা 19 এর উপধারা (28) এর বিধান প্রযোজ্য হবে না।

ব্যাংকিং মাধ্যম (banking channel) জড়িত থাকা বলতে বুঝাবে প্রদানকারী ও গ্রহণকারীর মধ্যে কমপক্ষে যে কোন একজনের ব্যাংক হিসাবে দান বা ঋণ প্রদান/গ্রহণের প্রমাণ থাকবে।

উদাহরণ ৪-১

জনাব আরিফ আহমেদ তার আয়কর রিটার্নে প্রদর্শিত টাকায় ২০১৭ সালের এপ্রিল মাসে স্ত্রীর নামে ১০ লক্ষ টাকার এফডিআর হিসাব খুলেছেন। মিসেস আরিফ তার ২০১৭-১৮ কর বছরের জন্য দাখিলকৃত সম্পদ বিবরণীতে এফডিআরে বিনিয়োগকে সম্পদ হিসেবে ও এর উৎস হিসেবে স্বামীর নিকট হতে দান প্রাপ্তি প্রদর্শন করেছেন এবং এর সপক্ষে প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করেছেন।

এক্ষেত্রে এফডিআরে বিনিয়োগের অর্থ জনাব আরিফের নিকট হতে নগদে পরিশোধ করা হয়েছে। ফলে এটি একটি নগদ দান। উক্ত দান জনাব আরিফ ও মিসেস আরিফ - উভয়ের ব্যাংক হিসাবে প্রতিফলিত না হলেও দানের অর্থে সরাসরি মিসেস আরিফের নামে ব্যাংকে এফডিআর হিসাব খোলা হয়েছে বিধায় এ ক্ষেত্রে ব্যাংকিং মাধ্যম জড়িত বলে বিবেচিত হবে। তাই, মিসেস আরিফের এ দান গ্রহণের ক্ষেত্রে ধারা 19 এর উপধারা (28) এর বিধান প্রযোজ্য হবে না।

উদাহরণ ৪-২

মিজ্ নায়লা চৌধুরী তার স্বামীকে ঋণ প্রদান বাবদ তার স্বামীর ব্যাংক হিসাবে ১০ লক্ষ টাকা জমা করেছেন। মিজ্ চৌধুরী ও তার স্বামীর আয়কর নথিতে বিষয়টির প্রতিফলন আছে এবং ঋণের সপক্ষে প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত/দাখিল করা হয়েছে।

এ ঋণ প্রদানে ব্যাংকিং মাধ্যম জড়িত বিধায় এ ক্ষেত্রে ধারা 19 এর উপধারা (28) এর বিধান প্রযোজ্য হবে না।

নগদ দান বা ঋণ এর ক্ষেত্রে আনুষ্ঠানিক মাধ্যম (formal channel) জড়িত বলতে বুঝাবে দান বা ঋণদাতার নগদ অর্থ সরাসরি দান/ঋণগ্রহীতার নামে কোন আনুষ্ঠানিক (formal) সম্পদ অর্জনে ব্যবহৃত হয়েছে। এক্ষেত্রে নগদ দান/ঋণের অর্থ কোন্ সম্পদ অর্জনে ব্যবহৃত হয়েছে তাও সুনির্দিষ্ট থাকতে হবে। কেবল অংগীকারনামা বা নোটারি পাবলিকের মাধ্যমে ঘোষণা দিয়ে দাতা ও গ্রহীতার সম্পদ বিবরণীতে উক্ত অর্থের প্রতিফলন থাকাটা যথেষ্ট বলে বিবেচিত হবেনা। উদাহরণস্বরূপ, নগদ দান গ্রহণ করে তা নগদ তহবিল হিসেবে দান গ্রহীতার সম্পদ বিবরণীতে প্রদর্শন করা হলে উক্ত দানের ক্ষেত্রে আনুষ্ঠানিক মাধ্যম জড়িত নয় বলে বিবেচিত হবে এবং দানটির ক্ষেত্রে ধারা 19 এর উপধারা (28) এর বিধান প্রযোজ্য হবে।

উদাহরণ ৪-৩

করদাতা জনাব সাব্বির হায়দার খান ২০১৭-১৮ কর বছরে তার সম্পদ পরিবৃদ্ধির উৎস হিসেবে পিতার নিকট হতে ৩০ লক্ষ টাকা নগদ দান প্রাপ্তি প্রদর্শন করেছেন, যা করদাতা ও তার পিতা উভয়ের কর নথিতে প্রদর্শিত আছে। করদাতার পিতা দানের সপক্ষে একটি হলফনামাও প্রদান করেছেন।

এক্ষেত্রে নগদ দানের অর্থ কোন সুনির্দিষ্ট দৃশ্যমান আনুষ্ঠানিক সম্পদ অর্জনে ব্যবহৃত হয়েছে মর্মে প্রমাণ উপস্থাপিত হয়নি, বরং সম্পদ বিবরণী বিশ্লেষণের ফলশ্রুতিতে সৃষ্ট তহবিল ঘাটতির উৎস হিসেবে নগদ দান প্রদর্শিত হয়েছে। তাই উক্ত দানে আনুষ্ঠানিক মাধ্যম (formal channel) জড়িত নয় বলে বিবেচিত হবে এবং এ ক্ষেত্রে ধারা 19 এর উপধারা (28) এর বিধান প্রযোজ্য হবে।

উদাহরণ ৪-৪

একজন করদাতা তার পেনশনের টাকা থেকে ছেলের নামে ২০ লক্ষ টাকার সঞ্চয়পত্র ক্রয় করেছেন, যা দালিলিক প্রমাণসহ ছেলের আয়কর নথিতে প্রদর্শন করা হয়েছে। এক্ষেত্রে নগদ দানের অর্থ ব্যবহার করে সঞ্চয়পত্র ক্রয় করা হয়েছে, যা একটি দৃশ্যমান আনুষ্ঠানিক সম্পদ। ফলে উক্ত দানে আনুষ্ঠানিক মাধ্যম (formal channel) জড়িত বলে বিবেচিত হবে এবং এ ক্ষেত্রে ধারা 19 এর উপধারা (28) এর বিধান প্রযোজ্য হবে না।

উদাহরণ ৪-৫

করদাতা জনাব বজলুল হায়দার ২০১৭-১৮ কর বছরে একটি এপার্টমেন্ট ক্রয়ে ৮০ লক্ষ টাকা বিনিয়োগ প্রদর্শন করেন, যার মধ্যে ৫০ লক্ষ টাকা করদাতার মায়ের নামে পরিচালিত এফডিআর (যা ২০১৬-১৭ কর বছরে করদাতার মায়ের আয়কর নথিতে প্রদর্শিত) নগদায়নপূর্বক সরাসরি ডেভেলোপারকে পরিশোধ করা হয়েছে। করদাতা ও তার মায়ের নথিতে ৫০ লক্ষ টাকা নগদ দান হিসেবে প্রদর্শন করা হয়েছে। এপার্টমেন্ট ক্রয় এবং এফডিআর নগদায়নের প্রমাণও করদাতার নথিতে প্রদর্শন করা হয়েছে।

এক্ষেত্রে নগদ দানের অর্থ দৃশ্যমান আনুষ্ঠানিক সম্পদ অর্জনে ব্যবহৃত হয়েছে। ফলে উক্ত দানে আনুষ্ঠানিক মাধ্যম (formal channel) জড়িত বলে বিবেচিত হবে এবং এ ক্ষেত্রে ধারা 19 এর উপধারা (28) এর বিধান প্রযোজ্য হবে না।

উল্লেখ্য, ধারা 19 এর উপধারা (28) এর বিধানের প্রযোজ্যতা এবং দান/ঋণের যাচাইযোগ্যতা (verifiability) দুটি আলাদা বিষয়। কোন নগদ ঋণ বা দানের ক্ষেত্রে ধারা 19 এর উপধারা (28) এর বিধানের প্রযোজ্যতা না থাকলেও সে ঋণ মেনে নেয়ার ক্ষেত্রে উপ কর কমিশনার দান বা ঋণ প্রদানকারীর সামর্থ্যসহ সংশ্লিষ্ট বিষয়াদি যথারীতি পরীক্ষা করে দেখতে পারবেন।

ধরা যাক, একজন করদাতা তার সম্পদ বিবরণীতে পিতার নিকট হতে ১০ লক্ষ টাকা নগদ দান গ্রহণ প্রদর্শন করেছেন যাতে ব্যাংকিং বা আনুষ্ঠানিক (formal) মাধ্যম জড়িত নেই। এক্ষেত্রে যদি দানের বিষয়টি করদাতার পিতার আয়কর নথির তথ্য, সামর্থ্য বা অন্য কোন সূত্রে যাচাইযোগ্যও হয় তবু উক্ত দান ধারা 19 এর উপধারা (28) এর বিধান অনুযায়ী করদাতার অন্যান্য সূত্রের আয় হিসেবে গণ্য হবে।

অপরদিকে ধরা যাক, একজন করদাতার পিতা নিজের টাকায় সরাসরি ব্যাংকে করদাতার নামে ৫০ লক্ষ টাকার এফডিআর হিসাব খুলেছেন, যা করদাতা তার সংশ্লিষ্ট কর বছরে পিতার নিকট হতে দান প্রাপ্তি হিসেবে প্রদর্শন করেছেন। এ ক্ষেত্রে উক্ত দানে ব্যাংকিং মাধ্যম জড়িত বিধায় ধারা 19 এর উপধারা (28) এর প্রযোজ্যতা থাকবেনা। তবে উপ কর কমিশনার এফডিআরে বিনিয়োগের উৎস হিসেবে দান মেনে নেয়ার ক্ষেত্রে পিতার সামর্থ্যসহ সংশ্লিষ্ট বিষয়াদি পরীক্ষা করে দেখতে পারবেন।

পরিবর্তিত এ বিধান ২০১৭-১৮ কর বছর থেকে কার্যকর হবে।

**(খ) সংশোধিত রিটার্ন (revised return) বা ভুল-সংশোধনী রিটার্ন (amended return) এ করমুক্ত আয় বা হ্রাসকৃত হারে করযোগ্য আয় প্রদর্শন: উপধারা (31) এর বিধান সংশোধন**

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 19 এর উপধারা (31) প্রতিস্থাপন করা হয়েছে। নতুন বিধান অনুযায়ী, যদি কোন কর বছরে কোন করদাতার ধারা 78, 82BB বা 93 এর আওতায় দাখিলকৃত কোন সংশোধিত রিটার্ন (revised return) বা ভুল-সংশোধনী রিটার্ন (amended return)-এ করমুক্ত আয় বা হ্রাসকৃত হারে করযোগ্য আয় প্রদর্শন করা হয় তাহলে উক্তরূপ রিটার্নে মূল রিটার্ন অপেক্ষা যে পরিমাণ অতিরিক্ত করমুক্ত আয় বা হ্রাসকৃত হারে করযোগ্য আয় প্রদর্শন করা হবে তা ঐ কর বছরে করদাতার অন্যান্য সূত্রের আয় হিসাবে গণ্য হবে।

আগে রিটার্ন দাখিল করা হয়েছে এরূপ কোন কর বছরের কর মামলা ধারা 93 অনুযায়ী পুনঃউন্মোচিত হওয়ার প্রেক্ষিতে করদাতা ঐ কর বছরের জন্য ধারা 93 অনুসারে রিটার্ন দাখিল করলে রিটার্নটি এ উপধারার উদ্দেশ্যকল্পে সংশোধিত রিটার্ন (revised return) বলে গণ্য হবে।

উদাহরণ ৪-৬
মিজ্ তাহসিনা আমিন ২০১৭-১৮ কর বছরে ব্যবসায় খাতে ৫,০০,০০০ টাকা আয় প্রদর্শন করে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করেছেন। পরবর্তীতে করদাতা আরো ৭,০০,০০০ টাকা করমুক্ত আয় প্রদর্শন করে একটি ভুল-সংশোধনী রিটার্ন (amended return) দাখিল করেন। এক্ষেত্রে ৭,০০,০০০ টাকা ২০১৭-১৮ কর বছরে করদাতার অন্যান্য সূত্রের আয় হিসেবে বিবেচিত হবে এবং সে অনুযায়ী কর নিরূপিত হবে।

উদাহরণ ৪-৭
জনাব মারুফ হাসান ২০১৬-১৭ কর বছরে গৃহসম্পত্তি খাতে ৫,০০,০০০ টাকা আয় এবং মৎস্য চাষ হতে ৪,০০,০০০ টাকা করমুক্ত আয় প্রদর্শন করে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করেন। পরবর্তীতে করদাতার কর মামলাটি অডিটের জন্য নির্বাচিত হলে করদাতা সংশোধিত রিটার্ন (revised return) দাখিল করেন, যেখানে মৎস্য চাষ হতে আয় প্রদর্শন করা হয় ১২,০০,০০০ টাকা। অর্থাৎ সংশোধিত রিটার্নে মূল রিটার্ন অপেক্ষা (১২,০০,০০০ - ৪,০০,০০০) = ৮,০০,০০০ টাকা অতিরিক্ত করমুক্ত ও হ্রাসকৃত হারে করযোগ্য আয় প্রদর্শন করা হয়েছে। উক্ত ৮,০০,০০০ টাকা ২০১৬-১৭ কর বছরে করদাতার অন্যান্য সূত্রের আয় হিসেবে বিবেচিত হবে এবং সে অনুযায়ী কর নিরূপিত হবে।

উদাহরণ ৪-৮
জনাব গোপাল শর্মা ২০১৫-১৬ কর বছরে বেতন খাতে ৫,০০,০০০ টাকা আয় প্রদর্শন করে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করেন। পরবর্তীতে এফডিআরে বিনিয়োগ গোপণের কারণে কর মামলাটি ধারা 93 অনুযায়ী পুনঃউন্মোচিত হলে করদাতা ১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখে ধারা 93(1) অনুযায়ী রিটার্ন দাখিল করেন যেখানে ১০,০০,০০০ টাকা করমুক্ত আয় প্রদর্শন করা হয়। এক্ষেত্রে ১০,০০,০০০ টাকা ২০১৫-১৬ কর বছরে করদাতার অন্যান্য সূত্রের আয় হিসেবে বিবেচিত হবে এবং সে অনুযায়ী কর নিরূপিত হবে।

পরিবর্তিত এ বিধান ১ জুলাই ২০১৭ বা তার পরবর্তী কোন তারিখে দাখিলকৃত সংশোধিত রিটার্ন ও ভুল-সংশোধনী রিটার্নের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**৫। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30 এর সংশোধন**

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30 তে কয়েকটি বিষয়ে সংশোধনী আনা হয়েছে, যা নিম্নে উপস্থাপিত হলো:

## (ক) কোন employee এর বেতন-ভাতাদি বাবদ খরচ অনুমোদনে রিটার্ন দাখিলের তথ্য যাচাই: নতুন ক্লজ (aaaa) এর সন্নিবেশ

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30তে নতুন একটি ক্লজ (aaaa) সন্নিবেশ করা হয়েছে। সন্নিবেশিত বিধান মোতাবেক ব্যবসা বা পেশা আয় নিরূপণে কোন করদাতার দাবীকৃত বেতনাদি খরচ অনুমোদনের ক্ষেত্রে উপ কর কমিশনার অন্যান্য বিষয়াদির সাথে আরো পরীক্ষা করে দেখবেন যে নিয়োগ সংশ্লিষ্টতার সূত্রে আয়কর রিটার্ন দাখিলে বাধ্য কোন বেতনভোগী কর্মী (employee) সময়মতো রিটার্ন দাখিল করেছেন কি-না।

একজন নিয়োগকর্তার কাছে বেতনভোগী কর্মীর আয়ের সকল তথ্য থাকে না। এ ক্ষেত্রে নিয়োগ সংশ্লিষ্টতার সূত্রে একজন বেতনভোগী কর্মীর যে সকল তথ্য নিয়োগকর্তার অধিকারে থাকে তার ভিত্তিতে কোন কর বছরে বেতনভোগী কর্মী (employee) এর রিটার্ন দাখিলের বাধ্যবাধকতার বিষয়ে নিয়োগকর্তা সিদ্ধান্ত গ্রহণ করবেন। তথ্যগুলো সাধারণভাবে নিম্নরূপ:

(ক) নিয়োগকর্তা কর্তৃক বেতনভোগী কর্মীকে পরিশোধিত বেতন-ভাতাদি আয়ের সূত্রে বা নিয়োগকর্তার লেনদেনের সম্পর্কের সূত্রে কোন কর্মীর আয় করমুক্ত সীমার বেশি হয় কি-না;
(খ) বেতনভোগী কর্মী নির্বাহী বা ব্যবস্থাপনা পদে (যে নামেই অভিহিত হোক না কেন) নিয়োজিত কি-না;

(গ) বেতনভোগী কর্মী shareholder-employee কি-না;

(ঘ) বেতনভোগী কর্মী নিয়োগকর্তার অর্থায়নে (ঋণ, অগ্রিম ইতাদিসহ) ব্যক্তিগত মোটরগাড়ির মালিক হয়েছেন কি-না;

(ঙ) বেতনভোগী কর্মী কোন পেশাগত সমিতির সদস্য কি-না, ইত্যাদি।

নিয়োগ সংশ্লিষ্টতার সূত্রে আয়কর রিটার্ন দাখিলে বাধ্য কোন বেতনভোগী কর্মী ধারা 75 এ উল্লিখিত নির্ধারিত সময় বা মঞ্জুরকৃত বর্ধিত সময়সীমার মধ্যে আয়কর রিটার্ন দাখিলে ব্যর্থ হলে উক্ত বেতনভোগী কর্মীকে পরিশোধিত বেতন ভাতাদি ব্যবসায় বা পেশা খাতের আয় নিরূপণে অনুমোদনযোগ্য খরচ বলে বিবেচিত হবে না।

উদাহরণ ৫-১

মিজ্ সুকণ্যা চৌধুরী একটি এনজিওতে রিসার্চ এসোসিয়েট পদে নিয়োজিত। ২০১৬-১৭ আয় বছরে (অর্থাৎ ১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত সময়ে) তার প্রাপ্ত বেতন-ভাতা করমুক্ত সীমার নীচে। মিজ্ চৌধুরীর পদের নাম যা-ই হোক, তিনি একটি নির্বাহী পদে নিয়োজিত। ফলে তার জন্য ২০১৭-১৮ কর বছরের রিটার্ন দাখিল বাধ্যতামূলক।

উদাহরণ ৫-২

জনাব তাসনিম শাওন একটি কোম্পানির shareholder-employee। ৩০ জুন ২০১৭ তারিখে সমাপ্ত আয় বছরে তিনি কোন বেতন-ভাতা গ্রহণ করেননি। জনাব শাওনের জন্য ২০১৭-১৮ কর বছরের রিটার্ন দাখিল বাধ্যতামূলক।

উদাহরণ ৫-৩

জনাব রিগ্যান চৌধুরী ১ নভেম্বর ২০১৬ তারিখে একটি ক্লিনিকে ডাক্তার হিসেবে যোগদান করেছেন। একজন ডাক্তারের জন্য পেশাগত কাউন্সিলের নিবন্ধিত সদস্য হওয়া ও সেসূত্রে আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক বিধায় জনাব চৌধুরীর জন্য ২০১৭-১৮ কর বছরের রিটার্ন দাখিল বাধ্যতামূলক।

যেহেতু ব্যক্তি শ্রেণির করদাতার জন্য রিটার্ন দাখিলের শেষ তারিখ ৩০ নভেম্বর, তাই উপরের উদাহরণে বর্ণিত কোন বেতনভোগী কর্মীকে ডিসেম্বর, ২০১৭ মাসের বেতনভাতাদি পরিশোধের সময় নিয়োগকর্তা পরীক্ষা করে দেখবেন যে বর্ণিত বেতনভোগী কর্মী আয়কর রিটার্ন দাখিল করেছেন কি-না বা বর্ধিত সময় পেয়েছেন কি-না। কোন বেতনভোগী কর্মী ধারা 75 এ উল্লিখিত নির্ধারিত সময় বা মঞ্জুরকৃত বর্ধিত সময়সীমার মধ্যে আয়কর রিটার্ন দাখিলে ব্যর্থ হলে উক্ত বেতনভোগী কর্মীকে ডিসেম্বর ও তার পরের মাসসমূহের পরিশোধিত বেতন ভাতাদি নিয়োগকর্তার সংশ্লিষ্ট আয় বছরের ব্যবসায় বা পেশা খাতের আয় নিরূপণে অনুমোদনযোগ্য খরচ বলে বিবেচিত হবে না।

উদাহরণ ৫-৪

জনাব সাব্বির হাসান আলফা কোম্পানির একজন সেলস এক্সিকিউটিভ। যেহেতু জনাব হাসান একটি নির্বাহী পদে নিয়োজিত, তাই তার জন্য ২০১৭-১৮ কর বছরের রিটার্ন দাখিল বাধ্যতামূলক। কিন্তু জনাব হাসান ২০১৭-১৮ কর বছরের জন্য আয়কর রিটার্ন দাখিল করেননি। ২০১৭-১৮ আয় বছরে আলফা কোম্পানি জনাব সাব্বির হাসানকে বেতনভাতা বাবদ মোট ৩০,০০,০০০ টাকা পরিশোধ করেছে, যার মধ্যে ডিসেম্বর ২০১৭ হতে জুন ২০১৮ সময়ে পরিশোধিত বেতনভাতার পরিমাণ ১৮,০০,০০০ টাকা।

আলফা কোম্পানির ব্যবসায় খাতের আয় নিরূপণে উক্ত ১৮,০০,০০০ টাকা অনুমোদনযোগ্য খরচ হিসেবে বিবেচিত হবে না।

১ ডিসেম্বর ২০১৭ তারিখ থেকে পরিশোধকৃত বা পরিশোধযোগ্য বেতনভাতাদির ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে।

### (খ) সরকারকে বিশেষ সার্ভিস প্রদানের কাজে বিদেশ ভ্রমণ ভাতা সংক্রান্ত খরচ অনুমোদনের সীমা শিথিলকরণ - ক্লজ (k) এর বিধান সংশোধন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30 এর বিদ্যমান ক্লজ (k) এর পর একটি নতুন প্রোভাইসো সংযোজন করা হয়েছে। নতুন প্রোভাইসোর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারকে সরাসরি সেবা প্রদান ব্যবসায় বা পেশায় জড়িত কোন করদাতার ক্ষেত্রে বিদেশ ভ্রমণ যদি উক্ত সেবা প্রদানের অত্যাবশ্যকীয় উপাদান হয় তাহলে উক্ত করদাতার বর্ণিত বিদেশ ভ্রমণ ব্যয় অনুমোদনের ক্ষেত্রে ধারা 30 এর ক্লজ (k) তে বর্ণিত সীমা প্রযোজ্য হবেনা।

উক্ত ধারার সুবিধা গ্রহণের জন্য নিম্নোক্ত শর্তসমূহ পূরণ হতে হবে-

(১) বাংলাদেশ সরকারকে সরাসরি সেবা প্রদান এবং সেবার বিনিময়ে সরকারী কোষাগার হতে অর্থ গ্রহণ; এবং

(২) সেবাটি বিশেষ প্রকৃতির, যেখানে বিদেশ ভ্রমণ উক্ত সেবা প্রদানের অত্যাবশ্যকীয় উপাদান (অর্থাৎ বিদেশ ভ্রমণ ব্যতীত উক্ত সেবা প্রদান সম্ভব নয়)।

পরিবর্তিত বিধান ২০১৭-১৮ কর বছর থেকে কার্যকর হবে।

### (গ) খরচ অনুমোদনে নির্দিষ্ট কয়েকটি ক্ষেত্রে ১২-ডিজিট টিআইএন যাচাই: নতুন ক্লজ (o) এর সন্নিবেশ

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 30 তে নতুন একটি ক্লজ (o) সন্নিবেশ করা হয়েছে। সন্নিবেশিত বিধান মোতাবেক, ধারা 184A

এর sub-section (3) এর ক্লজ (xxviii), (xxix) এবং (xxx) অনুযায়ী ১২-ডিজিট টিআইএন গ্রহণ বাধ্যতামূলক এরূপ কোন person কে কোন অর্থ পরিশোধের সময় যদি উক্ত person এর ১২-ডিজিট টিআইএন না থাকে তাহলে পরিশোধিত অর্থ ব্যবসায় বা পেশা খাতের আয় নিরূপণে অনুমোদনযোগ্য খরচ বলে বিবেচিত হবে না।

ধারা 184A এর sub-section (3) এর ক্লজ (xxviii), (xxix) এবং (xxx) অনুযায়ী যে সব person এর ১২-ডিজিট টিআইএন গ্রহণ বাধ্যতামূলক তা হলো:

(১) কোন কোম্পানির এজেন্ট বা পরিবেশক (যে নামেই অভিহিত হোক);

(২) মোবাইল ব্যাংকিং বা অন্য কোন ইলেকট্রনিক মাধ্যমে অর্থ স্থানান্তর/ হস্তান্তর করে অথবা মোবাইল ফোনের একাউন্ট রিচার্জ করে কমিশন, ফি বা অন্য কোন নামে অর্থ প্রাপ্ত বা প্রাপ্য হন এমন কোন person;

(৩) কোন advisory বা consultancy সেবা, ক্যাটারিং সেবা, ইভেন্ট ম্যানেজমেন্ট সেবা, জনশক্তি সরবরাহ বা নিরাপত্তা সেবা সরবরাহের বিপরীতে কোন কোম্পানি হতে অর্থ প্রাপ্ত বা প্রাপ্য হন এমন কোন নিবাসী person।

বর্ণিত কোন খাতে ১ জুলাই ২০১৭ তারিখ হতে কোন অর্থ পরিশোধের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে।

**৬। আয়কর অধ্যাদেশের ধারা 52 এর সংশোধন এবং বিধি 16 এর প্রতিস্থাপন**

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52 এর proviso টি প্রতিস্থাপিত হয়েছে। নতুন বিধান অনুযায়ী,

(ক) Payment এর সময় পরিশোধের দায়িত্বে থাকা ব্যক্তি (the person responsible for making the payment) যাচাই করে দেখবেন যে প্রাপক ১২-ডিজিট টিআইএনধারী কি-না। যদি প্রাপক ১২-ডিজিট টিআইএনধারী না হন তাহলে উৎস করের হার নির্ধারিত হার অপেক্ষা ৫০ শতাংশ বেশি হবে।

(খ) cost of sales-এর অংশ হয় এরূপ কোন direct materials ট্রেডিং কোম্পানি কর্তৃক ক্রয়ের ক্ষেত্রে, অথবা cost of goods sold-এর অংশ হয় এরূপ কোন direct materials ম্যানুফ্যাকচারিং কোম্পানি কর্তৃক ক্রয়ের ক্ষেত্রে

ধারা 52 এর sub-section (1) এর ক্লজ (b) এর আওতায় উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে না।

এ proviso এর আওতায় উৎস কর কর্তন হতে অব্যাহতির ক্ষেত্রটি নির্দিষ্ট ও সীমিত।

এখানে, ট্রেডিং কোম্পানি বলতে বুঝাবে যে সকল কোম্পানি finished goods ক্রয় করে তা অপরিবর্তিত অবস্থায় বাণিজ্যিকভাবে বাজারে বিক্রয় করে।

ম্যানুফ্যাকচারিং কোম্পানি বলতে বুঝাবে বাজারে বাণিজ্যিকভাবে বিক্রয়ের উদ্দেশ্যে যে সকল কোম্পানি কাঁচামালকে সম্পূর্ণ রূপান্তরের মাধ্যমে finished goods উৎপাদন করে।

কোন indirect materials ক্রয় অথবা ওভারহেড সংশ্লিষ্ট ক্রয়ের ক্ষেত্রে (তা cost of sales বা cost of goods sold এর অন্তর্ভুক্ত হলেও) এ proviso এর বিধান প্রযোজ্য হবে না।

সেবা প্রদান প্রকৃতির কাজের ক্ষেত্রে এ proviso এর বিধান প্রযোজ্য হবে না। কোন নির্মাণ কাজ, প্রকৌশল কাজসহ অনুরূপ প্রকৃতির কাজ সেবা হিসেবে বিবেচিত বিধায় এসব ক্ষেত্রে এ proviso এর বিধান প্রযোজ্য হবে না । কোনরূপ পরিশোধন বা প্রক্রিয়াকরণ কাজ সম্পূর্ণ ম্যানুফ্যাকচারিং কাজ নয় বিধায় এসব ক্ষেত্রেও এ proviso এর বিধান প্রযোজ্য হবে না।

এছাড়া কোন চুক্তি সম্পাদনের নিমিত্ত কন্ট্রাক্টরকে বা সাব-কন্ট্রাক্টরকে পণ্য বা সামগ্রী সরবরাহ করা হলে তা চুক্তি সম্পাদনের অংশ বলে বিবেচিত হয় বিধায় সেক্ষেত্রেও এ proviso এর বিধান প্রযোজ্য হবে না।

উদাহরণ ৬-১
একটি নির্মাণ কোম্পানি সরকারের একটি আবাসিক কমপ্লেক্স নির্মাণের কাজ পায়। উক্ত কাজ সম্পাদনের জন্য নির্মাণ কোম্পানিটি চুক্তির আওতায় একজন সরবরাহকারীর নিকট হতে ২০,০০০ ব্যাগ সিমেন্ট ক্রয় করে। এ সিমেন্টের মূল্য পরিশোধের ক্ষেত্রে উৎস কর প্রযোজ্য হবে।

উদাহরণ ৬-২

শরীফ সাপ্লাইজ লিঃ একটি কোম্পানিকে ২০০০ পিস ইউনিফরম সরবরাহের জন্য চুক্তিবদ্ধ হয়েছে। উক্ত সরবরাহ চুক্তি সম্পাদনের জন্য শরীফ সাপ্লাইজ লিঃ জনাব আসাদের নিকট থেকে ১২০০ পিস এবং মেসার্স রানা এন্টারপ্রাইজের নিকট থেকে ৮০০ পিস ইউনিফরম ক্রয় করেছে। যেহেতু এক্ষেত্রে শরীফ সাপ্লাইজ লিঃ একজন কন্ট্রাক্টর হিসেবে কাজ (function) করছে, তাই শরীফ সাপ্লাইজ লিঃ এর নিকট জনাব আসাদ এবং মেসার্স রানা এন্টারপ্রাইজের পণ্য সরবরাহের কাজটি চুক্তি সম্পাদনের অংশ বলে বিবেচিত হবে এবং শরীফ সাপ্লাইজ লিঃ এর নিকট এরূপ সরবরাহের ক্ষেত্রে উৎস কর প্রযোজ্য হবে।

(গ) আমদানি পর্যায়ে ধারা 53 অনুযায়ী উৎস আয়কর পরিশোধ করা হয়েছে এরূপ কোন পণ্য ঐ আমদানিকারক কর্তৃক সরবরাহ করা হলে উক্ত সরবরাহের উপর ধারা 52 এর sub-section (1) এর ক্লজ (b) এর আওতায় উৎস আয়করের পরিমাণ হবে B-A, যেখানে,

A= আমদানি পর্যায়ে ধারা 53 অনুযায়ী উৎসে পরিশোধিত আয়করের পরিমাণ;

B= আমদানি পর্যায়ে উৎসে আয়কর পরিশোধ না হলে সরবরাহ পর্যায়ে যে উৎস আয়কর প্রযোজ্য হতো সে অংক (অর্থাৎ বিধি 16 অনুযায়ী সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য উৎস আয়কর)।

এ proviso এর (c) এর বিধানটি কেবল সে সব ক্ষেত্রে প্রযোজ্য হবে যে ক্ষেত্রে,

(১) আমদানীকারক ও সরবরাহকারী একই ব্যক্তি (person);

(২) আমদানীকৃত পণ্য কোনরূপ পরিবর্তন ব্যতিরেকে সরবরাহকৃত;

(৩) সরবরাহকৃত পণ্যের বিপরীতে আমদানি পর্যায়ে যে উৎস কর পরিশোধ করা হয়েছে তা সুনির্দিষ্টভাবে চিহ্নিত (identified) ও প্রতিষ্ঠিত।

উদাহরণ ৬-৩

২০১৭-১৮ আয় বছরে মেসার্স ফোর ব্রাদার্স এন্টারপ্রাইজ একটি ইলেকট্রনিক পণ্য আমদানি করে তা অপরিবর্তিতভাবে একটি কোম্পানির নিকট ৫০ লক্ষ টাকায় সরবরাহ করে। আমদানি পর্যায়ে উক্ত পণ্যের উপর ১,৭০,০০০ টাকা উৎস কর পরিশোধ করা হয়েছে। বিধি 16 অনুযায়ী সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য উৎস আয়করের পরিমাণ ২,০০,০০০ টাকা। ফলে proviso অনুযায়ী, বর্ণিত সরবরাহের উপর উক্ত কোম্পানি কর্তৃক মেসার্স ফোর ব্রাদার্স এন্টারপ্রাইজ এর নিকট হতে (২,০০,০০০ - ১,৭০,০০০) টাকা = ৩০,০০০ টাকা কর কর্তন করা হবে।

লক্ষ্যণীয়, এ proviso এর আওতায়, কোন আমদানিকারক তার উৎসে কর পরিশোধিত আমদানিকৃত পণ্য কোনরূপ পরিবর্তন ব্যতিরেকে সরবরাহের ক্ষেত্রে আমদানি পর্যায়ে পরিশোধিত উৎস করের ক্রেডিট পাবেন। এ ক্রেডিট প্রদানের ক্ষেত্রে সরবরাহের অর্থ পরিশোধের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে নিম্নবর্ণিত বিষয়ে নিশ্চিত হতে হবে-

(১) আমদানীকারক ও সরবরাহকারী একই ব্যক্তি (person) কি-না;

(২) আমদানীকৃত পণ্য কোনরূপ পরিবর্তন ব্যতিরেকে সরবরাহ করা হয়েছে কি-না;

(৩) আমদানি পর্যায়ে পরিশোধিত উৎস করের প্রমাণ অর্থ পরিশোধকারীর নিকট দাখিল করা হয়েছে কি-না;

(৪) সরবরাহকৃত পণ্যের বিপরীতে আমদানি পর্যায়ে যে উৎস কর পরিশোধ করা হয়েছে তা সুনির্দিষ্টভাবে চিহ্নিত (identified) ও প্রতিষ্ঠিত কি-না।

**বিধি 16 এর প্রতিস্থাপন:**

(১) এস,আর,ও নং ২৫৭-আইন/আয়কর/২০১৭; তারিখ: ০১ আগস্ট, ২০১৭ খ্রিস্টাব্দ এর মাধ্যমে আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি 16 প্রতিস্থাপন করা হয়েছে। নতুন বিধান অনুযায়ী চুক্তি সম্পাদন, দ্রব্যাদি সরবরাহ, উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ বা রূপান্তর এবং প্রিন্টিং, প্যাকেজিং বা বাইন্ডিং কাজের ক্ষেত্রে নিম্নরূপ অভিন্ন উৎস করহার প্রযোজ্য হবে:

| ক্রম | ভিত্তি অংকের পরিমাণ | কর্তনের হার |
|---|---|---|
| (১) | ১৫ লক্ষ টাকা পর্যন্ত | ২% |
| (২) | ১৫ লক্ষ টাকার অধিক কিন্তু ২৫ লক্ষ টাকা পর্যন্ত | ৩% |
| (৩) | ২৫ লক্ষ টাকার অধিক কিন্তু ১ কোটি টাকা পর্যন্ত | ৪% |
| (৪) | ১ কোটি টাকার অধিক কিন্তু ৫ কোটি টাকা পর্যন্ত | ৫% |
| (৫) | ৫ কোটি টাকার অধিক কিন্তু ১০ কোটি টাকা পর্যন্ত | ৬% |
| (৬) | ১০ কোটি টাকার অধিক হলে | ৭% |

(২) তেল সরবরাহের বিপরীতে তেল বিপণনকারী কোম্পানি বা তাদের ডিলার/এজেন্ট (পেট্রল পাম্প স্টেশন ব্যতীত) ও অয়েল রিফাইনারী কোম্পানিকে এবং গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন কোম্পানিকে অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তনের পূর্বের হার বহাল থাকবে [বিধি 16 এর ক্লজ (b) দ্রষ্টব্য]।

Payment এর সময় পরিশোধের দায়িত্বে থাকা ব্যক্তি (the person responsible for making the payment) যাচাই করে দেখবেন যে প্রাপক ১২-ডিজিট টিআইএনধারী কি-না। যদি প্রাপক ১২-ডিজিট টিআইএনধারী না হন তাহলে উৎস করের হার নির্ধারিত হার অপেক্ষা ৫০ শতাংশ বেশি হবে।

কোন আয়বছরে প্রাপকের আয় বা প্রাপকের যে আয়ের উপর ধারা 52 অনুযায়ী উৎসে আয়কর কর্তন প্রযোজ্য সে আয় যদি কর-অব্যাহতিপ্রাপ্ত অথবা হ্রাসকৃত হারে করযোগ্য হয়, তাহলে প্রাপকের লিখিত আবেদনের প্রেক্ষিতে ঐ আয়বছরের জন্য Board নিম্নের সারণির ১ নং কলামে বর্ণিত ক্ষেত্রের বিপরীতে ২ নং কলামে বর্ণিতমতে সনদ প্রদান করতে পারবে-

| **প্রাপকের কর অব্যাহতি** | **সনদের বিষয়বস্তু** |
|---|---|
| (১) | (২) |
| প্রাপকের সংশ্লিষ্ট আয়বছরের আয় কর-অব্যাহতি প্রাপ্ত | উৎস আয়কর প্রযোজ্য না হওয়া |
| প্রাপকের যে আয়ের উপর ধারা 52 অনুযায়ী উৎসে আয়কর কর্তন প্রযোজ্য সংশ্লিষ্ট আয়বছরের জন্য সে আয় কর-অব্যাহতিপ্রাপ্ত | ঐ আয়ের ক্ষেত্রে উৎস আয়কর প্রযোজ্য না হওয়া |
| প্রাপকের সংশ্লিষ্ট আয়বছরের আয় হ্রাসকৃত হারে করযোগ্য | আনুপাতিক কম হারে উৎস আয়কর প্রযোজ্য হওয়া |
| প্রাপকের যে আয়ের উপর ধারা 52 অনুযায়ী উৎসে আয়কর কর্তন প্রযোজ্য সংশ্লিষ্ট আয়বছরের জন্য সে আয় হ্রাসকৃত হারে করযোগ্য | ঐ আয়ের ক্ষেত্রে আনুপাতিক কম হারে উৎস আয়কর প্রযোজ্য হওয়া |

Board এর সনদটি কেবল নির্দিষ্ট আয় বছরের জন্য বা নির্দিষ্ট payment এর জন্য (যে ক্ষেত্রে যেটি প্রযোজ্য) দেওয়া হবে।

১ জুলাই ২০১৭ তারিখ বা তার পরবর্তী সময়ের কোন payment এর ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে।

**৭। আয়কর অধ্যাদেশের ধারা 52AA এর সংশোধন**

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52AA এর sub-section (1) প্রতিস্থাপন করে উৎস করহারে পরিবর্তন আনা হয়েছে। নতুন বিধান অনুযায়ী, কোন specified person কর্তৃক ধারা 52AA তে বর্ণিত সেবা প্রদানের

বিপরীতে কোন নিবাসীকে অর্থ পরিশোধের ক্ষেত্রে payment এর উপর নিম্নবর্ণিত হারে উৎস কর কর্তন করতে হবে:

Table

| **SL. No** | **Description of service and payment** | **Rate of deduction of tax** | |
|---|---|---|---|
| | | Where base amount does not exceed Tk. 25 lakh | Where base amount exceeds Tk. 25 lakh |
| 1 | Advisory or consultancy service | 10% | 12% |
| 2 | Professional service, technical services fee, or technical assistance fee | 10% | 12% |
| 3 | (i) Catering service;<br>(ii) Cleaning service;<br>(iii) Collection and recovery service;<br>(iv) Private security service;<br>(v) Manpower supply service;<br>(vi) Creative media service;<br>(vii) Public relations service;<br>(viii) Event management service;<br>(ix) Training, workshop, etc. organization and management service;<br>(x) any other service of similar nature-<br>(a) on commission or fee<br>(b) on gross bill amount | <br><br><br><br><br><br><br><br><br><br>10%<br>1.5% | <br><br><br><br><br><br><br><br><br><br>12%<br>2% |
| 4 | Media buying agency service<br>(a) on commission or fee<br>(b) on gross bill amount | <br>10%<br>0.5% | <br>12%<br>0.65% |
| 5 | Indenting commission | 6% | 8% |
| 6 | Meeting fees, training fees or honorarium | 10% | 12% |
| 7 | Mobile network operator, technical support service provider or service delivery agents engaged in mobile banking operations | 10% | 12% |

| SL. No | Description of service and payment | Rate of deduction of tax | |
|---|---|---|---|
| | | Where base amount does not exceed Tk. 25 lakh | Where base amount exceeds Tk. 25 lakh |
| 8 | Credit rating service | 10% | 12% |
| 9 | Motor garage or workshop | 6% | 8% |
| 10 | Private container port or dockyard service | 6% | 8% |
| 11 | Shipping agency commission | 6% | 8% |
| 12 | Stevedoring/berth operation commission | 10% | 12% |
| 13 | Transport service, carrying service, vehicle rental service | 3% | 4% |
| 14 | Any other service which is not mentioned in Chapter VII of this Ordinance and is not a service provided by any bank, insurance or financial institutions | 10% | 12%: |

তালিকার 3 এবং 4 নং ক্রমিকে উল্লিখিত সেবার ক্ষেত্রে বিল বা ইনভয়েসে যদি কেবল কমিশন বা ফি (commission or fee) উল্লেখ থাকে, অর্থাৎ কেবল কমিশন বা ফি পরিশোধ করা হয় তাহলে (a) তে উল্লিখিত হারে উৎস কর কর্তন করতে হবে। আর যদি বিলে কেবল গ্রস পরিমাণ উল্লেখ থাকে (আলাদাভাবে কমিশন বা ফি উল্লেখ না থাকে) তাহলে (b) তে উল্লিখিত হারে উৎস কর কর্তন করতে হবে। আর যদি কমিশন বা ফি উল্লেখসহ গ্রস বিল করা হয় তাহলে sub-section (1) এর প্রথম proviso অনুযায়ী উৎস কর হবে নিম্নোক্ত (ক) ও (খ) এর মধ্যে যেটি বড় সে অংক:

(ক) কমিশন বা ফি ভিত্তিতে পরিগণিত উৎস কর;

(খ) B x C x D, যেখানে,

B = গ্রস বিলের অংক (কমিশন বা ফি সহ)

C = ক্রমিক 3 এর ক্ষেত্রে ১০% এবং ক্রমিক 4 এর ক্ষেত্রে ৩.৫%

D = কমিশন বা ফি-র উপর প্রযোজ্য উৎস কর হার

উদাহরণ: ৭-১

ধরা যাক একজন করদাতা ২০১৬-১৭ আয় বছরে ক্যাটারিং সার্ভিস প্রদান বাবদ এবিসি কোম্পানির নিকট ৭ জুলাই ২০১৭ তারিখে ৩০ লক্ষ টাকার গ্রস বিল দাখিল করেছেন। এবিসি কোম্পানি বিল পরিশোধের সময় ধারা 52AA অনুযায়ী নিম্নোক্ত পরিমাণ আয়কর কর্তন করবে:

| | |
|---|---|
| বিলের পরিমাণ: | টাকা ৩০,০০,০০০ |
| উৎস কর্তনের হার: ২% | |
| উৎস আয়করের পরিমাণ: | ৩০,০০,০০০ x ২% = ৬০,০০০ টাকা। |

উদাহরণ: ৭-২

এএস লিঃ সিকিউরিটি সার্ভিস সরবরাহের বিপরীতে এবিসি কোম্পানিকে নিম্নবর্ণিত বিল প্রদান করেছে:

| | | |
|---|---|---|
| খরচ | টাকা | ২০,০০,০০০ |
| কমিশন: | | ১,৬০,০০০ |
| মোট বিল | | ২১,৬০,০০০ |

এক্ষেত্রে sub-section (1) এর প্রথম proviso অনুযায়ী উৎস কর হবে নিম্নোক্ত (ক) ও (খ) এর মধ্যে যেটি বড়, সে অংক:

(ক) কমিশন বা ফি ভিত্তিতে পরিগণিত উৎস কর:

১,৬০,০০০ x ১০% = ১৬,০০০ টাকা

(খ) ২১,৬০,০০০ x ১০% x ১০% = ২১,৬০০ টাকা

[B x C x D, যেখানে,

B = গ্রস বিলের অংক = ২১,৬০,০০০

C = ১০%

D = কমিশন বা ফি-র উপর প্রযোজ্য উৎস কর হার = ১০%]

(ক) ও (খ) এর মধ্যে বড় অংক ২১,৬০০ টাকা। ফলে উৎস করের পরিমাণ হবে ২১,৬০০ টাকা।

Payment এর সময় পরিশোধের দায়িত্বে থাকা ব্যক্তি (the person responsible for making the payment) যাচাই করে দেখবেন যে প্রাপক ১২-ডিজিট টিআইএনধারী কি-না। যদি প্রাপক ১২-ডিজিট টিআইএনধারী না হন তাহলে উৎস করের হার নির্ধারিত হার অপেক্ষা ৫০ শতাংশ বেশি হবে।

সেবা প্রদানকারীর নিকট হতে লিখিত আবেদন পাওয়ার প্রেক্ষিতে Board যদি এ মর্মে সনদ প্রদান করে যে, কোন আয়বছরে সেবা প্রদানকারীর আয় আয়কর অধ্যাদেশের কোন বিধান অনুযায়ী কর অব্যাহতি প্রাপ্ত তাহলে ঐ আয়বছরে উক্ত ব্যক্তির নিকট থেকে Board এর সনদে উল্লিখিত মতে আয়কর কর্তন ব্যতিরেকে বা হ্রাসকৃত হারে আয়কর কর্তন করে (Board এর সনদ অনুযায়ী যেটি প্রযোজ্য এবং সনদে যেভাবে উল্লেখ থাকবে) ধারা 52AA তে উল্লিখিত অর্থ পরিশোধ করা যাবে।

Media buying agency service বলতে প্রচার প্রত্যাশী কারো পক্ষে কোন এজেন্সী কর্তৃক টিভি বা রেডিও এর এয়ারটাইম, প্রিন্ট মিডিয়ার স্পেস, ইত্যাদি ক্রয় বা ইলেকট্রনিক, প্রিন্ট, ভার্চুয়াল ইত্যাদি মিডিয়াতে বিজ্ঞাপন প্রচার করা সংক্রান্ত মধ্যবর্তী সেবা প্রদানকে বুঝাবে।

Media buying agency service এর বিপরীতে প্রদেয় বিলের মধ্যে যদি মিডিয়া বায়িং এজেন্সির মধ্যবর্তী সেবার বিল (যার উপর ধারা 52AA এর সারণির ক্রমিক 4 প্রযোজ্য) ছাড়াও ইলেকট্রনিক, প্রিন্ট, ভার্চুয়াল মিডিয়াসহ ধারা 53Kতে উল্লিখিত কোন person কে প্রদেয় বিল (যার উপর ধারা 53K প্রযোজ্য) অন্তর্ভুক্ত থাকে, তাহলে উক্ত media buying agency service এর বিপরীতে বিল পরিশোধের সময় পরিশোধকারী নিশ্চিত হয়ে নিবেন/নিশ্চিত করবেন যে উভয় বিলের উপর, প্রযোজ্য বিধান অনুসারে, যথাযথ হারে উৎসে কর কর্তন করা হয়েছে।

এ ধারার অন্যান্য বিধান অপরিবর্তিত থাকবে।

১ জুলাই ২০১৭ তারিখ বা তার পরবর্তী সময়ে payment এর ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে।

**৮। আন্তর্জাতিক ফোন কল বাবদ প্রাপ্তির উপর উৎসে কর কর্তন সংক্রান্ত আয়কর অধ্যাদেশের ধারা 52R এর সংশোধন**

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52R এর উপধারা (2) এর পর নতুন উপধারা (2A) সন্নিবেশ করা হয়েছে। সন্নিবেশিত বিধান অনুযায়ী, বহির্মুখী আন্তর্জাতিক কল (outgoing international calls) বাবদ কোন অর্থ পরিশোধ বা ক্রেডিটের সময় (যেটি আগে ঘটে) Interconnection Exchange (ICX) বা Access Network Services (ANS) সেবা প্রদানকারীকে মোট

পরিশোধকৃত বা ক্রেডিটকৃত অংকের উপর ৭.৫ শতাংশ হারে আয়কর কর্তন করতে হবে।

১ জুলাই ২০১৭ তারিখ বা তার পরবর্তী সময়ে পরিশোধ বা ক্রেডিটের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে।

**৯। কমিশন, ডিসকাউন্ট বা ফিস হতে উৎসে কর কর্তন বা আদায় সংক্রান্ত আয়কর অধ্যাদেশের ধারা 53E এর প্রতিস্থাপন**

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53E প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত ধারা 53E এর উপধারা (1) এর বিধান মোতাবেক, ধারা 2(20) অনুযায়ী সংজ্ঞায়িত কোন কোম্পানির পণ্য পরিবেশন বা বাজারজাতকরণের জন্য উক্ত কোম্পানি কর্তৃক কোন পরিবেশক (যে নামে অভিহিত হোক না কেন) বা অন্য কোন person কে কমিশন, ডিসকাউন্ট, ফি, ইনসেনটিভ, পারফরমেন্স বোনাস, পারফরমেন্সের সাথে সম্পর্কিত অন্য কোনরূপ ইনসেনটিভ, অথবা বর্ণিত কমিশন, ডিসকাউন্ট, ইনসেনটিভ ইত্যাদির সমজাতীয় প্রকৃতির কোন অর্থ পরিশোধ বা অনুমোদন অথবা সুবিধা প্রদানকালে পরিশোধিত বা অনুমোদিত অর্থ বা প্রদানকৃত সুবিধার মূল্যের ১০% হারে উৎস কর কর্তন বা আহরণ করবে।

উপধারা (2) এর বিধান মোতাবেক, ধারা 2(20) অনুযায়ী সংজ্ঞায়িত কোন কোম্পানি নিজের বা এর পণ্যের প্রচার (promotion) সংশ্লিষ্ট কাজে উক্ত কোম্পানির পণ্য পরিবেশন বা বাজারজাতকরণের কাজে নিয়োজিত কোন person কে কোন অর্থ পরিশোধ করলে উক্ত অর্থ পরিশোধকালে পরিশোধিত অর্থের উপর ১.৫% হারে উৎস কর কর্তন করবে।

উপধারা (3) এর বিধান অনুযায়ী, তেল বিপণনকারী কোম্পানি ব্যতীত কোন company যদি কোন পরিবেশকের নিকট, বা চুক্তি (contract) এর অধীন কোন person এর নিকট, উক্ত company কর্তৃক নির্ধারিত খুচরা মূল্যের চেয়ে কম মূল্যে কোন পণ্য বিক্রি করে, তবে উক্ত কোম্পানি ঐ পরিবেশক বা person এর নিকট হতে B x C এর সমান অংকের উপর ৫% হারে উৎসে কর আদায় করবে। এক্ষেত্রে-

B = কোম্পানি কর্তৃক পরিবেশকের নিকট বা চুক্তির অধীন কোন person এর নিকট পণ্যের বিক্রয়মূল্য;

C = ৫%।

তবে কোন সিগারেট উৎপাদনকারী কোম্পানি পূর্বের মতোই কোম্পানি কর্তৃক নির্ধারিত খুচরা মূল্য এবং পরিবেশক বা ঐ person এর নিকট বিক্রয়মূল্যের পার্থক্যের উপর ৩% হারে উৎসে কর আদায় করবে।

উপধারা (4) এর বিধান মোতাবেক, ধারা 53E এর ক্ষেত্রে-

(ক) ট্রান্সফার, ক্রেডিট বা সমন্বয়ের মাধ্যমে অর্থ প্রদানও পরিশোধ (payment) হিসেবে বিবেচিত হবে এবং উৎস কর প্রযোজ্য হবে।

(খ) কোন সম্মতি (agreement) বা কোন ব্যবস্থা (arrangement), তা লিখিত হোক বা না হোক, চুক্তি (contract) এর অন্তর্ভুক্ত হবে।

ধারা 53E এর আওতায় উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর ২০১৭-২০১৮ কর বছর হতে ধারা 82C অনুযায়ী ন্যূনতম কর (minimum tax) এর আওতাভুক্ত হবে।

১ জুলাই ২০১৭ তারিখ বা তার পরবর্তী সময়ে ধারা 53E তে বর্ণিত অর্থ পরিশোধ বা অনুমোদন, সুবিধা প্রদান, বিক্রয় ইত্যাদির ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে।

## ১০। Digital marketing সেবা গ্রহণের বিপরীতে অনিবাসীকে অর্থ পরিশোধে উৎসে কর কর্তন: আয়কর অধ্যাদেশের ধারা 56 সংশোধন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 56 সংশোধনপূর্বক বিধান করা হয়েছে যে digital marketing সেবা গ্রহণের বিপরীতে কোন অনিবাসীকে অর্থ পরিশোধকালে উক্ত অর্থের উপর ১৫ শতাংশ হারে আয়কর কর্তন করতে হবে।

১ জুলাই ২০১৭ তারিখ বা তার পরের কোন payment এর ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে।

## ১১। নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন দাখিলে ব্যর্থতার ক্ষেত্রে বিলম্ব সুদ আরোপ সংক্রান্ত আয়কর অধ্যাদেশের ধারা 73A এর সংশোধন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 73A এর sub-section (1) এর Explanation সংশোধন করে বিলম্ব সুদ পরিগণনার ক্ষেত্রে

করদাতার মোট আয়ের উপর নিরূপিত কর (tax assessed on total income) কিভাবে নির্ধারিত হবে তা বলা হয়েছে।

পরিবর্তিত বিধান অনুযায়ী মোট আয়ের উপর নিরূপিত কর (tax assessed on total income) বলতে বুঝাবে-

(ক) ধারা 82BB এর আওতায় দাখিলকৃত এবং উক্ত ধারার আওতায় নিষ্পত্তিকৃত রিটার্নের ক্ষেত্রে, যদি অন্য কোন উপধারার অধীনে পরিগণনাকৃত করদায়ের পরিমাণ উপধারা (1) এর অধীন প্রদেয় করদায়ের পরিমাণ অপেক্ষা বড় হয়, তাহলে বড় অংক;

(খ) ধারা 82BB এর আওতায় নিষ্পত্তিকৃত নয় এরূপ রিটার্নের ক্ষেত্রে, উপ কর কমিশনার কর্তৃক নিরূপিত মোট আয়ের ভিত্তিতে পরিগণনাকৃত করদায়।

উদাহরণ ১১-১

মিজ্ সুক্তি সরকার ২০১৭-১৮ কর বছরের আয়কর রিটার্ন দাখিলের জন্য সময়ের আবেদন করলে উপ কর কমিশনার দুই মাস সময় মঞ্জুর করেন। করদাতা ১৫ জানুয়ারি ২০১৮ তারিখে ৬,০০,০০০/- টাকা মোট আয় প্রদর্শন করে ধারা 82BB অনুযায়ী আয়কর রিটার্ন দাখিল করেন। রিটার্নের সাথে ১৪,০০০/- টাকার পে-অর্ডার (ধারা 74 অনুযায়ী) দাখিল করেন। এছাড়াও তিনি ২০১৬-১৭ অর্থ বছরে ১২,০০০/- টাকা অগ্রিম কর ও ৪,০০০/- টাকা উৎস কর প্রদান করেন।

উপ কর কমিশনার ৩০ এপ্রিল ২০১৮ তারিখে ধারা 82BB এর উপধারা (2) এর আওতায় করদাতার রিটার্নটি process করেন, যাতে তার করদায়ের পরিমাণ দাড়ায় ৩৬,০০০ টাকা।

এক্ষেত্রে ৩০ এপ্রিল ২০১৮ তারিখে পরিগণনাকৃত বিলম্ব সুদের পরিমাণ হবে নিম্নরূপ:
মোট আয়ের উপর নিরূপিত কর (tax assessed on total income): ৩৬,০০০/- টাকা।

অগ্রিম কর ও উৎস করের সমষ্টি: (১২,০০০ + ৪,০০০) = ১৬,০০০/- টাকা।
পার্থক্য: ৩৬,০০০ - ১৬,০০০ = ২০,০০০ টাকা।
বিলম্ব সুদ পরিগণনার সময়:
১ ডিসেম্বর ২০১৭ হতে ১৫ জানুয়ারি ২০১৮= ১ মাস ১৫ দিন।
ফলে, মাসিক ২% হারে বিলম্ব সুদ:
[২০,০০০ x ২% x ১] + [২০,০০০ x ২% x (১৫÷৩১)] = ৫৯৪/- টাকা

পরিবর্তিত বিধান ২০১৭-১৮ কর বছর হতে কার্যকর হবে।

## ১২। আয়কর অধ্যাদেশের ধারা 75 সংশোধন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 75 সংশোধনপূর্বক বিধান করা হয়েছে যে কোন ব্যবসায় বা পেশায় নির্বাহী বা ব্যবস্থাপনা পদে (যে নামেই অভিহিত হোক না কেন) নিয়োজিত বেতনভোগী কর্মী (employee) এর আয়ের পরিমাণ যা-ই হোক না কেন, উক্ত বেতনভোগী কর্মীর জন্য আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক। পরিবর্তিত এ বিধান ২০১৭-১৮ কর বছর হতে কার্যকর হবে।

এছাড়া, আগে বিধান ছিল যে কোন সরকারী কর্মকর্তা প্রেষণে বিদেশে উচ্চ শিক্ষারত থাকলে বা লিয়েনে বাংলাদেশের বাইরে কর্মরত থাকলে উক্ত প্রেষণ বা লিয়েন সমাপ্তিতে দেশে আসার তিন মাসের মধ্যে তার প্রেষণ বা লিয়েনকালীন সময়ের সকল রিটার্ন দাখিল করবেন। সংশোধিত বিধান অনুযায়ী, সরকারী কর্মকর্তা প্রেষণে বা ছুটিতে বিদেশে উচ্চ শিক্ষারত বা প্রশিক্ষণরত থাকলে ঐ কর্মকর্তার জন্যও এ সময়কালের রিটার্ন দাখিলের বর্ণিত বিধান প্রযোজ্য হবে।

## ১৩। করদাতার হিসাব, বিবরণী, ইত্যাদি দাখিল সংক্রান্ত আয়কর অধ্যাদেশের ধারা 79 এর প্রতিস্থাপন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 79 প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত ধারা 79 এর উপধারা (1) এর বিধান মোতাবেক, Chapter VIII এর আওতায় রিটার্ন দাখিল করেছেন, অথবা রিটার্ন দাখিলের জন্য নোটিশ করা হয়েছে, এরূপ কোন করদাতাকে উপ কর কমিশনার লিখিত নোটিশের মাধ্যমে করদাতার সে সব হিসাব, বিবরণী, দলিলাদি, উপাত্ত বা ইলেকট্রনিক রেকর্ড উপস্থাপন করার বা উপস্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য বলতে পারবেন যা উপ কর কমিশনার অডিট বা কর নির্ধারণের জন্য আবশ্যক বলে মনে করেন।

সংশ্লিষ্ট আয়বছরের অব্যবহিত আগের তিন বছরের হিসাব, বিবরণী, দলিলাদি, উপাত্ত বা ইলেকট্রনিক রেকর্ড ধারা 79-এ চাওয়া যাবে।

উপধারা (2)-এ বলা হয়েছে, বর্ণিত হিসাব, বিবরণী, দলিলাদি, উপাত্ত বা ইলেকট্রনিক রেকর্ড বা তার কোন অংশ যে ইলেকট্রনিক বিন্যাস (electronic form) বা ইলেকট্রনিক মাধ্যম (electronic media) এ উপস্থাপনের জন্য উপ কর কমিশনার নোটিশে উল্লেখ করবেন করদাতাকে সে ইলেকট্রনিক বিন্যাস বা ইলেকট্রনিক মাধ্যমে তা উপস্থাপন করতে হবে।

উপধারা (3)-এ বলা হয়েছে, করদাতা নোটিশে উল্লিখিত তারিখে বা তার পূর্বে বর্ণিত হিসাব, বিবরণী, দলিলাদি, উপাত্ত বা ইলেকট্রনিক রেকর্ড উপস্থাপন করবেন।

উপধারা (4) এর বিধান মোতাবেক, ধারা 79-এ

(ক) রিটার্ন বলতে সংশোধিত রিটার্ন (revised return) এবং ভুল-সংশোধনী রিটার্ন (amended return) কেও বুঝাবে;
(খ) উপাত্ত (data) বলতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এর ধারা 2 এর ক্লজ (10) এ সংজ্ঞায়িত ‘‘উপাত্ত’’ কেও বুঝাবে;
(গ) ইলেকট্রনিক রেকর্ড (electronic record) বলতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এর ধারা 2 এর ক্লজ (7) এ সংজ্ঞায়িত ‘‘ইলেকট্রনিক রেকর্ড’’ কে বুঝাবে। ইলেকট্রনিক বিন্যাস (electronic form) বলতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এর ধারা 2 এর ক্লজ (5) এ সংজ্ঞায়িত ‘‘ইলেকট্রনিক বিন্যাস’’ কে বুঝাবে।

### ১৪। আয়কর অধ্যাদেশের ধারা 80 এর সংশোধন

আগে বিধান ছিল যে যদি কোন ব্যক্তি-করদাতার -
(১) আয়বছরের শেষ তারিখে মোট পরিসম্পদ (gross wealth) এর পরিমাণ ২০ লক্ষ টাকার অধিক হলে; অথবা
(২) আয়বছরের শেষ তারিখে মোটর গাড়ি (জীপ বা মাইক্রোবাসসহ) এর মালিকানা থাকলে; অথবা
(৩) আয়বছরে কোন সিটি কর্পোরেশন এলাকায় কোন গৃহ-সম্পত্তি বা এপার্টমেন্টের মালিক হলে অথবা গৃহ-সম্পত্তি বা এপার্টমেন্টে বিনিয়োগ করলে-

করদাতাকে পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণী আয়কর রিটার্নের সাথে দাখিল করতে হবে।

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 80 সংশোধন করে আয়বছরের শেষ তারিখে মোট পরিসম্পদ (gross wealth) এর পরিমাণ ২০ লক্ষ টাকার থাকার স্থলে ২৫ লক্ষ টাকা করা হয়েছে।

পরিবর্তিত বিধান ২০১৭-১৮ কর বছর হতে কার্যকর হবে।
এ ধারার অন্যান্য বিধান অপরিবর্তিত আছে।

## ১৫। সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতি সম্পর্কিত আয়কর অধ্যাদেশের ধারা 82BB এর প্রতিস্থাপন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 82BB প্রতিস্থাপন করে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতির নতুন বিধান সন্নিবেশ করা হয়েছে। সংশোধিত বিধানের উপধারা (1) তে বলা হয়েছে, যদি কোন করদাতা কর্তৃক-

(ক) ১২-ডিজিট টিআইএন উল্লেখ;

(খ) ধারা 75-তে নির্ধারিত শর্ত পূরণ করে এ ধারায় বিধৃত সময়ের মধ্যে (75 ধারার আওতায় মঞ্জুরকৃত বর্ধিত সময়সহ); এবং

(গ) ধারা 74 এর বিধান অনুযায়ী সমুদয় কর পরিশোধ;

- এ তিনটি শর্ত পূরণপূর্বক আয়কর রিটার্ন দাখিল করা হয় তাহলে উপ কর কমিশনার বা তার নিকট হতে এ বিষয়ে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা করদাতাকে একটি প্রাপ্তি স্বীকারপত্র ইস্যু করবেন, যা উপ কর কমিশনারের কর নির্ধারণী আদেশ বলে গণ্য হবে।

এ ধারায় “রিটার্ন” বলতে ধারা 80 মতে দাখিলযোগ্য সম্পদ ও দায়ের বিবরণী এবং জীবন যাত্রা সম্পর্কিত বিবরণীকেও বুঝাবে।

উল্লিখিত রিটার্ন পাওয়ার পর উপ কর কমিশনার রিটার্নটি উপধারা (2) অনুযায়ী নিম্নবর্ণিত পদ্ধতিতে প্রসেস (process) করবেন-

(১) উপ কর কমিশনার করদাতার রিটার্ন, রিটার্নের সাথে দাখিলকৃত বিবরণী বা দলিলাদিতে প্রদত্ত তথ্যের ভিত্তিতে করদাতার আয় পরিগণনা (compute) করবেন। যদি রিটার্নে কোন গাণিতিক ত্রুটি (arithmetical error) অথবা রিটার্ন বা রিটার্নের সাথে দাখিলকৃত বিবরণী বা দলিলাদিতে প্রদত্ত তথ্যের আলোকে দৃশ্যমান কোন অশুদ্ধ দাবী (incorrect claim) থাকে তাহলে উপ কর কমিশনার তা সমন্বয় করে আয় পরিগণনা করবেন।

যে সকল ক্ষেত্রে রিটার্নে গাণিতিক ত্রুটি (arithmetical error) বা অশুদ্ধ দাবী (incorrect claim) রয়েছে বলে গণ্য হবে তার কয়েকটি নিম্নে উল্লেখ করা হলোঃ

- কোন খাতের আয় পরিগণনার সময় যোগে ভুল হওয়া;
- একাধিক উৎসের আয়ের ক্ষেত্রে আয়ের যোগফল সঠিক না হওয়া;
- বিনিয়োগ রেয়াত পরিগণনায় ভুল হওয়া;
- অনুমোদিত খাতে বিনিয়োগ ব্যতিরেকে রেয়াত দাবী;
- করদায় পরিগণনায় ভুল হওয়া;
- সারচার্জ পরিগণনায় ভুল হওয়া;
- সম্পদ বিবরণীর গ্রস সম্পদ/নীট সম্পদ বা দায়ের যোগফল সঠিক না হওয়া;
- জীবনযাত্রা ব্যয় বিবরণীর যোগফল সঠিক না হওয়া;
- আয় বছরে পরিশোধিত করের প্রতিফলন সম্পদ ও দায় বিবরণী/জীবনযাত্রা ব্যয় বিবরণীতে না থাকা;
- কর রেয়াতের তফসিলে বিনিয়োগ প্রদর্শন করা সত্বেও সম্পদ ও দায় বিবরণীতে বিনিয়োগের প্রতিফলন না থাকা;
- কোন সুদের উপর উৎস কর পরিশোধ করা হয়েছে বলে দাবী করা হলেও রিটার্নে সে সুদ আয় প্রদর্শন না করা;
- বেতন আয়ের ক্ষেত্রে পারকুইজিট পরিগণনায় ভুল হওয়া;
- সম্পদের পরিবৃদ্ধি ও ব্যয় উৎস দ্বারা সমর্থিত না হওয়া;
- ন্যূনতম কর পরিগণনা না করা বা পরিগণনায় ভুল করা, ইত্যাদি।

গাণিতিক ত্রুটি (arithmetical error) বা অশুদ্ধ দাবী (incorrect claim) এর কয়েকটি উদাহরণ নিম্নে উল্লেখ করা হলোঃ

উদাহরণ ১৫-১

জনাব তাসনিম হাসান ২০১৭-১৮ কর বছরের রিটার্নের আয় বিবরণী অংশে বেতনাদি কলামে ২,৫০,০০০/- টাকা ও গৃহ-সম্পত্তি কলামে ২,০০,০০০/- টাকা আয় প্রদর্শন করেছেন, কিন্তু মোট আয় কলামে প্রদর্শন করেছেন ৩,৫০,০০০/- টাকা।

উদাহরণ ১৫-২

একটি প্রাইভেট লিমিটেড কোম্পানি ২০১৬-১৭ কর বছরে মোট আয় প্রদর্শন করেছে ৮,০০,০০০ টাকা, কিন্তু মোট আয়ের উপর ২৫% হারে আয়কর পরিগণনা করা হয়েছে ২,০০,০০০ টাকা।

উদাহরণ ১৫-৩

একজন করদাতা আবাসিক ভবনের বার্ষিক ভাড়া মূল্যের পরিমাণ ২০,০০,০০০/- টাকা প্রদর্শন করে ৮,০০,০০০/- টাকা মেরামত ও রক্ষণাবেক্ষণ খরচ দাবী করেছেন।

উদাহরণ ১৫-৪
সম্পদ দায় ও দায় বিবরণীর তথ্য বিশ্লেষণে একজন করদাতার সম্পদের পরিবৃদ্ধি ও ব্যয়ের সমষ্টি দাড়ায় ২০,০০,০০০ টাকা, কিন্তু করদাতার প্রদর্শিত উৎসের পরিমাণ ১২,০০,০০০ টাকা।

উদাহরণ ১৫-৫
একজন করদাতা ৫ লক্ষ টাকার সঞ্চয়পত্র ক্রয় বাবদ বিনিয়োগ জনিত কর রেয়াত গ্রহণ করেছেন, কিন্তু সম্পদ বিবরণীতে সঞ্চয়পত্রে কোন বিনিয়োগ প্রদর্শিত হয়নি।

উল্লেখ্য, উপধারা (2) এর আওতায় গাণিতিক ত্রুটি বা অশুদ্ধ দাবী চিহ্নিত করার ক্ষেত্রে কেবলমাত্র করদাতার দাখিলকৃত রিটার্ন, বিবরণী ও দলিলাদিমূলে প্রাপ্ত তথ্যের উপরই নির্ভর করতে হবে। উদাহরণস্বরূপ, রিটার্নে কর রেয়াত গ্রহণ করেছেন এরূপ করদাতা যদি রিটার্নে বিনিয়োগের খাত ও পরিমাণ উল্লেখ করে থাকেন, কিন্তু দাবীকৃত বা প্রদর্শিত বিনিয়োগের সমর্থনে প্রমাণপত্র সংযুক্ত না করেন তাহলে তা গাণিতিক ত্রুটি বা অশুদ্ধ দাবী বলে বিবেচিত হবে না এবং উপধারা (2) এর আওতায় কার্যক্রম গ্রহণ করা যাবে না।

অনুরূপভাবে, কোন করদাতা দাবীকৃত সম্পদ ক্রয় বা সংযোজনের প্রমাণ দাখিল করেন নি-এ বিবেচনায় অবচয়ের যাচাইযোগ্যতার প্রশ্ন উত্থাপন করে উপধারা (2) এর আওতায় কার্যক্রম গ্রহণ করা যাবে না।

এ সকল ক্ষেত্রে উপধারা (7) এর আওতায় ব্যবস্থা গ্রহণের সুযোগ অবারিত থাকছে। এছাড়া প্রযোজ্য ক্ষেত্রে ধারা 93 এর আওতায়ও ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(২) উক্তরূপ পরিগণিত আয়ের ভিত্তিতে প্রযোজ্য আয়কর ও অন্যান্য প্রদেয় অংক পরিগণনা করবেন; এবং

(৩) পরিগণিত প্রযোজ্য আয়কর ও অন্যান্য প্রদেয় অংক হতে পরিশোধিত অংক (উৎস কর ও অগ্রিম করসহ) বাদ দিয়ে রিটার্ন প্রসেসের ফলশ্রুতিতে প্রদেয়/ফেরতযোগ্য অংক কি হবে তা পরিগণনা করবেন।

এখানে উল্লেখ্য, রিটার্ন প্রসেস কোন assessment কার্যক্রম নয়। এখানে উপ কর কমিশনার রিটার্ন, বিবরণী বা অন্যান্য দলিলাদিতে করদাতার দাখিলকৃত তথ্যের উপর ভিত্তি করে কর আইনের আলোকে মোট আয়, করদায় ইত্যাদি পরিগণনা (compute) করেন। রিটার্ন প্রসেস কার্যক্রমে উপ কর কমিশনার করদাতার আয়ের

পরিমাণগত যৌক্তিকতা নিয়ে প্রশ্ন করবেন না বা নিজস্ব বিচার-বিবেচনা প্রয়োগ করে কোনরূপ assessment করবেন না।

উদাহরণ ১৫-৬

জনাব আসাদ আবাসিক বাড়ির ভাড়া আয় প্রাপ্ত হন। তিনি ৪,৮০,০০০ টাকা বাড়ি ভাড়া আয় এবং ২০,০০০ টাকা কৃষি আয় প্রদর্শন করে ২০১৭-১৮ কর বছরের জন্য ধারা 82BB এর উপধারা (1) অনুযায়ী রিটার্ন দাখিল করেছেন। তার প্রদর্শিত আয়ের তথ্য ছিল নিম্নরূপ:

| | | | |
|---|---|---|---|
| মাসিক ভাড়া ৬৫,০০০ x ১২ = | | | টাকা ৭,৬০,০০০ |
| বাদ: | | | |
| মেরামত, আদায় ইত্যাদি (৩০%) | টাকা | ২,২৮,০০০ | |
| পৌরকর | | ৫২,০০০ | |
| মোট বিয়োজন | | | ২,৮০,০০০ |
| বাড়িভাড়া খাতে প্রদর্শিত আয় | | | ৪,৮০,০০০ |
| কৃষি আয় | | | ২০,০০০ |
| মোট আয় | | | ৫,০০,০০০ |

রিটার্ন প্রসেস পর্যায়ে উপ কর কমিশনার করদাতার প্রদর্শিত মাসিক ভাড়ার পরিমাণ বা কৃষি আয়ের পরিমাণ নিয়ে প্রশ্ন করবেন না। করদাতার দাখিলকৃত তথ্যের উপর নির্ভর করে তিনি কেবল দেখবেন আয় পরিগণনা সঠিক আছে কি-না।

এ উদাহরণে করদাতা ভাড়া আয় পরিগণনায় গাণিতিক ত্রুটি এবং অশুদ্ধ দাবী-উভয় উপকরণ রয়েছে। করদাতার মাসিক ৬৫,০০০ টাকা হিসাবে ১২ মাসের ভাড়া আয় হয় ৭,৮০,০০০ টাকা, কিন্তু করদাতা প্রদর্শন করেছে ৭,৬০,০০০ টাকা। যা একটি গাণিতিক ত্রুটি।

অপরদিকে, করদাতা আবাসিক বাড়ির জন্য মেরামত, আদায় ইত্যাদির বিপরীতে ২৫ শতাংশ বিধিবদ্ধ বিয়োজনের বিপরীতে বিয়োজন দাবী করেছেন ৩০ শতাংশ। যা করদাতার রিটার্নে প্রদর্শিত তথ্যের আলোকে পরিদৃষ্ট একটি অশুদ্ধ দাবী।

রিটার্ন প্রসেসে করদাতার বাড়ি ভাড়া খাতে পরিগণিত আয়ের পরিমাণ দাড়াবে নিম্নরূপ:

| | | | |
|---|---|---|---|
| মাসিক ভাড়া ৬৫,০০০ x ১২ = | | | টাকা ৭,৮০,০০০ |
| বাদ: | | | |
| মেরামত, আদায় ইত্যাদি (২৫%) | টাকা | ১,৯৫,০০০ | |
| পৌরকর | | ৫২,০০০ | |
| মোট বিয়োজন | | | ২,৪৭,০০০ |
| বাড়িভাড়া খাতে পরিগণিত আয় | | | ৫,৩৩,০০০ |

রিটার্ন প্রসেস পর্যায়ে উক্ত আয়ের সাথে কৃষি আয় যোগ করে করদাতার মোট আয়, প্রযোজ্য আয়কর ও অন্যান্য প্রদেয় অংক, নীট প্রদেয়/ফেরৎযোগ্য কর ইত্যাদি পরিগণনা করা হবে।

উপধারা (3) এ বলা হয়েছে, যদি দেখা যায় যে আয় বা করের পরিমাণ বা অন্য কোন পরিমাণগত বিষয়ে করদাতার দাখিলকৃত রিটার্নের তথ্যের সাথে রিটার্ন প্রসেসে পরিদৃষ্ট বা প্রসেসের ফলশ্রুতিতে পরিগণিত তথ্যের গড়মিল রয়েছে তাহলে উপ কর কমিশনার করদাতাকে লিখিত নোটিশ প্রদান করে-

(ক) গড়মিলের বিষয়টি অবহিত করবেন এবং রিটার্ন প্রসেসের ফলশ্রুতিতে যে আয় বা কর/ফেরৎ পরিগণিত হয়েছে তার তথ্যসহ প্রযোজ্য অন্যান্য সংশ্লিষ্ট তথ্য সম্বলিত একটি প্রাথমিক পরিগণনা পত্র (sheet of computation) নোটিশের সাথে করদাতার নিকট প্রেরণ করবেন;

(খ) যেক্ষেত্রে রিটার্ন প্রসেসের ফলশ্রুতিতে করদাতার অতিরিক্ত দায় সৃষ্টি হয় বা কর ফেরতের পরিমাণ হ্রাস পায় সেক্ষেত্রে নোটিশের উল্লিখিত তারিখের মধ্যে লিখিতভাবে এ বিষয়ে করদাতাকে অবস্থান ব্যাখ্যা করার সুযোগ প্রদান করবেন; এবং

(গ) নোটিশে উল্লিখিত তারিখের মধ্যে-

(১) প্রযোজ্য ক্ষেত্রে, তারতম্য সুরাহা হয় এরূপভাবে একটি ভুল-সংশোধনী রিটার্ন (amended return) দাখিলের জন্য করদাতাকে সুযোগ প্রদান করবেন; এবং

(২) রিটার্ন প্রসেসের ফলশ্রুতিতে যে আয়কর ও অন্যান্য অংক প্রদেয় হয়েছে করদাতাকে তা পরিশোধের সুযোগ প্রদান করবেন ।

উপধারা (4) এর বিধান অনুযায়ী, উপধারা (3) এর আওতায় নোটিশ জারীর পর করদাতা যদি নিম্নবর্ণিত তিনটি শর্ত পূরণ করেন তাহলে ভুল-সংশোধনী রিটার্ন প্রাপ্তির ৬০ দিনের মধ্যে উপ কর কমিশনার কর্তৃক করদাতাকে একটি গ্রহণপত্র (letter of acceptance) প্রদান করা হবে:

(ক) উপধারা (3)(c) এর বিধান অনুসারে ভুল-সংশোধনী রিটার্ন দাখিল (যেক্ষেত্রে উপ কর কমিশনার উক্তরূপ রিটার্ন দাখিলের জন্য বলবেন সেক্ষেত্রে);

(খ) রিটার্ন প্রসেসের ফলশ্রুতিতে যে আয়কর ও অন্যান্য অংক প্রদেয় হয়েছে তা ভুল-সংশোধনী রিটার্ন দাখিলের আগে বা দাখিলের সময় পরিশোধ করা; এবং

(গ) যে তারতম্যের কারণে ভুল-সংশোধনী রিটার্ন দিতে বলা হয়েছে তা যথাযথভাবে সুরাহা করা।

আর যদি করদাতা উপধারা (3) এর আওতায় জারীকৃত নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে, প্রাথমিক পরিগণনা পত্রে চিহ্নিত ত্রুটিসমূহ ঠিক করে ভুল-সংশোধনী রিটার্ন দাখিল এবং রিটার্ন প্রসেসের ফলশ্রুতিতে যে আয়কর ও অন্যান্য অংক প্রদেয় হয়েছে তা ভুল-সংশোধনী রিটার্ন দাখিলের আগে বা দাখিলের সময় পরিশোধে ব্যর্থ হন তাহলে উপ কর কমিশনার বর্ণিত সময় অতিক্রান্ত হওয়ার পর রিটার্ন প্রসেসের ফলশ্রুতিতে সৃষ্ট করদায় ও সংশ্লিষ্ট অন্যান্য অংকের জন্য করদাতার নিকট দাবীর নোটিশ (notice of demand) জারী করবেন। আয় বা কর/ফেরৎ পরিগণনার তথ্যসহ প্রযোজ্য অন্যান্য সংশ্লিষ্ট তথ্য সম্বলিত চূড়ান্ত পরিগণনা পত্র দাবীর নোটিশের সাথে প্রেরণ করা হবে।

শর্ত থাকে যে, উপধারা (3) এর আওতায় নোটিশ জারীর ৬ (ছয়) মাসের মধ্যে উপধারা (4) এ বর্ণিত দাবীর নোটিশ জারী করতে হবে।

উদাহরণ ১৫-৬ এ বর্ণিত করদাতার ক্ষেত্রে যেহেতু গৃহ সম্পত্তির আয় পরিগণনায় ভুল হয়েছে তাই উপ কর কমিশনার রিটার্ন প্রসেসের ফলাফল করদাতাকে অবহিত করে উপধারা (3) এর আওতায় নোটিশ প্রদান করবেন। নোটিশের ক্ষেত্রে যে বিষয়গুলো লক্ষ্য রাখতে হবে তা হলো-

(ক) নোটিশের সাথে একটি প্রাথমিক পরিগণনা পত্র (sheet of computation) সংযুক্ত করতে হবে যাতে সাধারণভাবে নিম্নবর্ণিত বিষয় অন্তর্ভুক্ত থাকবে-

- রিটার্ন প্রসেস কার্যক্রমে পরিগণিত গৃহ-সম্পত্তি খাতের আয় ও মোট আয়;
- উক্ত মোট আয়ের ভিত্তিতে পরিগণিত আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে সারচার্জ, বিলম্বসুদ, ইত্যাদি);
- উক্ত পরিগণিত আয়কর, সারচার্জ, বিলম্বসুদ ইত্যাদির ভিত্তিতে পরিগণিত প্রদেয় কর/ফেরতের পরিমাণ;

(খ) প্রাথমিক পরিগণনা পত্রে যে ত্রুটিসমূহ চিহ্নিত হয়েছে তা ঠিক করে একটি ভুল-সংশোধনী রিটার্ন দাখিলের জন্য করদাতাকে সুযোগ দেয়া হবে;

(গ) কোন্ তারিখের মধ্যে ভুল-সংশোধনী রিটার্ন দাখিল করতে হবে তাও নোটিশে সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকবে;

(ঘ) যেক্ষেত্রে রিটার্ন প্রসেসের ফলশ্রুতিতে করদাতার অতিরিক্ত দায় সৃষ্টি হয় বা কর ফেরতের পরিমাণ হ্রাস পায় সেক্ষেত্রে নোটিশের উল্লিখিত তারিখের মধ্যে লিখিতভাবে এ বিষয়ে করদাতাকে তার অবস্থান ব্যাখ্যা করার সুযোগ প্রদান করা হবে। এক্ষেত্রে করদাতাকে শুনানীতে হাজির হওয়ার জন্য বলা হবে না। করদাতার কোন ব্যাখ্যা থাকলে তিনি বা তার পক্ষে কেউ আয়কর অফিসে না এসেও উপ কর কমিশনারের নিকট তা প্রদান বা প্রেরণ করতে পারবেন;

(ঙ) চিহ্নিত ত্রুটিসমূহ ঠিক করে নির্দিষ্ট সময়ের মধ্যে ভুল-সংশোধনী রিটার্ন দাখিল এবং রিটার্ন প্রসেসের ফলশ্রুতিতে যে আয়কর ও অন্যান্য অংক প্রদেয় হয়েছে তা ভুল-সংশোধনী রিটার্ন দাখিলের আগে বা দাখিলের সময় পরিশোধ করা হলে করদাতাকে গ্রহণপত্র (letter of acceptance) প্রদান ও প্রসেস কার্যক্রম নিষ্পত্তি করা হবে বলে নোটিশে উল্লেখ থাকবে;

(চ) করদাতা নোটিশের শর্ত পূরণ না করলে, চিহ্নিত ত্রুটিসমূহ ঠিক করে ভুল সংশোধনী রিটার্ন দাখিল না করলে (প্রযোজ্য ক্ষেত্রে), বা রিটার্ন প্রসেসের ফলশ্রুতিতে যে আয়কর ও অন্যান্য অংক প্রদেয় হয়েছে তা ভুল-সংশোধনী রিটার্ন দাখিলের আগে বা দাখিলের সময় পরিশোধে ব্যর্থ হলে উপ কর কমিশনার কর্তৃক দাবীর নোটিশ (notice of demand) জারী করা হবে বলেও নোটিশে উল্লেখ থাকবে।

উদাহরণ ১৫-৭

একজন করদাতা উপ কর কমিশনারের নিকট থেকে সময় নিয়ে নির্ধারিত তারিখের একমাস পর আয়কর রিটার্ন দাখিল করেছেন। রিটার্নটি প্রসেস করার পর দেখা যায় করদাতার উপর বিলম্ব সুদ আরোপযোগ্য, কিন্তু রিটার্নে তা পরিশোধ করা হয়নি। রিটার্নে আর কোন গাণিতিক ত্রুটি বা অশুদ্ধ দাবী নেই।

এক্ষেত্রে যেহেতু রিটার্নে মোট আয় বা মোট আয়ের উপর প্রযোজ্য আয়কর পরিগণনায় কোন গাণিতিক ত্রুটি নেই, তাই করদাতাকে কোন ভুল-সংশোধনী রিটার্ন না দিয়ে কেবল বিলম্ব সুদ পরিশোধ করলেই চলে। ফলে করদাতার নিকট নোটিশ প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচিত হবে-

(ক) নোটিশের সাথে প্রদেয় বিলম্ব সুদের হিসাব সম্বলিত একটি প্রাথমিক পরিগণনা পত্র (sheet of computation) সংযুক্ত করতে হবে;

(খ) বিলম্ব সুদের বিষয়ে অবস্থান ব্যাখ্যা করার জন্য করদাতাকে সুযোগ প্রদান করা হবে। এক্ষেত্রে করদাতাকে শুনানীতে হাজির হওয়ার জন্য বলা হবে না। করদাতার কোন ব্যাখ্যা থাকলে তিনি বা তার পক্ষে কেউ আয়কর অফিসে না এসে লিখিত ব্যাখ্যাটি (যদি থাকে) উপ কর কমিশনারের নিকট প্রেরণ করলেই চলবে;

(গ) কোন্ তারিখের মধ্যে বিলম্ব সুদ পরিশোধ করতে হবে তা নোটিশে সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকবে;

(ঘ) নোটিশে উল্লিখিত তারিখের মধ্যে বিলম্ব সুদ পরিশোধ করা হলে প্রসেস কার্যক্রম নিষ্পত্তি করা হবে বলে নোটিশে উল্লেখ থাকবে;

(ঙ) করদাতা নোটিশের শর্ত পূরণ না করলে উপ কর কমিশনার কর্তৃক দাবীর নোটিশ (notice of demand) জারী করা হবে বলেও নোটিশে উল্লেখ থাকবে।

উপধারা (5) এ বলা হয়েছে, উপধারা (1) অনুযায়ী রিটার্ন দাখিলের পর কোন করদাতা যদি দেখেন যে তার অনিচ্ছাকৃত ভুলে কম আয় প্রদর্শন, অথবা বেশি রেয়াত, কর অব্যাহতি বা ক্রেডিট দাবী/প্রদর্শন, অথবা অন্য কোন কারণে কর বা প্রযোজ্য অন্য কোন অংক কম পরিশোধ বা পরিগণনা করা হয়েছে তাহলে উক্ত করদাতা নিজে থেকে নিম্নবর্ণিত দুটি শর্ত পূরণ করে একটি ভুল-সংশোধনী রিটার্ন উপ কর কমিশনারের বিবেচনার জন্য তার নিকট দাখিল করতে পারবেন:

(ক) ভুলের ধরন ও কারণের বিষয়ে একটি লিখিত ব্যাখ্যা উক্ত রিটার্নের সাথে দাখিল;

(খ) যে পরিমাণ কর বা প্রযোজ্য অন্য অংক কম পরিশোধ করা হয়েছে সে পরিমাণ কর ও অংক এবং তার অতিরিক্ত হিসেবে উক্তরূপ কর ও অংকের উপর মাসিক ২ শতাংশ হারে সুদ ভুল-সংশোধনী রিটার্ন দাখিলের আগে বা দাখিলের সময় পরিশোধ করা।

ভুল-সংশোধনী রিটার্নে “৮২বিবি(৫) ধারায় দাখিলকৃত” বা “Filed under section 82BB(5)” কথাটি উল্লেখ থাকতে হবে।

ভুল-সংশোধনী রিটার্নটি পাওয়ার পর উপ কর কমিশনার যদি এ মর্মে সন্তুষ্ট হন যে উক্ত রিটার্নটির ক্ষেত্রে (ক) ভুলের ধরন ও কারণের লিখিত ব্যাখ্যা দাখিল, (খ) কর ও প্রযোজ্য অন্যান্য সকল অংক যথাযথভাবে পরিশোধ, এবং (গ) প্রযোজ্য সুদ পরিশোধ- এ তিনটি শর্ত যথাযথভাবে পরিপালন করা হয়েছে, তাহলে উপ কর কমিশনার ভুল-সংশোধনী রিটার্নটি জমাগ্রহণ (allow) করবেন।

উল্লেখ্য, উপধারা (5) এর আওতায় দাখিলকৃত ভুল-সংশোধনী রিটার্নটি উপ কর কমিশনার কর্তৃক গৃহীত হওয়ার পূর্ব পর্যন্ত তা কেবল তথ্য হিসেবে বিবেচিত হবে। ভুল-সংশোধনী রিটার্ন দাখিল করার পর উপ কর কমিশনার যদি সন্তুষ্ট হন যে এ সংক্রান্ত সকল শর্ত যথাযথভাবে পূরণ হয়েছে তাহলে তিনি রিটার্নটি জমাগ্রহণ করবেন। রিটার্নটি জমাগ্রহণের উপযুক্ত হলে উপ কর কমিশনার প্রাপ্তি স্বীকারপত্র ইস্যু করবেন। প্রাপ্তি স্বীকারপত্রে "৮২বিবি(৫) ধারায় জমাগ্রহণ করা হলো" বা "Allowed under section 82BB(5)" কথাটি উল্লেখ থাকবে।

তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে উপ কর কমিশনার উপধারা (5) এর আওতায় দাখিলকৃত কোন ভুল-সংশোধনী রিটার্ন (সংশ্লিষ্ট সকল শর্ত পূরণ করে দাখিল করা হলেও) জমাগ্রহণ করবেন না-

(ক) যদি উপধারা (1) এর বিধান অনুযায়ী সার্বজনীন স্বনির্ধারণী রিটার্ন দাখিলের পর ১৮০ দিন অতিক্রান্ত হয়; অথবা

(খ) যদি মূল রিটার্নটি অডিটের জন্য নির্বাচিত হয়।

উপধারা (5) এর আওতায় দাখিলকৃত কোন ভুল-সংশোধনী রিটার্ন জমাগ্রহণের উপযুক্ত না হলে করদাতাকে তা অবহিত করতে হবে।

প্রশ্ন ১৫-১

উপধারা (1) এর বিধান অনুযায়ী সার্বজনীন স্বনির্ধারণী রিটার্ন দাখিল না করলে উপধারা (5) এর আওতায় কোন ভুল-সংশোধনী রিটার্ন দাখিলের সুযোগ আছে কি-না?

উত্তর ১৫-১: না, নেই।

প্রশ্ন ১৫-২

উপ কর কমিশনার জমাগ্রহণ (allow) না করলে ভুল-সংশোধনী রিটার্ন বিবেচনাযোগ্য হবে কি-না?

উত্তর ১৫-২: না, হবে না।

প্রশ্ন ১৫-৩

উপধারা (5) এর আওতায় দাখিলকৃত কোন ভুল-সংশোধনী রিটার্ন প্রসেস হবে কি-না?

উত্তর ১৫-৩: হ্যাঁ, হবে। উপধারা (1) অনুসারে দাখিলকৃত মূল রিটার্নের ক্ষেত্রে প্রসেস সংক্রান্ত যে বিধানাবলী প্রযোজ্য, জমাগ্রহণকৃত (allowed) ভুল-সংশোধনী রিটার্নের ক্ষেত্রেও তা প্রযোজ্য হবে।

প্রশ্ন ১৫-৪
উপধারা (5) এর আওতায় দাখিলকৃত কোন ভুল সংশোধনী রিটার্ন উপ কর কমিশনার জমাগ্রহণ না করলে রিটার্নের সাথে প্রদত্ত করের কি হবে?

উত্তর ১৫-৪: করদাতা উক্ত করের ক্রেডিট পাবেন।

প্রশ্ন ১৫-৫
আয় বা করদায়ের downward adjustment (হ্রাস) এর জন্য উপধারা (5) এর আওতায় ভুল-সংশোধনী রিটার্ন দাখিল করা যাবে কি-না?

উত্তর ১৫-৫: না, যাবে না। উপধারা (5) এর আওতায় দাখিলকৃত কোন ভুল-সংশোধনী রিটার্নে আয় বা করদায়ের কেবল upward adjustment (বৃদ্ধি) দেখানো যাবে; কোন downward adjustment (হ্রাস) দেখানো যাবেনা।

উপধারা (6) এ বলা হয়েছে, উপধারা (1) এর বিধান অনুযায়ী সার্বজনীন স্বনির্ধারণী রিটার্ন বা উপধারা (5) এর আওতায় কোন ভুল-সংশোধনী রিটার্ন (যেটি প্রযোজ্য) দাখিলের পর ১২ মাস অতিক্রান্ত হয়ে গেলে উপধারা (3) এর আওতায় কোন নোটিশ জারী করা যাবে না।

উপধারা (7) এ বলা হয়েছে, বোর্ড বা এতদুদ্দেশ্যে বোর্ড হতে ক্ষমতাপ্রাপ্ত কোন অধস্তন কর্তৃপক্ষ উপধারা (1) এর বিধান অনুযায়ী দাখিলকৃত সার্বজনীন স্বনির্ধারণী রিটার্ন, উপধারা (4) এর আওতায় গৃহীত (accepted) ভুল-সংশোধনী রিটার্ন বা উপধারা (5) এর আওতায় জমাগ্রহণকৃত (allowed) কোন ভুল-সংশোধনী রিটার্নের মধ্যে যে কোন সংখ্যক রিটার্ন নির্বাচন করে উপ কর কমিশনারের নিকট অডিটের জন্য প্রেরণ করতে পারবে।

তবে যদি কোন কর বছরের সার্বজনীন স্বনির্ধারণী রিটার্ন বা ভুল-সংশোধনী রিটার্নে অব্যবহিত পূর্ববর্তী কর বছরে কর নিরূপিত মোট আয় (total income assessed in the immediately preceding assessment year) অপেক্ষা ১৫ শতাংশ বেশি মোট আয় প্রদর্শন করা হয় এবং নিম্নবর্ণিত শর্তসমূহের সবকয়টি পূরণ হয় তবে ঐ রিটার্নটি অডিটের জন্য নির্বাচন করা হবে না:

(১) কর-অব্যাহতিপ্রাপ্ত আয় প্রদর্শন করা হয়েছে এরূপ রিটার্নের ক্ষেত্রে কর-অব্যাহতিপ্রাপ্ত আয়ের সপক্ষে উপযুক্ত প্রমাণাদি সংযুক্ত করা হলে;
(২) যেক্ষেত্রে সংশ্লিষ্ট আয়বছরে এক বা একাধিক উৎস হতে ৫ লক্ষ টাকার অধিক ঋণ গ্রহণ প্রদর্শিত হয় সেক্ষেত্রে উক্ত ঋণের সপক্ষে ব্যাংক বিবরণী বা হিসাব বিবরণী

দাখিল করা হলে [অর্থাৎ এরূপ ঋণ ব্যাংকিং (আর্থিক প্রতিষ্ঠানসহ) চ্যানেল গৃহীত হলে];

(৩) সংশ্লিষ্ট আয়বছরে কোন দান গ্রহণ করা না হলে;

(৪) ধারা 44 অনুযায়ী কর-অব্যাহতি প্রাপ্ত বা হ্রাসকৃত হারে করযোগ্য কোন আয় প্রদর্শন করা না হলে;

(৫) রিটার্নে কোন কর ফেরৎ দাবী করা না হলে বা রিটার্নের ফলশ্রুতিতে (প্রসেস কার্যক্রমসহ) কোন কর ফেরৎ সৃষ্টি না হলে।

কোন কর বছরে পূর্ববর্তী কর বছরের কর নিরূপিত মোট আয় অপেক্ষা ১৫ শতাংশ বেশি মোট আয় প্রদর্শন করা হয়েছে কি-না তা নির্ধারণের জন্য দেখতে হবে করদাতা কর্তৃক যে তারিখে বিবেচ্য কর বছরের রিটার্ন দাখিল করা হয়েছে সে তারিখে নিম্নের সারণিমতে অব্যবহিত পূর্ববর্তী কর বছরে রিটার্ন দাখিল পরিস্থিতি, মামলা নিষ্পত্তি পর্যায় ও মোট আয়ের পরিমাণ কি ছিল:

| **অব্যবহিত পূর্ববর্তী কর বছরে রিটার্ন দাখিল পরিস্থিতি** | **অব্যবহিত পূর্ববর্তী কর বছরের মামলা নিষ্পত্তির পর্যায়** | **১৫ শতাংশ তুলনার ভিত্তি** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| অব্যবহিত পূর্ববর্তী কর বছরে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করা হয়েছে | ১ নং কলামে বর্ণিত রিটার্নটির প্রসেস সম্পন্ন হয়নি; রিটার্নটি অডিটের জন্য নির্বাচিতও হয়নি | ১ নং কলামে বর্ণিত রিটার্নে প্রদর্শিত মোট আয় |
| | ১ নং কলামে বর্ণিত রিটার্নটির প্রসেস সম্পন্ন হয়েছে। রিটার্নটি অডিটের জন্য নির্বাচিত হয়নি | ২ নং কলামে বর্ণিত প্রসেস কার্যক্রমের ফলশ্রুতিতে পরিগণিত/গৃহীত মোট আয় |
| | ১ নং কলামে বর্ণিত রিটার্নটির প্রসেস সম্পন্ন হয়েছে। রিটার্নটি অডিটের জন্য নির্বাচিত হওয়ার পর অডিট কার্যক্রমও সম্পন্ন হয়েছে। | ২ নং কলামে বর্ণিত অডিটের ফলশ্রুতিতে নিরুপিত/গৃহীত মোট আয় |
| | ১ নং কলামে বর্ণিত রিটার্নটির প্রসেস সম্পন্ন হয়েছে। রিটার্নটি অডিটের জন্য নির্বাচিত হয়েছে, কিন্তু অডিট বা এসেসমেন্ট অনিষ্পন্ন আছে | (ক)২ নং কলামে বর্ণিত প্রসেস কার্যক্রমের ফলশ্রুতিতে পরিগণিত/গৃহীত মোট আয় এবং (খ) ১ নং কলামে বর্ণিত কর বছরের অব্যবহিত আগের যে কর বছরের কর নির্ধারণী সম্পন্ন হয়েছে সে কর বছরের নিরূপিত মোট আয়-এ দু'য়ের মধ্যে যেটি বেশি |

| **অব্যবহিত পূর্ববর্তী কর বছরে রিটার্ন দাখিল পরিস্থিতি** | **অব্যবহিত পূর্ববর্তী কর বছরের মামলা নিষ্পত্তির পর্যায়** | **১৫ শতাংশ তুলনার ভিত্তি** |
|---|---|---|
| যে ক্ষেত্রে অব্যবহিত পূর্ববর্তী কর বছরে সাধারণ পদ্ধতিতে রিটার্ন দাখিল করা হয়েছে | ১ নং কলামে বর্ণিত রিটার্নটির কর নির্ধারণ সম্পন্ন হয়েছে | ২ নং কলামে বর্ণিত কর নির্ধারণে নিরুপিত মোট আয় |
| | ১ নং কলামে বর্ণিত রিটার্নটির কর নির্ধারণ সম্পন্ন হয়নি | ১ নং কলামে বর্ণিত কর বছরের অব্যবহিত আগের যে কর বছরের কর নির্ধারণী সম্পন্ন হয়েছে সে কর বছরের নিরূপিত মোট আয় |
| যে ক্ষেত্রে অব্যবহিত পূর্ববর্তী কর বছরে আয়কর রিটার্ন দাখিল করা হয়নি | ১ নং কলামে বর্ণিত কর মামলায় কর নির্ধারণ সম্পন্ন হয়েছে | ২ নং কলামে বর্ণিত কর নির্ধারণে নিরুপিত মোট আয় |
| | ১ নং কলামে বর্ণিত কর মামলায় কর নির্ধারণ সম্পন্ন হয়নি | ১৫ শতাংশ বেশি মোট আয় প্রদর্শনের সুবিধা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে না। |
| যে ক্ষেত্রে আপীল/ট্রাইবুনাল/রিভিশন আদেশ বা অন্য কোন কারণে কর নির্ধারণ সংশোধন হবে সে ক্ষেত্রে সংশোধিত মোট আয়কে নিরুপিত মোট আয় হিসেবে ধরা হবে। | | |

সংশ্লিষ্ট কর বছরে পূর্ববর্তী কর বছরে নিরূপিত মোট আয় অপেক্ষা ১৫ শতাংশ বেশি মোট আয় প্রদর্শন করা হয়েছে কি-না তার তুলনা হবে তুল্য কর বছরদ্বয়ের (ক) সকল উৎসের জন্য প্রদর্শিত মোট আয় এবং (খ) অভিন্ন উৎসের আয়ের সমষ্টি এর ভিত্তিতে। এক্ষেত্রে মোট আয় এবং অভিন্ন উৎসের আয়ের সমষ্টি-উভয় বিবেচনাতেই সংশ্লিষ্ট কর বছরের আয় ১৫ শতাংশ বেশি হতে হবে।

উদাহরণ ১৫-৮:

জনাব সাইফুর ১ নভেম্বর ২০১৭ তারিখে ২০১৭-১৮ কর বছরের জন্য সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করেন যাতে প্রদর্শিত আয়ের পরিমাণ ছিল নিম্নরূপ:

| | |
|---|---|
| পেশাখাতে আয় | ৩৬০,০০০ |
| কৃষি আয় | ২০,০০০ |
| সুদ আয় | ১০,০০০ |
| মূলধনী লাভ | ১০০,০০০ |
| মোট আয় | ৪,৯০,০০০ |

জনাব সাইফুর রহমান ২০১৬-১৭ কর বছরে নিম্নবর্ণিত আয় প্রদর্শনপূর্বক সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করেন:

| | |
|---|---|
| পেশাখাতে আয় | ৩৫০,০০০ |
| কৃষি আয় | ২০,০০০ |
| সুদ আয় | ১০,০০০ |
| মোট আয় | ৩,৮০,০০০ |

১ নভেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে করদাতার ২০১৬-১৭ কর বছরের রিটার্নটির প্রসেস সম্পন্ন হয়েছে, যাতে কোন গাণিতিক ত্রুটি বা অশুদ্ধ দাবী পাওয়া যায়নি। ১ নভেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত রিটার্নটি অডিটের জন্য নির্বাচিত হয়নি।

আলোচ্য উদাহরণে ১৫ শতাংশ তুলনার ক্ষেত্রে ২০১৭-১৮ কর বছরের রিটার্নের সাথে ২০১৬-১৭ কর বছরে দাখিলকৃত সার্বজনীন স্বনির্ধারণী রিটার্নের আয়ের তুলনা করা হবে।

এক্ষেত্রে, ২০১৭-১৮ কর বছরে পূর্ববর্তী কর বছরে কর নিরূপিত মোট আয় অপেক্ষা ১৫ শতাংশ বেশি মোট আয় প্রদর্শন করা হয়েছে কি-না তা (ক) সকল উৎসের জন্য প্রদর্শিত মোট আয় এবং (খ) অভিন্ন উৎসে প্রদর্শিত আয়ের সমষ্টি - এ দুটি বিবেচনায় নির্ধারিত হবে। আলোচ্য উদাহরণের ক্ষেত্রে-

(ক) ২০১৭-১৮ কর বছরে করদাতার ৪টি উৎস হতে প্রদর্শিত মোট আয় (৪,৯০,০০০ টাকা) ২০১৬-১৭ কর বছরে নিরূপিত মোট আয় (৩,৮০,০০০ টাকা) অপেক্ষা [(৪,৯০,০০০ - ৩,৮০,০০০) ÷ ৩,৮০,০০০] X ১০০ = ২৮.৯৫ শতাংশ বেশি।

(খ) করদাতার ক্ষেত্রে ২০১৬-১৭ ও ২০১৭-১৮ এ দুটি কর বছরে অভিন্ন উৎস হতে আয়ের তুলনা নিম্নরূপ:

| আয়ের খাত | কর বছর ২০১৬-১৭ | কর বছর ২০১৭-১৮ | বৃদ্ধি/হ্রাস | বৃদ্ধি/হ্রাসের হার |
|---|---|---|---|---|
| পেশাখাতে আয় | ৩৫০,০০০ | ৩৬০,০০০ | +১০,০০০ | |
| কৃষি আয় | ২০,০০০ | ২২,০০০ | +২,০০০ | |
| সুদ আয় | ১০,০০০ | ৮,০০০ | -২,০০০ | |
| **যোগফল** | **৩৮০,০০০** | **৩৯০,০০০** | **+১০,০০০** | **২.৬৩%** |

অর্থাৎ অভিন্ন উৎসের ক্ষেত্রে করদাতা কর্তৃক ১৫ শতাংশ বেশি আয় প্রদর্শিত হয়নি। ফলে করদাতার রিটার্নটি উপধারা (7) অনুযায়ী অডিটের জন্য নির্বাচনের যোগ্য হবে।

যদি অডিট পরিচালনার পর করদাতার আয়, সম্পদ, দায়, ব্যয় ইত্যাদি বিষয়ে রিটার্নে বা ভুল-সংশোধনী রিটার্নে প্রদর্শিত তথ্যের বাইরে নতুন কোন কিছু না পাওয়া যায়

তাহলে উপ কর কমিশনার অডিটটি নিষ্পত্তিকৃত বলে বিবেচনা করে করদাতাকে তা লিখিতভাবে অবহিত করবেন।

আর যদি অডিট পরিচালনার ফলশ্রুতিতে প্রাপ্ত তথ্যে দেখা যায় করদাতার রিটার্নে বা ভুল-সংশোধনী রিটার্নে তার আয়, সম্পদ, দায়, ব্যয় ইত্যাদির তথ্য যথাযথভাবে প্রতিফলিত হয়নি তাহলে উপ কর কমিশনার অডিটে প্রাপ্ত তথ্য অবহিত করে উপধারা (8) অনুযায়ী করদাতাকে নোটিশ প্রদান করে (ক) নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে অডিটে প্রাপ্ত তথ্যের প্রতিফলন ঘটিয়ে সংশোধিত রিটার্ন (revised return) দাখিলের জন্য; এবং (খ) উক্তরূপ সংশোধিত রিটার্নের ভিত্তিতে প্রযোজ্য কর ও অন্যান্য প্রদেয় অংক রিটার্ন দাখিলের আগে বা দাখিলের সময় পরিশোধের জন্য বলবেন।

উপধারা (8) এর নোটিশের প্রেক্ষিতে যদি করদাতা কর্তৃক সংশোধিত রিটার্ন দাখিল করা হয় এবং উপ কর কমিশনার যদি এ মর্মে সন্তুষ্ট হন যে (ক) রিটার্নটিতে অডিটে প্রাপ্ত তথ্যের যথাযথ প্রতিফলন রয়েছে এবং সংশোধিত রিটার্নের ভিত্তিতে প্রযোজ্য কর ও অন্যান্য প্রদেয় অংক রিটার্ন দাখিলের আগে বা দাখিলের সময় সম্পূর্ণরূপে পরিশোধিত হয়েছে তাহলে উপ কর কমিশনার সংশোধিত রিটার্নটি গ্রহণ করে করদাতাকে একটি গ্রহণপত্র (letter of acceptance) প্রদান করবেন।

আর যদি উপধারা (8) এর নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে বা উপ কর কমিশনার কর্তৃক এতদুদ্দেশ্যে মঞ্জুরীকৃত বর্ধিত সময়ের মধ্যে করদাতা সংশোধিত রিটার্ন দাখিলে ব্যর্থ হন, অথবা করদাতা সংশোধিত রিটার্ন দাখিল করলেও (ক) রিটার্নটিতে অডিটে প্রাপ্ত তথ্যের যথাযথ প্রতিফলন না থাকে বা (খ) সংশোধিত রিটার্নের ভিত্তিতে প্রযোজ্য কর ও অন্যান্য প্রদেয় অংক রিটার্ন দাখিলের আগে বা দাখিলের সময় সম্পূর্ণরূপে পরিশোধিত না হয়, তাহলে উপ কর কমিশনার ধারা 83 অথবা ধারা 84, যেটি প্রযোজ্য, তার আওতায় কর নির্ধারণ কার্যক্রম গ্রহণ করবেন।

উল্লেখ্য, কোন করদাতা এ ধারায় দাখিলকৃত কোন ভুল-সংশোধনী রিটার্ন বা সংশোধিত রিটার্নে কর-অব্যাহতিপ্রাপ্ত বা হ্রাসকৃত হারে করযোগ্য আয় প্রদর্শন করলে সে আয়ের ক্ষেত্রে ধারা 19 এর উপধারা (31) এর বিধান প্রযোজ্য হবে।

উপধারা (11) এর বিধান অনুযায়ী, নিম্নবর্ণিত তিনটি শর্তের সবগুলো পূরণ হলে, একজন নতুন করদাতার সার্বজনীন স্বনির্ধারণী রিটার্নে প্রদর্শিত ব্যবসায় বা পেশার প্রারম্ভিক মূলধনের উৎসের বিষয়ে উপ কর কমিশনার কোন প্রশ্ন উত্থাপন করবেন না:

(ক) যদি করদাতার প্রদর্শিত ব্যবসায় বা পেশা খাতের আয়ের পরিমাণ (যা করমুক্ত সীমার বেশি হবে) উক্ত ব্যবসায় বা পেশার জন্য প্রদর্শিত প্রারম্ভিক মূলধনের ২০ শতাংশ বা তার বেশি হয়;

(খ) যদি রিটার্নটি দাখিলের আগে বা দাখিলের সময় করদাতা উক্ত প্রদর্শিত ব্যবসায় বা পেশা খাতের আয়ের উপর নিয়মিত হারে কর পরিশোধ করে থাকেন; এবং

(গ) যদি রিটার্নের সাথে এ মর্মে করদাতার লিখিত বিবৃতি সংযোজিত থাকে যে রিটার্নটির ক্ষেত্রে উপধারা (11) প্রযোজ্য।

এ ধারায় নিয়মিত হার (regular rate) বলতে কোন ক্ষেত্রে কর অব্যাহতি বা হ্রাসকৃত করহার না থাকলে যে করহার প্রযোজ্য হতো সে হারকে বুঝাবে।

উদাহরণ ১৫-৯
জনাব আজমল হোসেন প্রথম বারের মতো ২০১৭-১৮ কর বছরে ২,৫০,০০০ টাকা ব্যবসা খাতে আয় প্রদর্শনপূর্বক সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল করেছেন। তিনি ব্যবসায়ের প্রারম্ভিক মূলধন ১২,৫০,০০০ টাকা প্রদর্শন করে উক্ত রিটার্নের ক্ষেত্রে উপধারা (11) প্রযোজ্য হবে মর্মে লিখিত বিবৃতি রিটার্নের সাথে সংযুক্ত করেছেন।

এক্ষেত্রে করদাতার প্রদর্শিত আয় ২,৫০,০০০ টাকা, যা করমুক্ত সীমার বেশি নয়, অর্থাৎ করদাতা করযোগ্য আয় প্রদর্শন করেননি। ফলে করদাতার প্রারম্ভিক মূলধন উপধারা (11) অনুযায়ী ব্যাখ্যায়িত বলে গণ্য হবে না।

উদাহরণ ১৫-১০
মিজ্ তানজিলা হোসেন প্রথম বারের মতো ২০১৭-১৮ কর বছরে মৎস্য চাষ হতে ৪,০০,০০০ টাকা আয় প্রদর্শনপূর্বক সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল করেছেন। তিনি ব্যবসায়ের প্রারম্ভিক মূলধন ২০,০০,০০০ টাকা প্রদর্শন করে উক্ত রিটার্নের ক্ষেত্রে উপধারা (11) প্রযোজ্য হবে মর্মে লিখিত বিবৃতি রিটার্নের সাথে সংযুক্ত করেছেন।

এক্ষেত্রে যেহেতু করদাতার আয়ের উপর নিয়মিত হারে কর প্রদান করা হয়নি সেহেতু করদাতার প্রারম্ভিক মূলধন উপধারা (11) অনুযায়ী ব্যাখ্যায়িত বলে গণ্য হবে না।

কোন আয় বছরের রিটার্নের ক্ষেত্রে উপধারা (11) তে বর্ণিতমতে প্রারম্ভিক মূলধন প্রদর্শনের সুযোগ গ্রহণ করা হলে উক্ত প্রারম্ভিক মূলধন সংশ্লিষ্ট ব্যবসা বা পেশায় ঐ আয়বছর এবং পরবর্তী আরো চারটি আয়বছর ধরে রাখতে হবে। এ সময়ের কোন আয়বছরের শেষে যদি দেখা যায় সংশ্লিষ্ট ব্যবসায় বা পেশার মূলধনের পরিমাণ প্রারম্ভিক মূলধনের পরিমাণ অপেক্ষা কমে গেছে, তাহলে যে পরিমাণ মূলধন কম হবে

তা ঐ আয়বছরের "ব্যবসায় খাতের আয়" হিসেবে করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত হবে।

উদাহরণ ১৫-১১

জনাব ওমর ফারুক প্রথম বারের মতো ২০১৭-১৮ কর বছরে ৫,০০,০০০ টাকা ব্যবসায় খাতে আয় প্রদর্শনপূর্বক এবং প্রযোজ্য আয়কর পরিশোধপূর্বক সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল করেছেন। তিনি ব্যবসায়ের প্রারম্ভিক মূলধন হিসেবে ২৫,০০,০০০ টাকা প্রদর্শন করেন। প্রারম্ভিক মূলধনের ক্ষেত্রে উপধারা (11) প্রযোজ্য হবে মর্মে লিখিত বিবৃতি রিটার্নের সাথে সংযুক্ত করেন। করদাতার রিটার্নটি সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে নিষ্পন্ন হয়।

২০১৮-১৯ কর বছরেও করদাতা সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল করেন। উক্ত রিটার্নের সাথে দাখিলকৃত বিবরণী ও দলিলাদি পর্যালোচনায় দেখা যায় করদাতার বর্ণিত ব্যবসায়ের মূলধনের সমাপনি জেরের পরিমাণ ২৪,০০,০০০ টাকা। অর্থাৎ প্রারম্ভিক মূলধন অপেক্ষা (২৫,০০,০০০ - ২৪,০০,০০০) = ১,০০,০০০ টাকা মূলধন হ্রাস পেয়েছে। করদাতার ২০১৮-১৯ কর বছরের রিটার্ন প্রসেস কার্যক্রমে উপ কর কমিশনার মোট আয় পরিগণনায় ১,০০,০০০ টাকা ব্যবসায় খাতের আয় হিসেবে অন্তর্ভুক্ত করবেন এবং এ আয় নিয়মিত হারে করযোগ্য হবে।

ধারা 82BB এর বিধান ধারা 93 প্রয়োগের ক্ষেত্রে বাধা হবে না। প্রয়োগের ক্ষেত্রে এ দুটি ধারা mutually exclusive বলে ধরা হবে না। তবে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতির রিটার্নের ক্ষেত্রে যদি প্রদেয় কর বা অন্যান্য অংক এড়িয়ে যাওয়ার তথ্য পাওয়া যায় তাহলে উপ কর কমিশনার সাধারণভাবে বিবেচনা করে দেখবেন যে হৃত রাজস্ব পুনরুদ্ধারে ধারা 82BB প্রয়োগের উপযুক্ত সুযোগ এবং পর্যাপ্ত সময় রয়েছে কি-না। যদি থাকে, উপ কমিশনার প্রথমে ধারা 82BB প্রয়োগের বিষয়টি বিবেচনা করবেন।

আর যদি উপ কর কমিশনারের নিকট প্রতীয়মান হয় যে কর মামলাটি সন্তোষজনকভাবে নিষ্পত্তি করে হৃত রাজস্ব পুনরুদ্ধারের পর্যাপ্ত সুযোগ ও সময় ধারা 82BB এর আওতায় নেই তাহলে তিনি প্রযোজ্য ক্ষেত্রে ধারা 93 প্রয়োগ করবেন।

তবে ধারা 82BB এর উপধারা (1) এর বিধান অনুসারে দাখিলকৃত কোন রিটার্নে ধারা 93 এর উপধারা (1) অনুযায়ী নোটিশ জারীর ক্ষেত্রে উপ কর কমিশনারকে পরিদর্শী কর্মকর্তার পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

ধারা 82BB এর পরিবর্তিত বিধান ২০১৭-১৮ কর বছর বা তার পরবর্তী কোন কর বছরের জন্য দাখিলকৃত রিটার্নের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**১৬। আয়কর অধ্যাদেশের ধারা 82C এর সংশোধন**

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 82C সংশোধন করে ধারা 53E কে ন্যূনতম কর (minimum tax) এর বিধানের অন্তর্ভুক্ত করা হয়েছে।

পরিবর্তিত বিধান ২০১৭-১৮ কর বছর হতে কার্যকর হবে।

এছাড়া প্রায়োগিক অস্পষ্টতা দূর করার জন্য উপধারা (2) এর ক্লজ (d) এর "regular rate" শব্দগুলির পরিবর্তে "applicable rate" এবং উপধারা (9) এর ক্লজ (c) এর "regular rate" শব্দগুলির পরিবর্তে "regular tax rate" শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে।

**১৭। আয়কর অধ্যাদেশের ধারা 93 এর প্রতিস্থাপন**

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 93 প্রতিস্থাপন করে এড়িয়ে যাওয়া কর ও প্রযোজ্য অন্যান্য অংক (tax, etc. that has escaped payment) আদায়ের বিষয়ে নতুন বিধান সন্নিবেশ করা হয়েছে। নতুন বিধানের উপধারা (1) অনুযায়ী, যদি অডিট, কর নির্ধারণ বা আয়কর অধ্যাদেশের আওতায় গৃহীত অন্য কোন কার্যক্রমের সূত্রে অথবা অন্য কোন উৎস হতে প্রাপ্ত তথ্যসূত্রে উপ কর কমিশনারের বিশ্বাস করার কারণ থাকে যে কোন করদাতা কর্তৃক কোন কর বছরে আয়কর অধ্যাদেশের আওতায় প্রদেয় কর বা অন্য কোন অংকের পরিশোধ এড়িয়ে যাওয়া হয়েছে তাহলে উপ কর কমিশনার উক্ত করদাতাকে বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে নোটিশ জারী করে-

(ক) নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর বছরের জন্য প্রযোজ্য আয়কর রিটার্ন এবং প্রযোজ্য বিবরণী ও দলিলাদি দাখিল করতে বলবেন; এবং

(খ) আয়কর অধ্যাদেশের আওতায় প্রদেয় যে কর এবং অন্যান্য অংকের পরিশোধ এড়িয়ে যাওয়া হয়েছে তা বর্ণিত আয়কর রিটার্ন দাখিলের সময় বা তার আগে পরিশোধের জন্য বলবেন।

আয়কর অধ্যাদেশের আওতায় প্রদেয় কর বা অন্য কোন অংকের পরিশোধ এড়িয়ে যাওয়া (অর্থাৎ যে সকল কারণে উপধারা (1) অনুযায়ী নোটিশ জারী করা যাবে) বলতে বুঝাবে-

(১) কোন আয় বা তার অংশ বিশেষের কর নির্ধারণ এড়িয়ে যাওয়া;

(২) কম আয় প্রদর্শিত হওয়া;

(৩) প্রকৃত অংকের চেয়ে বেশি লোকসান, বিয়োজন, ভাতা বা ছাড় রিটার্নে দাবী করা;

(৪) নিম্নবর্ণিত উপায়ে প্রদেয় কর বা অন্যান্য প্রদেয় অংকের পরিমাণ কম প্রদর্শন বা পরিগণনা-

  (ক) আয়ের তথ্য গোপন (concealment) বা অসত্য পরিমাণে প্রদর্শন (misreporting); বা

  (খ) ধারা 80 মতে দাখিলযোগ্য সম্পদ ও দায়ের বিবরণী/জীবন যাত্রা সম্পর্কিত বিবরণীতে সম্পদ, দায় ও ব্যয়ের তথ্য গোপণ বা অসত্য পরিমাণে প্রদর্শন (misreporting);

(৫) কম করযোগ্য আয় নিরূপিত হওয়া, বা প্রকৃত হার অপেক্ষা কম হারে করারোপিত হওয়া;

(৬) করযোগ্য আয়কে কর অব্যাহতিপ্রাপ্ত আয় হিসেবে বিবেচনা;

(৭) আয় নিরূপণের ক্ষেত্রে প্রকৃত অংকের চেয়ে বেশি লোকসান, ছাড়, অবচয় ভাতা বা অন্য কোনরূপ ভাতা অনুমোদন করা;

(৮) ভিত্তি কম ধরার বা হওয়ার ফলশ্রুতিতে প্রদেয় কর বা অন্যান্য প্রদেয় অংকের পরিমাণ কম প্রদর্শিত বা পরিগণিত হওয়া।

উদাহরণ ১৭-১

একজন করদাতা ব্যবসায় খাতে আয় প্রদর্শন করে ২০১৫-১৬ কর বছরের জন্য সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল করেছিলেন। অডিটের পর করদাতার কর মামলাটির নিষ্পত্তি হয়েছিল।

পরবর্তীতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ১ সেপ্টেম্বর ২০১৭ তারিখে উপ কর কমিশনার জানতে পারেন যে ২০১৫-১৬ কর বছরে করদাতার ১০ লক্ষ টাকার ব্যাংক সুদ আয় ছিল, যা তার আয়কর রিটার্নে প্রদর্শিত হয়নি এবং অডিট বা কর নির্ধারণ পর্যায়েও তা উদঘাটিত হয়নি।

সুদ আয় প্রদর্শন না করার মাধ্যমে নিশ্চিতভাবেই প্রদেয় কর এড়িয়ে যাওয়া হয়। ফলে এ ক্ষেত্রে উপ কর কমিশনারের বিশ্বাস করার কারণ থাকবে যে করদাতা ২০১৫-১৬ কর বছরে প্রদেয় কর (এবং প্রযোজ্য ক্ষেত্রে সারচার্জ, ইত্যাদি) এড়িয়ে গিয়েছেন। ফলে উপ কর কমিশনার উপধারা (1) অনুযায়ী নোটিশ জারী করবেন।

উদাহরণ ১৭-২

একজন করদাতা ২০১৪-১৫ কর বছরের জন্য সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল করেছিলেন। রিটার্নটি অডিটের জন্য নির্বাচিত হয়নি।

পরবর্তীতে ১৫ ডিসেম্বর ২০১৭ তারিখে উপ কর কমিশনার করদাতার কর নথি দৃষ্টে জানতে পারেন যে ২০১৪-১৫ কর বছরে করদাতা তার আবাসিক গৃহসম্পত্তির জন্য বার্ষিক মূল্যের ৩০ শতাংশ হারে মেরামত খরচ বিয়োজন করেন, যা প্রকৃত পক্ষে ২৫ শতাংশ হবে। অধিক বিয়োজন গ্রহণের মাধ্যমে করদাতা কম আয় প্রদর্শন করেছেন এবং ফলশ্রুতিতে কম পরিশোধ পরিগণনা ও পরিশোধ করেছেন। এক্ষেত্রেও উপ কর কমিশনার উপধারা (1) অনুযায়ী নোটিশ জারী করবেন।

উদাহরণ ১৭-৩

একজন করদাতার ২০১৭-১৮ কর বছরের কর মামলা নিষ্পত্তিকালে উপ কর কমিশনারের নজরে আসে যে করদাতার ২০১৬-১৭ কর বছরের নিষ্পত্তিকৃত কর মামলায় ন্যূনতম কর কম পরিগণনা করা হয়েছে এবং ঐ কম অংকই পরিশোধিত হয়েছে। এক্ষেত্রেও ২০১৬-১৭ কর বছরের কর মামলায় ধারা 93 প্রযোজ্য হবে।

উদাহরণ ১৭-৪

একটি কোম্পানির ২০১৭-১৮ কর বছরের কর মামলা নিষ্পত্তিকালে উপ কর কমিশনারের নজরে আসে যে ২০১৪-১৫ কর বছরে করদাতা কোম্পানি সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতির রিটার্নে প্রদর্শিত নীট মুনাফা (disclosed net profit) এর ১২ শতাংশ হেড অফিস খরচ প্রদর্শন করেছেন। ২০১৪-১৫ কর বছরের রিটার্নটি অডিট হয়নি।

যেহেতু করদাতা কোম্পানি ২০১৪-১৫ কর বছরে বিধিবদ্ধ সীমা (প্রদর্শিত নীট মুনাফার ১০%) এর বেশি হেড অফিস খরচ গ্রহণ করেছেন এবং যেহেতু অতিরিক্ত পরিশোধিত হেড অফিস খরচ ধারা 30 এর বিধান অনুযায়ী ২০১৪-১৫ কর বছরে মোট আয়ের অন্তর্ভুক্ত হওয়ার মাধ্যমে অতিরিক্ত করদায় সৃষ্টি হওয়ার কথা, তাই করদাতার ২০১৪-১৫ কর বছরের কর মামলায় ধারা 93 প্রযোজ্য হবে।

কোন কর বছরের জন্য উপধারা (1) এর আওতায় নোটিশ জারীর ক্ষেত্রে, কোন উৎস হতে বা কোন উপায়ে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে, উপ কর কমিশনারের বিশ্বাস করার কারণ (reason to believe) থাকতে হবে যে করদাতা কর্তৃক সে কর বছরে আয়কর অধ্যাদেশের আওতায় প্রদেয় কর বা অন্য কোন অংকের পরিশোধ এড়িয়ে যাওয়া হয়েছে। ‘বিশ্বাস করার কারণ’ হতে হবে প্রাপ্ত তথ্যের সাথে কর বা প্রদেয় অন্যান্য অর্থ ফাঁকির সুনির্দিষ্ট (definite), চিহ্নিত (identified) ও নিরূপণযোগ্য (ascertainable) সম্পর্কের ভিত্তিতে। কেবল সন্দেহ করার কারণ (reason to

suspect) বা অনুমান করার কারণ (reason to surmise) এর ভিত্তিতে উপধারা (1) অনুযায়ী নোটিশ জারী করা যাবে না। কোন fishing expedition (কোন কিছু পাওয়া যেতেও পারে-এরূপ ভাবনায় অনুসন্ধান) এর জন্যও উপধারা (1) অনুযায়ী নোটিশ জারী করা যাবে না।

প্রাপ্ত কোন তথ্য 'বিশ্বাস করার কারণ' এর জন্য যথেষ্ট কি-না সে বিষয়ে উপ কর কমিশনারকে যৌক্তিক ভাবনা-প্রসূত (judicious) সিদ্ধান্ত নিতে হবে। নামে-বেনামে প্রাপ্ত অবস্তুনিষ্ঠ কোন তথ্যের উপর ভিত্তি করে উপধারা (1) এর আওতায় নোটিশ জারী করা যাবে না।

উদাহরণ ১৭-৫

একজন করদাতা ৫,০০,০০০ টাকা ব্যবসায় খাতে আয় প্রদর্শন করে ২০১৫-১৬ কর বছরের জন্য সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল করেছিলেন। করদাতার সম্পদ বিবরণীতে কোন ব্যাংক হিসাব প্রদর্শন করা হয়নি। ২০১৫-১৬ কর বছরের রিটার্নটি অডিট হয়নি।

পরবর্তীতে ২০১৭-১৮ কর বছরের কর মামলা প্রসেসকালে উপ কর কমিশনার দেখেন যে ২০১৭-১৮ কর বছরের সম্পদ বিবরণীতে ১,২০,১৫,০০০ টাকা ব্যাংক ব্যালেন্স প্রদর্শন করেছেন। এ থেকে উপ কর কমিশনারের নিকট প্রতীয়মান হয় যে ২০১৫-১৬ কর বছরে করদাতার ব্যাংক হিসাব থাকতে পারে, যা করদাতা গোপণ করে থাকতে পারেন।

আলোচ্য ক্ষেত্রে, ২০১৫-১৬ কর বছরে করদাতা ব্যাংক হিসাব গোপণ করেছেন বা এর মাধ্যমে প্রদেয় কর বা অন্যান্য অংক কম পরিগণনা/পরিশোধ করেছেন-এরূপ কোন সুনির্দিষ্ট তথ্য উপ কর কমিশনারের কাছে নেই। ফলে এখানে "reason to believe" এর উপাদান নেই। এক্ষেত্রে উপ কর কমিশনার যদি অনুমানের ভিত্তিতে উপধারা (1) অনুযায়ী নোটিশ জারী করেন তাহলে তা "reason to believe" এর ভিত্তিতে নয়, বরং "reason to surmise" এর ভিত্তিতে জারীকৃত বলে ধরে নেয়া হবে, যা আইনের উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ হবে না।

উপধারা (1) অনুযায়ী জারীকৃত নোটিশের প্রেক্ষিতে যদি উপ কর কমিশনার এ মর্মে সন্তুষ্ট হন যে নিম্নবর্ণিত তিনটি শর্ত পূরণ হয়েছে তাহলে তিনি করদাতার রিটার্ন গ্রহণ করে একটি গ্রহণপত্র (letter of acceptance) ইস্যু করবেন। উক্ত গ্রহণপত্র ইস্যুর মাধ্যমে ধারা 93 এর আওতায় কার্যক্রমটি সম্পন্ন হয়েছে বলে গণ্য হবে। শর্ত তিনটি হলো-

(১) উপধারা (1) এর বিধানে বর্ণিতমতে আয়কর রিটার্ন দাখিল;

(২) আয়কর অধ্যাদেশের আওতায় যে প্রদেয় কর এবং প্রদেয় অন্যান্য অংকের পরিশোধ এড়িয়ে যাওয়া হয়েছে তা বর্ণিত আয়কর রিটার্ন দাখিলের সময় বা তার আগে পরিশোধ; এবং

(৩) যে কারণে আয়কর অধ্যাদেশের আওতায় প্রদেয় কর এবং প্রদেয় অন্য কোন অংকের পরিশোধ এড়িয়ে যাওয়া হয়েছিল দাখিলকৃত রিটার্নে তার সুরাহা থাকা।

আর যদি উপরের তিনটি শর্তের কোন একটি পূরণ না হয় তাহলে উপ কর কমিশনার ধারা 83 অথবা ধারা 84, যেটি প্রযোজ্য, তার আওতায় কর নির্ধারণ কার্যক্রম গ্রহণ করবেন।

উদাহরণ ১৭-৬

জনাব মাসুম চৌধুরী ২০১৫-১৬ কর বছরের জন্য আয়কর রিটার্ন দাখিল করেছিলেন এবং তার কর মামলাটি যথারীতি নিষ্পন্ন হয়েছিল।

পরবর্তীতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে উপ কর কমিশনার জানতে পারেন যে ২০১৫-১৬ কর বছরে করদাতা ২,০০,০০০ টাকা সুদ আয় কম প্রদর্শন করেছেন। এক্ষেত্রে উপ কর কমিশনার নির্ধারিত ফরমে উপধারা (1) অনুযায়ী নোটিশ জারী করবেন।

নোটিশ পাওয়ার পর করদাতা যদি-

(ক) নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে ২০১৫-১৬ কর বছরের জন্য আয়কর রিটার্ন এবং নোটিশের চাহিদা অনুযায়ী বিবরণী ও দলিলাদি দাখিল করেন;

(খ) দাখিলকৃত রিটার্নে মূল রিটার্নে প্রদর্শিত মোট আয়ের সাথে ২,০০,০০০ টাকা সুদ আয় প্রদর্শন করা হয় (অর্থাৎ, বর্ণিত সুদ আয়ের সমপরিমাণে মোট আয় বাড়ানো হয়);

(গ) ২,০০,০০০ টাকা সুদ আয়ের উপর প্রযোজ্য আয়কর (এবং প্রযোজ্য ক্ষেত্রে সারচার্জ, ইত্যাদি) বর্ণিত আয়কর রিটার্ন দাখিলের আগে বা রিটার্ন দাখিল কালে পরিশোধ করেন;

-তাহলে উপ কর কমিশনার রিটার্নটি গ্রহণ করে একটি গ্রহণপত্র (letter of acceptance) ইস্যু করবেন। উক্ত গ্রহণপত্র ইস্যুর মাধ্যমে ধারা 93 এর আওতায় কার্যক্রমটি সম্পন্ন হয়েছে বলে গণ্য হবে।

যে কর বছরের ক্ষেত্রে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে কর মামলা নিষ্পন্ন হয়েছে অথবা অন্য কোন ধারার আওতায় কর নির্ধারণ সম্পন্ন হয়েছে সে কর বছরের জন্য উপধারা (1) অনুযায়ী নোটিশ জারীর ক্ষেত্রে উপ কর কমিশনারকে পরিদর্শী কর্মকর্তার পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

কোন কর বছরের কর মামলার জন্য উপধারা (1) এ বর্ণিত নোটিশ জারীর সময়সীমা হবে নিম্নরূপ:

| | রিটার্ন দাখিল/মামলা নিষ্পত্তি | নোটিশ জারীর সময়সীমা |
|---|---|---|
| ১ | যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর বছরের জন্য রিটার্ন দাখিল করা হয়নি, কর নির্ধারণও সম্পন্ন হয়নি | যে কোন সময় |
| ২ | যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর বছরের জন্য রিটার্ন দাখিল করা হয়নি, কিন্তু কর নির্ধারণ সম্পন্ন হয়েছে | সংশ্লিষ্ট কর বছর শেষ হওয়ার তারিখ হতে ছয় বছরের মধ্যে |
| ৩ | (১) ও (২) ক্রমিকে বর্ণিত ক্ষেত্র ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে | সংশ্লিষ্ট কর বছর শেষ হওয়ার তারিখ হতে পাঁচ বছরের মধ্যে:<br>তবে যে ক্ষেত্রে রিটার্নে বা কর নির্ধারণের কোন পর্যায়ে করদাতা কর্তৃক কোন তথ্য গোপন করার কারণে কর বা অন্যান্য অংক এড়িয়ে যাওয়া হয়েছে সে ক্ষেত্রে কর কমিশনার নোটিশ জারীর সময়সীমা পাঁচ বছরের স্থলে ছয় বছর পর্যন্ত বাড়াতে পারেন। |

সংশ্লিষ্ট কর বছরে কর নির্ধারণ সম্পন্ন হয়েছে এরূপ করদাতার ক্ষেত্রে, যে বিষয় বা বিষয়াদির কারণে কর মামলাটি পুনঃউন্মোচিত হয়েছে কর নির্ধারণের ক্ষেত্রে সে বিষয়াদি বা তার সাথে সরাসরিভাবে সংশ্লিষ্ট কোন ক্ষেত্রের বাইরে যাওয়া যাবেনা।

উদাহরণ ১৭-৭

একজন করদাতা ৫,০০,০০০ টাকা ব্যবসায় খাতে আয় প্রদর্শন করে ২০১৫-১৬ কর বছরের জন্য সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল করেছিলেন। করদাতা তার সম্পদ বিবরণীতে ১০ লক্ষ টাকা ব্যাংক হিসাব ব্যালেন্স প্রদর্শন করেন। ২০১৫-১৬ কর বছরের রিটার্নটি অডিট হয়নি।

পরবর্তীতে ২০ জানুয়ারি ২০১৮ তারিখে উপ কর কমিশনার জানতে পারেন যে ২০১৫-১৬ কর বছরে করদাতার ব্যাংক সুদ আয় ছিল যা তিনি গোপন করেছেন। ফলে উপ কর কমিশনার উপধারা (1) অনুযায়ী নোটিশ জারী করেন। নোটিশের প্রেক্ষিতে করদাতা সুদ আয় প্রদর্শন ও তার সমর্থনে ব্যাংক বিবরণী সংযুক্ত করে সুদ আয়ের উপর প্রযোজ্য কর পরিশোধপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে রিটার্ন দাখিল করেন। দাখিলকৃত ব্যাংক বিবরণী অনুযায়ী করদাতার ব্যাংক ব্যালেন্স পাওয়া যায় ৩০,১২,৮৭৫ টাকা, যা করদাতা রিটার্নের

সাথে দাখিলকৃত সম্পদ বিবরণীতে প্রদর্শন করেছেন, কিন্তু বাড়তি ব্যাংক ব্যালেন্স-ফলশ্রুত সম্পদ পরিবৃদ্ধির গ্রহণযোগ্য উৎস তিনি প্রদর্শন করতে পারেননি (অথবা প্রদর্শিত উৎস উপ কর কমিশনারের নিকট গ্রহণযোগ্য বলে প্রতীয়মান হয়নি)।

এক্ষেত্রে, দাখিলকৃত রিটার্নের প্রেক্ষিতে উপ কর কমিশনার গ্রহণপত্র ইস্যু না করে কর নির্ধারণ কার্যক্রম গ্রহণ করবেন। কর নির্ধারণে সুদ আয় এবং এর সাথে সংশ্লিষ্ট ব্যাংক ব্যালেন্স সূত্রে সম্পদের অব্যাখ্যায়িত পরিবৃদ্ধিজনিত আয় নির্ধারণ করবেন।

প্রযোজ্য ক্ষেত্রে এ ধারার বিধান পূরণ সাপেক্ষে কোন কর বছরের কর মামলা একাধিকবার পুনঃউন্মোচন করা যাবে।

নতুন কর নির্ধারণ (fresh assessment), আদালতের আদেশের কারণে কার্যক্রম স্থগিত থাকা, ইত্যাদি ক্ষেত্রে কর নির্ধারণ বা অন্যান্য কার্যক্রম গ্রহণের সময় উত্তীর্ণ হওয়া (period of limitation) সংক্রান্ত বিধান পূর্বের অনুরূপ থাকবে।

এছাড়া, কর মামলা annulled, set aside, cancelled বা modified হওয়ার ক্ষেত্রে নোটিশ জারী সংক্রান্ত বিধান পূর্বের অনুরূপ থাকবে।

ধারা 93 অনুযায়ী ১ জুলাই ২০১৭ বা তার পরের কোন তারিখে কর মামলা পুনঃউন্মোচনের ক্ষেত্রে পরিবর্তিত বিধান কার্যকর হবে।

### ১৮। আয়কর অধ্যাদেশের ধারা 94 এর প্রতিস্থাপন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 82BB ও ধারা 93 এর বিধান পরিবর্তিত হওয়ার কারণে সামঞ্জস্যতা রাখার স্বার্থে কর নির্ধারণের সময়সীমা উত্তীর্ণ হওয়া সংক্রান্ত আগের বিধান মূলতঃ অক্ষুন্ন রেখে ধারা 94 প্রতিস্থাপন করা হয়েছে।

### ১৯। শিপিং ব্যবসায়ে Demurrage charge, handling charge বা অনুরূপ খাতে প্রাপ্ত আয়ের করযোগ্যতা: আয়কর অধ্যাদেশের ধারা 102 এর সংশোধন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 102 সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী শিপিং ব্যবসায় পরিচালনাকারী কোন অনিবাসী কর্তৃক যাত্রী, মালামাল, গবাদিপশু, ডাক, ইত্যাদি পরিবহনের মাধ্যমে প্রাপ্ত

ভাড়া আয়ের মধ্যে demurrage charge, handling charge বা সমজাতীয় প্রকৃতির আয়ও অন্তর্ভুক্ত হবে। অর্থাৎ উক্তরূপ আয়ও ধারা 102 তে বর্ণিত হারে করযোগ্য হবে।

বর্ণিত demurrage charge, handling charge বা সমজাতীয় প্রকৃতির আয় যদি জাহাজ বন্দর ত্যাগের পরে আদায়/প্রাপ্য হয় তাহলে জাহাজ বন্দর ত্যাগের পরবর্তী ৩০ দিনের মধ্যে ধারা 102 এর উপধারা (4) এর বিধান অনুযায়ী যে রিটার্ন দাখিল করা হয় সে রিটার্নে উক্তরূপ আয়কেও অন্তর্ভুক্ত করতে হবে এবং কর প্রদান করতে হবে।

আর যদি বর্ণিত ৩০ দিনের পরে কোন demurrage charge, handling charge খাতের আয় বা সমজাতীয় প্রকৃতির আয় উদ্ভূত হয় তাহলে যে মাসে উক্তরূপ আয় উদ্ভূত হয়েছে সে মাস শেষ হওয়ার পরবর্তী ৩০ দিনের মধ্যে উক্তরূপ আয়ের জন্য একটি সম্পূরক রিটার্ন দাখিল এবং আয়ের উপর কর প্রদান করতে হবে।

যেহেতু বিধানটি নতুন প্রবর্তিত হয়েছে, তাই পূর্বে উদ্ভূত কোন demurrage charge, handling charge খাতের আয় বা সমজাতীয় প্রকৃতির আয়ের জন্য যদি আগে রিটার্ন দাখিল বা কর পরিশোধ না হয়ে থাকে তাহলে উপ কর কমিশনারের বরাবরে এ বিষয়ে দাখিলকৃত একটি পৃথক কাগজে আয় অর্জনের সময়কাল, চার্জ বা আয় পরিশোধকারীর বিস্তারিত তথ্য, চার্জের প্রকৃতি, ইত্যাদি তথ্য উল্লেখপূর্বক এরূপ সমুদয় কর-অপরিশোধিত আয় প্রদর্শন করে একটি পৃথক সম্পূরক রিটার্ন দাখিল করতে হবে এবং রিটার্ন দাখিলের আগে বা দাখিলকালে তার উপর আয়কর পরিশোধ করতে হবে।

## ২০। আয়কর অধ্যাদেশের ধারা 120 এর প্রতিস্থাপন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 120 প্রতিস্থাপন করে রাজস্ব হানিকর বিবেচনায় ত্রুটিপূর্ণ (erroneous in so far as it is prejudicial to the interests of the revenue) আদেশ সংশোধন সংশ্লিষ্ট বিধানে পরিবর্তন আনা হয়েছে। পরিবর্তিত বিধানের উপধারা (1) অনুযায়ী, উপ কর কমিশনারের কোন আদেশ যদি পরিদর্শী কর্মকর্তা (যুগ্ম বা অতিরিক্ত কর কমিশনার) এর নিকট রাজস্ব হানিকর বিবেচনায় ত্রুটিপূর্ণ বলে প্রতীয়মান হয় তাহলে তিনি আয়কর অধ্যাদেশের আওতায় গৃহীত কার্যক্রমের রেকর্ড তলব ও পরীক্ষা করতে পারবেন এবং বর্ণিত ত্রুটি সংশোধনের লক্ষ্যে করদাতাকে শুনানীর সুযোগ প্রদান এবং

উপযুক্ত অনুসন্ধান সম্পন্ন করে নিরূপিত আয়ের পরিমাণ বাড়ানো, কর নির্ধারণ সংশোধন বা বাতিল, পুনরায় নতুনভাবে কর নির্ধারণের আদেশ প্রদান সহ তার নিকট যৌক্তিক বলে বিবেচিত যে কোন আদেশ প্রদান করতে পারবেন।

ধারা 10 এর আওতায় উপ কর কমিশনারের দায়িত্ব পালনের সূত্রে যুগ্ম বা অতিরিক্ত কর কমিশনার কর্তৃক প্রদত্ত কোন আদেশ রাজস্ব হানিকর বিবেচনায় ত্রুটিপূর্ণ কি-না তা কর কমিশনার বিবেচনা করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে উপধারা (1) তে বর্ণিত মতে তিনি কার্যক্রম গ্রহণ করবেন।

যেসকল ক্ষেত্রে কোন আদেশ পরিদর্শী কর্মকর্তা (যুগ্ম বা অতিরিক্ত কর কমিশনার) বা কর কমিশনারের নিকট রাজস্ব হানিকর বিবেচনায় ত্রুটিপূর্ণ বলে প্রতীয়মান হবে তা হলো-

(ক) আদেশে আয়ের খাত ভুল (misclassify) হলে; বা
(খ) আদেশ প্রদানের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশের কোন বিধান ভুলভাবে অনুধাবিত (misinterpreted) হলে; বা
(গ) কোন বিষয়ে সত্যতা যাচাই (verification) এর পর আদেশ প্রদানের আবশ্যকতা ছিল এরূপ ক্ষেত্রে সত্যতা যাচাই ব্যতিরেকে আদেশ প্রদান করা হলে; বা
(ঘ) করদাতার দাবীকৃত ছাড় (relief) এর বিষয়ে কোনরূপ অনুসন্ধান না করেই আদেশে ছাড় মেনে নেয়া বা প্রদান করা হলে; বা
(ঙ) কোন বিষয়ে বোর্ডের কোন নির্দেশনা থাকলে তা অনুসরণ না করে আদেশ জারী করা হলে; বা
(চ) রেকর্ডদৃষ্টে আদেশটি ত্রুটিপূর্ণ বলে দেখা গেলে।

কোন বিষয়ে “সত্যতা যাচাই (verification)” আবশ্যক ছিল কি-না তা বাস্তবতা ও পরিস্থিতির বিচারে যুক্তিসংগতভাবে বিবেচনা করতে হবে। যেমন ধরা যাক, ২০১৫-১৬ কর বছরে একজন করদাতার গৃহসম্পত্তি খাতে মাসিক ভাড়া প্রাপ্তি ৩০,০০০ টাকা হিসেবে বার্ষিক মূল্য নিরূপিত হয়েছিল ৩,৬০,০০০ টাকা। ২০১৬-১৭ কর বছরে করদাতা উক্ত গৃহ সম্পত্তির মাসিক ভাড়া প্রাপ্তি ৩০,০০০ টাকা প্রদর্শন করেছেন এবং তার সপক্ষে ভাড়ার চুক্তিপত্র দাখিল করেছেন। উপ কর কমিশনার অতীত রেকর্ড বিবেচনায় দাখিলকৃত ভাড়াচুক্তি মেনে নিয়ে বার্ষিক মূল্য নিরূপণ করেছেন।

এক্ষেত্রে উপ কর কমিশনার প্রদর্শিত ভাড়ার সত্যতা যাচাই করেননি-এ যুক্তিতে ধারা 120 এর আওতায় ব্যবস্থা গ্রহণের সুযোগ নেই। কেননা বাস্তবতা ও পরিস্থিতির বিচারে

এ ক্ষেত্রে প্রদর্শিত ভাড়ার সত্যতা যাচাইয়ের আবশ্যকতা ছিল বলে ধরে নেয়ার অবকাশ নেই। কারণ উপ কর কমিশনার মাসিক ভাড়ার যে অংক গ্রহণ করেছেন তা যুক্তিসংগত বিবেচনার পরিপন্থী নয়। ফলে এক্ষেত্রে ধারা 120 প্রযোজ্য হবে না।

অপরদিকে, যদি কোন যুক্তিসংগত কারণ ছাড়া করদাতা ২০১৬-১৭ কর বছরে পূর্ববর্তী কর বছরের মাসিক ভাড়া অপেক্ষা অস্বাভাবিক কম ভাড়া প্রদর্শন করেন তাহলে এ ক্ষেত্রে প্রদর্শিত ভাড়ার সত্যতা যাচাইয়ের আবশ্যকতা ছিল বলে ধরে নেয়ার অবকাশ থাকবে।

আদেশ সংশোধনের ক্ষেত্রে চার বছরের সময়সীমার শর্ত আগের মতো বহাল থাকবে।

ধারা 93 অনুযায়ী কার্যক্রম গৃহীত হয়েছে বা কার্যক্রম গ্রহণের সুযোগ রয়েছে এরূপ কর মামলায়ও প্রযোজ্য ক্ষেত্রে ধারা 120 অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা যাবে। অর্থাৎ কোন কর মামলার ক্ষেত্রে ধারা 93 এবং ধারা 120 এর কার্যক্রম mutually exclusive বলে বিবেচিত হবেনা। কোন কর মামলার ক্ষেত্রে উভয় ধারার আওতায় ব্যবস্থা গ্রহণের সুযোগ থাকলে যথাযথ বিবেচনায় সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষ এ দুটি ধারার মধ্যে যেটিকে সবচেয়ে উপযুক্ত বলে বিবেচনা করবে সে ধারার আওতায় কার্যক্রম গ্রহণ করা যাবে।

১ জুলাই ২০১৭ বা তার পরের কোন তারিখে ধারা 120 অনুযায়ী কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে পরিবর্তিত বিধান কার্যকর হবে।

## ২১। আয়কর অধ্যাদেশের ধারা 124AA এর প্রতিস্থাপন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 124AA প্রতিস্থাপন করে ১২-ডিজিট টিআইএন পরীক্ষা এবং সত্যতা যাচাইয়ের ব্যর্থতায় জরিমানা আরোপ সংক্রান্ত বিধানে পরিবর্তন আনা হয়েছে। পরিবর্তিত বিধান অনুযায়ী, কোন যুক্তিসংগত কারণ ছাড়া কোন person ১২-ডিজিট টিআইএন পরীক্ষা সংক্রান্ত ধারা 184A উপধারা (5) এর বিধান পরিপালনে ব্যর্থ হলে উপ কর কমিশনার তার উপর অনধিক ২ লক্ষ টাকা এবং ১২-ডিজিট টিআইএন যাচাই সংক্রান্ত ধারা 184A উপধারা (6) এর বিধান পরিপালনে ব্যর্থ হলে অনধিক ৫০ হাজার টাকা জরিমানা আরোপ করতে পারবেন। (অনুচ্ছেদ ২৮ দ্রষ্টব্য)

## ২২। সংশোধিত মোট আয়ের ভিত্তিতে জরিমানার আদেশ সংশোধন: আয়কর অধ্যাদেশে নতুন ধারা 133A এর সন্নিবেশ

সংশোধিত মোট আয়ের ভিত্তিতে জরিমানার আদেশ সংশোধন সংক্রান্ত বিধান সম্বলিত নতুন ধারা 133A অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ সন্নিবেশ করা হয়েছে। নতুন বিধানের উপধারা (1) অনুযায়ী, যে সকল ক্ষেত্রে আয়কর অধ্যাদেশের আওতায় আরোপিত জরিমানার পরিমাণ মোট আয়ের পরিমাণের সাথে সরাসরি সম্পর্কযুক্ত সে সকল ক্ষেত্রে, কোন ধারার আওতায় মোট আয় সংশোধিত হলে সংশোধিত কর নির্ধারনী আদেশ জারীর সময় উপ কর কমিশনার নিজে থেকে উক্তরূপ জরিমানার অংক সংশোধনের আদেশও জারী করবেন।

তবে যে ক্ষেত্রে সংশোধিত করাদেশে মোট আয় বাড়ার কারণে জরিমানার পরিমাণ বৃদ্ধি পাবে সে ক্ষেত্রে যার উপর জরিমানা প্রযোজ্য তাকে জরিমানার অংক সংশোধনের পূর্বে শুনানী প্রদানের সুযোগ দিতে হবে।

যদি দেখা যায় সংশোধিত কর নির্ধারনী আদেশ জারীর পরও উপধারা (1) এ বর্ণিত জরিমানার আদেশ সংশোধিত হয়নি তাহলে উক্ত জরিমানার আদেশ সংশোধনের জন্য উপ কর কমিশনারের নিকট আবেদন করা যাবে। উপ কর কমিশনার উক্ত আবেদন পাওয়ার ১৮০ দিনের মধ্যে কোন আদেশ প্রদান না করলে সংশোধিত কর নির্ধারণীর আলোকে জরিমানার আদেশটি সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

## ২৩। বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন দায়েরে তথ্য প্রযুক্তি ব্যবহার - আয়কর অধ্যাদেশের ধারা 152I এর সংশোধন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 152I তে নতুন উপধারা (5A) সন্নিবেশ করে বিধান করা হয়েছে যে আয়কর অধ্যাদেশ, 1984 এর আওতায় দাখিলযোগ্য বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন Board এর লিখিত আদেশের মাধ্যমে নির্ধারিত electronic বা machine readable বা computer readable মাধ্যমে ও পদ্ধতিতে দাখিল করা যাবে।

## ২৪। কর আপীলাত ট্রাইবুনালের দ্বৈত বেঞ্চের মামলা তৃতীয় সদস্য কর্তৃক শুনানী গ্রহণের ক্ষেত্রে মামলার নিষ্পত্তির সময় সীমা বৃদ্ধি - আয়কর অধ্যাদেশের ধারা 159 এর সংশোধন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 159 সংশোধন করে বিধান করা হয়েছে যে, কর আপীলাত দ্বৈত বেঞ্চে শুনানী হওয়া কোন মামলা যদি বেঞ্চের সদস্যদ্বয়ের মতদ্বৈততার কারণে ট্রাইবুনালের তৃতীয় কোন সদস্যের নিকট শুনানীর জন্য প্রেরণ করা হয় তাহলে মামলা নিষ্পত্তির সময়সীমা ছয় মাসের স্থলে আট মাস হবে। অর্থাৎ মামলা নিষ্পত্তিতে দুইমাস সময় বেশি পাওয়া যাবে।

## ২৫। ভুল সংশোধন সংক্রান্ত আয়কর অধ্যাদেশের ধারা 173 এর সংশোধন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 173 সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী, নিজস্ব উদঘাটন বা করদাতার লিখিত আবেদন বা অন্য কোন সূত্র হতে প্রাপ্ত তথ্যমতে যদি কোন আয়কর কর্তৃপক্ষ বা কর আপীলাত ট্রাইবুনালের নিকট পরিদৃষ্ট হয় যে তার প্রদত্ত আদেশে এমন ভুল রয়েছে যা রেকর্ডদৃষ্টে প্রতীয়মান, তাহলে উক্ত আয়কর কর্তৃপক্ষ বা কর আপীলাত ট্রাইবুনাল আদেশটি সংশোধন করতে পারবেন।

তবে আদেশ প্রদানের তারিখ হতে চার বছর সময় অতিক্রান্ত হয়ে গেলে আদেশটি সংশোধন করা যাবেনা।

যদি কোন করদাতা কর্তৃক লিখিত আবেদনের মাধ্যমে উপ কর কমিশনারকে অবহিত করা হয় যে (ক) কোন কর বছরে আয়কর অধ্যাদেশ অনুযায়ী যে অর্থ প্রদেয় তা থেকে বেশি অর্থ পরিশোধ করা হয়েছে, বা (খ) কোন কর বছরে করদাতা কর্তৃক পরিশোধিত অর্থের ক্রেডিট প্রদান করা হয়নি, তাহলে সত্যতা যাচাইয়ের মাধ্যমে করদাতার দাবী যথাযথ ও সঠিক পাওয়া গেলে উপ কর কমিশনার সংশ্লিষ্ট কর বছরে পরিশোধিত অর্থের ক্রেডিট প্রদান করবেন এবং সে অনুযায়ী ঐ কর বছরের করদাবী/ফেরতের পরিমাণ হালনাগাদ করবেন।

## ২৬। সিস্টেম জেনারেটেড নোটিশ, আদেশ, ইত্যাদি গ্রহণ সংক্রান্ত নতুন ধারা 178A এর সন্নিবেশ

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নতুন ধারা 178A সন্নিবেশ করা হয়েছে। সন্নিবেশিত নতুন ধারায় বলা হয়েছে Board কর্তৃক নির্ধারিত কোন কম্পিউটার বা ইলেকট্রনিক সিস্টেম থেকে ইস্যুকৃত (generated) কোন নোটিশ, আদেশ, চাহিদাপত্র, সনদ, যোগাযোগ, পত্র বা প্রাপ্তি স্বীকার পত্র আয়কর অধ্যাদেশের আওতায় জারীকৃত যথাক্রমে নোটিশ, আদেশ, চাহিদাপত্র, সনদপত্র, যোগাযোগ, পত্র বা প্রাপ্তি স্বীকারপত্র হিসেবে গণ্য হবে এবং একইভাবে কার্যকর হবে।

## ২৭। রিটার্ন, বিবরণী বা দলিলাদির ইলেকট্রনিক ফাইলিং সংক্রান্ত নতুন ধারা 178B এর সন্নিবেশ

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নতুন ধারা 178B সন্নিবেশ করে বিধান করা হয়েছে যে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর আওতায় দাখিলযোগ্য যে কোন রিটার্ন, বিবরণী ও দলিল Board কর্তৃক নির্দেশিত electronic, computer readable বা machine readable মাধ্যমে ও পদ্ধতিতে দাখিল করা যাবে।

## ২৮। ১২-ডিজিট টিআইএন দাখিল সংক্রান্ত ধারা 184A এর প্রতিস্থাপন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 184A প্রতিস্থাপন করে ১২-ডিজিট টিআইএন গ্রহণ, পরীক্ষা ও যাচাইয়ের বিধানে পরিবর্তন আনা হয়েছে। নতুন বিধান অনুযায়ী, আয়কর অধ্যাদেশের অন্য কোন বিধানে যা-ই বলা থাকুক না কেন, নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে একজন person কে তার নামে ১২-ডিজিট টিআইএন থাকার প্রমাণ (proof of holding twelve-digit Taxpayer's Identification Number) প্রদান করতে হবে:

(১) আমদানির জন্য এলসি খোলা;

(২) আমদানি রেজিস্ট্রেশন সনদ বা রপ্তানি রেজিস্ট্রেশন সনদের জন্য আবেদন;

(৩) সিটি কর্পোরেশন বা পৌরসভা এলাকায় ট্রেড লাইসেন্স ইস্যু বা নবায়ন;

(৪) দ্রব্য সরবরাহ, চুক্তি সম্পাদন বা সেবা প্রদানের জন্য কোন নিবাসী কর্তৃক টেন্ডার ডকুমেন্ট দাখিল;

(৫) কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) আওতায় নিবন্ধিত কোন ক্লাবের সদস্য পদের জন্য আবেদনপত্র দাখিল;

(৬) সাধারণ বীমার সার্ভেয়ার লাইসেন্স ইস্যু বা নবায়ন, কিংবা সার্ভেয়ার হিসেবে তালিকাভুক্তি;

(৭) কোন নিবাসী কর্তৃক সিটি কর্পোরেশন বা জেলা সদরস্থ পৌরসভা এলাকার ১ লক্ষ টাকার অধিক দলিল মূল্যের জমি, দালান বা এপার্টমেন্ট ক্রয় বা বিক্রয়, বায়নানামা সম্পাদন বা পাওয়ার অব এটর্নি প্রদান/গ্রহণ সংক্রান্ত দলিলের নিবন্ধন প্রাপ্তি;

(৮) ভাড়ায় চালিত বাস, ট্রাক, প্রাইম মুভার, লরি ইত্যাদির রেজিস্ট্রেশন, মালিকানা হস্তান্তর বা ফিটনেস নবায়ন গ্রহণ;

(৯) ৫ লক্ষ টাকার অধিক ঋণের জন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে আবেদন;

(১০) ক্রেডিট কার্ড গ্রহণ;

(১১) চিকিৎসক, দন্তচিকিৎসক, আইনজীবী, চার্টার্ড একাউন্ট্যান্ট, কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট, প্রকৌশলী, স্থপতি অথবা সার্ভেয়ার হিসেবে বা অনুরূপ পেশাজীবী হিসেবে কোন পেশাজীবী সংগঠনের সদস্যপদ গ্রহণ;

(১২) কোন কোম্পানির পরিচালক বা স্পন্সর শেয়ারহোল্ডার হওয়া বা থাকা;

(১৩) Muslim Marriages and Divorces (Registration) Act. 1974 (LII of 1974) এর বিধান অনুসারে বিবাহ নিবন্ধনকারী (Nikah Registrar) হিসেবে লাইসেন্স গ্রহণ বা বহাল রাখা;

(১৪) কোন ব্যবসায়িক বা পেশাজীবী সংগঠনের সদস্যপদ গ্রহণ বা বহাল রাখা;

(১৫) দালান/ভবন নির্মাণের নকশা অনুমোদনের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ), খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) এবং রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (আরডিএ) বা সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষের নিকট আবেদন;

(১৬) ড্রাগ লাইসেন্স গ্রহণ বা বহাল রাখা;

(১৭) বাণিজ্যিক গ্যাস সংযোগ গ্রহণ বা বহাল রাখা;

(১৮) সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় কোন বাণিজ্যিক বৈদ্যুতিক সংযোগ গ্রহণ বা বহাল রাখা;

(১৯) কোন মোটরযানের রেজিস্ট্রেশন, মালিকানা হস্তান্তর বা ফিটনেস নবায়ন;

(২০) ভাড়ায় চালিত লঞ্চ, স্টিমার, মাছ ধরার ট্রলার, কার্গো, কোস্টার, ডাম্প-বার্জ ইত্যাদি নৌযানের সার্ভে সনদ গ্রহণ বা বহাল রাখা;

(২১) কোন বীমা কোম্পানির এজেন্সি সনদ রেজিস্ট্রেশন বা নবায়ন;

(২২) জেলা প্রশাসকের কার্যালয় বা, ক্ষেত্রমতে, পরিবেশ অধিদপ্তর হতে ইট উৎপাদনের জন্য অনুমতিপত্র সংগ্রহ বা নবায়ন;

(২৩) উপজেলা, পৌরসভা, সিটি কর্পোরেশন বা জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হওয়া;

(২৪) সিটি কর্পোরেশন, জেলা সদর বা পৌরসভা এলাকায় অবস্থিত আন্তর্জাতিক শিক্ষাক্রম/কারিকুলাম অনুযায়ী পাঠদানরত কোন ইংলিশ মিডিয়াম স্কুলে সন্তান বা নির্ভরশীলকে ভর্তি করানো;

(২৫) সরকার অথবা সরকারের কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সত্তা বা ইউনিটের বা প্রচলিত কোন আইন, আদেশ বা দলিলের মাধ্যমে গঠিত কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সত্তা বা ইউনিটের কর্মচারী (employee) হিসেবে সংশ্লিষ্ট আয় বছরের যে কোন সময় ১৬ হাজার টাকা বা তার অধিক মূল বেতন উত্তোলন;

(২৬) Monthly Payment Order (MPO) এর আওতায় সরকার থেকে মাসিক ১৬,০০০/- টাকার বেশি অর্থ গ্রহণ;

(২৭) Employee হিসেবে ব্যবস্থাপনা ও প্রশাসনিক পদে বা উৎপাদনের সুপারভাইজরী পদে কাজ করা (তার বেতন-ভাতাদি যা-ই হোক না কেন);

(২৮) কোম্পানির এজেন্সি বা ডিস্ট্রিবিউটরশীপ (যে নামেই অভিহিত হোক) গ্রহণ বা বহাল রাখা;

(২৯) মোবাইল ব্যাংকিং বা অন্য কোন ইলেকট্রনিক মাধ্যমে অর্থ স্থানান্তর/হস্তান্তর অথবা মোবাইল ফোন রিচার্জ সংশ্লিষ্ট সেবার বিপরীতে কমিশন, ফি বা অন্য কোন অর্থ প্রাপ্তি;

(৩০) কোন নিবাসী কর্তৃক উপদেষ্টা/কনসালটেন্সি, ক্যাটারিং, ইভেন্ট ম্যানেজমেন্ট, জনবল সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে কোন কোম্পানি থেকে অর্থ প্রাপ্তি; এবং

(৩১) আমদানি বা রপ্তানির জন্য বিল অব এন্ট্রি বা বিল অব এক্সপোর্ট দাখিল।

১২-ডিজিট টিআইএন থাকার প্রমাণ বলতে (ক) বা (খ) এর যে কোনটিকে বুঝাবে:

(ক) সংশ্লিষ্ট person এর নাম এবং ১২-ডিজিট টিআইএন সম্বলিত কোন সনদ (যেমন, টিআইএন সনদ, রিটার্ন দাখিল সনদ বা কর পরিশোধ সনদ), যা উপ কর

কমিশনার কর্তৃক বা এতদুদ্দেশ্যে Board নির্ধারিত কোন সিস্টেম কর্তৃক ইস্যুকৃত; অথবা

(খ) প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট person এর আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্র (acknowledgment receipt of return of income) যাতে উক্ত person এর নাম এবং ১২-ডিজিট টিআইএন উল্লেখ রয়েছে।

সাধারণ বা বিশেষ আদেশ জারীর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কোন person কে ১২-ডিজিট টিআইএন গ্রহণ হতে অব্যাহতি দিতে পারবে।

উপধারা (5) এ বলা হয়েছে, উপধারা (3) এ বর্ণিত ক্ষেত্রসমূহে সংশ্লিষ্ট person কর্তৃক ১২-ডিজিট টিআইএন থাকার প্রমাণ দাখিল না করা পর্যন্ত অথবা ঐ person ১২-ডিজিট টিআইএন দাখিল হতে অব্যাহতিপ্রাপ্ত মর্মে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ/সনদ দাখিল না করা পর্যন্ত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উক্ত person এর (ক) আবেদন বা মনোনয়ন প্রসেস, (খ) লাইসেন্স, সনদ, সদস্যপদ, পারমিশন, ভর্তি, এজেন্সি বা ডিস্ট্রিবিউটরশীপ অনুমোদন, (গ) ঋণ অনুমোদন; (ঘ) ক্রেডিট কার্ড ইস্যু, (ঙ) কানেকশন প্রদান বা বজায় রাখা, (চ) নিবন্ধন প্রদান, বা (ছ) অর্থ পরিশোধ (যে ক্ষেত্রে যেটি প্রযোজ্য) হতে বিরত থাকবেন।

দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি যদি উপধারা (5) এর বিধান লংঘন করেন, অর্থাৎ প্রযোজ্য ক্ষেত্রে ১২-ডিজিট টিআইএন থাকার বিষয়টি পরীক্ষা না করেন তাহলে তার উপর ধারা 124AA এর বিধান অনুসারে জরিমানা আরোপযোগ্য হবে।

যার নিকট এ ধারার আওতায় ১২-ডিজিট টিআইএন থাকার প্রমাণ দাখিল করা হবে তিনি দাখিলকৃত ১২-ডিজিট টিআইএন এর সঠিকতা বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে যাচাই করবেন। ব্যর্থতায় সংশ্লিষ্ট ব্যক্তির উপর ধারা 124AA এর বিধান অনুসারে জরিমানা আরোপযোগ্য হবে।

## ২৯। ব্যবসায় প্রতিষ্ঠানের কর্মী বা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও শিক্ষকদের যাতায়াতে ব্যবহৃত বাস বা মিনিবাসের অবচয় পরিগণনাঃ আয়কর অধ্যাদেশের THE THIRD SCHEDULE এর সংশোধন

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে THE THIRD SCHEDULE এর অনুচ্ছেদ ১১ এর উপ-অনুচ্ছেদ (৬) এর ক্লজ (a) তে নতুন একটি প্রোভাইসো সংযোজন করা হয়েছে। সংযোজিত প্রোভাইসোর বিধান অনুযায়ী, কোন করদাতার ব্যবসায় বা পেশা

খাতের আয় নিরূপণের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের employee দের যাতায়াতে ব্যবহৃত বাস বা মিনিবাসের ক্রয়মূল্যের উর্ধ্বসীমা (২৫ লক্ষ টাকা) প্রযোজ্য হবে না। অর্থাৎ এক্ষেত্রে অবচয় পরিগণনায় প্রকৃত ক্রয়মূল্য বিবেচিত হবে। শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সুবিধা শিক্ষক ও শিক্ষার্থীদের যাতায়াতে ব্যবহৃত বাস বা মিনিবাসের জন্যও প্রযোজ্য হবে।

পরিবর্তিত বিধান ২০১৭-১৮ কর বছর হতে কার্যকর হবে।

## ৩০। আয়কর অধ্যাদেশের THE SIXTH SCHEDULE এর PART A এর সংশোধন

### (ক) তথ্য ও প্রযুক্তি খাতের কর অব্যাহতির আওতা সম্প্রসারণ: অনুচ্ছেদ 33 এর সংশোধন

কোন করদাতার Software development, Nationwide Telecommunication Transmission Network (NTTN) বা Information Technology Enabled Services (ITES) ব্যবসায় হতে ১ জুলাই, ২০০৮ হতে ৩০ জুন, ২০২৪ পর্যন্ত সময়ে অর্জিত আয় করদাতা কর্তৃক ধারা 75 এর বিধান অনুযায়ী রিটার্ন দাখিলের শর্ত সাপেক্ষে কর অব্যাহতি প্রাপ্ত ছিল। অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে এ সংক্রান্ত অনুচ্ছেদ 33 প্রতিস্থাপন করে বিধান করা হয়েছে যে, কোন নিবাসী person বা কোন অনিবাসী বাংলাদেশী person এর ১ জুলাই, ২০০৮ হতে ৩০ জুন, ২০২৪ পর্যন্ত সময়ে নিম্নে উল্লিখিত তথ্য ও প্রযুক্তি খাত সংশ্লিষ্ট ব্যবসায় হতে অর্জিত আয় ধারা 75 এর বিধান অনুযায়ী রিটার্ন দাখিলের শর্ত সাপেক্ষে কর অব্যাহতিপ্রাপ্ত হবে:

(i) Software development;
(ii) Software or application customization;
(iii) Nationwide Telecommunication Transmission Network (NTTN);
(iv) Digital content development and management;
(v) Digital animation development;
(vi) Website development;
(vii) Web site services;
(viii) Web listing;
(ix) IT process outsourcing;

(x) Website hosting;
(xi) Digital graphics design;
(xii) Digital data entry and processing;
(xiii) Digital data analytics;
(xiv) Geographic Information Services (GIS);
(xv) IT support and software maintenance service;
(xvi) Software test lab services;
(xvii) Call center service;
(xviii) Overseas medical transcription;
(xix) Search engine optimization services;
(xx) Document conversion, imaging and digital archiving;
(xxi) Robotics process outsourcing;
(xxii) Cyber security services.

হাইটেক পার্কে পরিচালিত উল্লিখিত তথ্য ও প্রযুক্তি খাতের ব্যবসায়ের ক্ষেত্রেও এ অনুচ্ছেদে বর্ণিত কর সুবিধা প্রযোজ্য হবে।

**(খ) অনুচ্ছেদ 53 এর পর নতুন অনুচ্ছেদ 54, 55, 56, 57 ও 58 সংযোজন**

অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে নিম্নবর্ণিত অনুচ্ছেদসমূহ সংযোজিত করে উক্ত অনুচ্ছেদে বর্ণিত আয়কে কর অব্যাহতি প্রদান করা হয়েছে:

(ক) অনুচ্ছেদ 54 অনুসারে, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক স্বীকৃত Alternative Investment Fund এর আয়কে কর অব্যাহতি প্রদান।

তবে উক্ত ফান্ড এর আয় যখন বন্টিত হবে তখন তা লভ্যাংশ হিসেবে বিবেচিত ও করযোগ্য হবে।

(২) অনুচ্ছেদ 55 অনুসারে, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর অর্জিত আয়কে ২০১৭-১৮ হতে ২০২১-২২ পর্যন্ত কর বছরের জন্য কর অব্যাহতি প্রদান।

(৩) অনুচ্ছেদ 56 অনুসারে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে প্রাপ্ত সম্মানী বা ভাতা কিংবা সরকার কর্তৃক প্রদত্ত কল্যাণ ভাতাকে কর অব্যাহতি প্রদান।

(৪) অনুচ্ছেদ 57 অনুসারে, সরকার কর্তৃক প্রদত্ত সকল পদক/ পুরস্কারকে কর অব্যাহতি প্রদান।

(৫) অনুচ্ছেদ 58 অনুসারে, elderly care home এর পরিচালনা হতে অর্জিত আয়কে কর অব্যাহতি প্রদান।

অনুচ্ছেদ 54,56,57 ও 58 এর মাধ্যমে প্রদত্ত কর অব্যাহতি ২০১৭-১৮ কর বছর থেকে কার্যকর হবে।

এছাড়া প্রায়োগিক অস্পষ্টতা দূরীকরণ, স্থানীয় সরকারের কাঠামো পরিবর্তন বা বিভাজনজনিত কারণে সংশ্লিষ্ট ধারার রেফারেন্স সংশোধন, রেফারেন্সগত ত্রুটি সংশোধন, অর্থ আইন, ২০১৭ এর মাধ্যমে আনীত পরিবর্তনের সাথে সংগতি রাখা, ইত্যাদি কারণে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নিম্নবর্ণিত ক্ষেত্রে ঈষৎ সংশোধনী আনা হয়েছে-

(১) ধারা 19E, 29, 46B, 52K, 58, 65, 73, 73A, 75A, 82, 82A, 152Q, 153, 154, 158, 163;
(২) THE FIRST SCHEDULE এর PART B এর paragraph 4;
(৩) THE THIRD SCHEDULE এর paragraph 11;
(৪) THE FIFTH SCHEDULE এর PART B এর অনুচ্ছেদ 3; এবং
(৫) THE SIXTH SCHEDULE এর PART A এর paragraph 39, 44, 45।

## ৩১। জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

### (ক) পিপিপি প্রকল্প পরিচালনার জন্য কর সুবিধা প্রদান

পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের আওতায় নিম্নবর্ণিত ১৪ টি পিপিপি প্রকল্প পরিচালনা হতে অর্জিত ব্যবসায় আয়, উক্ত প্রকল্প পরিচালনার জন্য সংগৃহীত (raised) শেয়ার মূলধন হস্তান্তর হতে উদ্ভূত মূলধনী মুনাফা ও Royalty, Technical know-how ও Technical assistance ফি এবং উক্ত প্রকল্পসমূহে নিয়োগকৃত বিদেশী প্রকর্মীর আয়কে তিনটি পৃথক এস, আর, ও জারির মাধ্যমে শর্ত সাপেক্ষে কর অব্যাহতি প্রদান করা হয়েছে। প্রকল্পসমূহ হলো:

(১) National Highways or Expressways and related Service Roads
(২) Flyovers

(৩) Elevated and At-Grade Expressways
(৪) River Bridges
(৫) Tunnels
(৬) River port
(৭) Sea port
(৮) Airport
(৯) Subway
(১০) Monorail
(১১) Railway
(১২) Bus Terminals
(১৩) Bus Depots
(১৪) Elderly Care home.

(অ) এস, আর, ও নং ২০৮-আইন/আয়কর/২০১৭, তারিখ ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ এর মাধ্যমে, উপরে বর্ণিত কোন প্রকল্প পরিচালনা হতে অর্জিত ব্যবসায় আয়কে বাণিজ্যিক কার্যক্রম আরম্ভের তারিখ হতে পরবর্তী ১০ (দশ) বছরের জন্য ১০০% (শতকরা একশ ভাগ) হারে কর অব্যাহতি প্রদান করা হয়েছে (পরিশিষ্ট ৪);

(আ) এস, আর, ও নং ২০৯-আইন/আয়কর/২০১৭, তারিখ ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ এর মাধ্যমে, উপরে বর্ণিত কোন প্রকল্প পরিচালনার জন্য সংগৃহীত (raised) শেয়ার মূলধন হস্তান্তর হতে উদ্ভূত মূলধনী মুনাফাকে কোম্পানির বাণিজ্যিক কার্যক্রম আরম্ভের তারিখ হতে পরবর্তী ১০ (দশ) বছর পর্যন্ত সম্পূর্ণ কর অব্যাহতি প্রদান করা হয়েছে। এছাড়াও উপরিল্লিখিত প্রকল্প পরিচালনার জন্য পরিশোধকৃত Royalty, Technical know-how ও Technical assistance ফি কে কোম্পানির বাণিজ্যিক কার্যক্রম আরম্ভের তারিখ হতে পরবর্তী ১০ (দশ) বছর পর্যন্ত সম্পূর্ণ কর অব্যাহতি প্রদান করা হয়েছে (পরিশিষ্ট ৫); এবং

(ই) এস, আর, ও নং ২১০-আইন/আয়কর/২০১৭, তারিখ ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ এর মাধ্যমে, উপরিল্লিখিত প্রকল্প পরিচালনার জন্য নিয়োগকৃত বিদেশী প্রকর্মী (technician) এর বেতন আয়কে নিয়োগের তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য ৫০% (পঞ্চাশ শতাংশ) হারে কর অব্যাহতি সুবিধা প্রদান করা হয়েছে (পরিশিষ্ট ৬)।

**(খ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ এর কর হার হ্রাস**

এস, আর, ও নং ২০৭-আইন/আয়কর/২০১৭, তারিখ ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ এর মাধ্যমে ২৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের এস, আর, ও ১৫৮-আইন/আয়কর/২০১৪

সংশোধন করা হয়েছে (পরিশিষ্ট ৩)। এস, আর, ও সংশোধনের মাধ্যমে হ্রাসকৃত হারে কর প্রদানকারী স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তালিকায় বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কে অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ এর মূলধনী আয় ব্যতীত অন্যান্য সকল আয়ের উপর প্রদেয় আয়করের হার হবে ২৫% (পঁচিশ শতাংশ)।

**(গ) পণ্য রপ্তানির ক্ষেত্রে প্রযোজ্য উৎস কর হার হ্রাস**

এস, আর, ও নং ২৫৬-আইন/আয়কর/২০১৭, তারিখ: ০১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ এর মাধ্যমে ধারা 53BB এবং ধারা 53BBBB তে উল্লিখিত পণ্যের (পাটজাত পণ্য ব্যতীত) রপ্তানি মূল্যের উপর উৎসে আয়কর কর্তনের হার হ্রাসপূর্বক ০.৭০% এ নির্ধারণ করা হয়েছে (পরিশিষ্ট ৯)। এস, আর, ও তে বর্ণিত হ্রাসকৃত উৎস কর ১ জুলাই, ২০১৭ থেকে কার্যকর হবে এবং ৩০ জুন ২০১৮ পর্যন্ত বলবৎ থাকবে। ১ জুলাই ২০১৭ তারিখ থেকে কোন কারণে বর্ণিত ধারা সমূহের অধীনে ০.৭০% এর বেশি হারে উৎস কর কর্তন করা হয়ে থাকলে অতিরিক্ত কর্তনকৃত উৎস কর ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ধারার অধীনে কোন কর্তনের বিপরীতে সমন্বয়যোগ্য হবে।

**(ঘ) নীটওয়্যার ও ওভেন গার্মেন্টস রপ্তানির আয়ের ক্ষেত্রে কর হার হ্রাস**

এস, আর, ও নং ২৫৫-আইন/আয়কর/২০১৭, তারিখ ০১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ (পরিশিষ্ট ৮) এর মাধ্যমে নীটওয়্যার ও ওভেন গার্মেন্টস উৎপাদন ও রপ্তানিতে নিয়োজিত করদাতার উক্ত পণ্য রপ্তানি হতে উদ্ভূত আয়ের উপর আয়করের হার নিম্নরূপে হ্রাস করা হয়েছে:

(১) কোম্পানি করদাতার ক্ষেত্রে আয়করের হার ১২%। তবে সংশ্লিষ্ট আয় বছরে এরূপ করদাতার কারখানার আন্তর্জাতিকভাবে স্বীকৃত green building certification থাকলে উক্ত কারখানায় উৎপাদিত উক্তরূপ পণ্য রপ্তানি হতে উদ্ভূত আয়ের উপর আয়করের হার ১০%; এবং

(২) কোম্পানি ব্যতীত অন্যান্য করদাতার ক্ষেত্রে আয়করের সর্বোচ্চ হার ১২%।

**(ঙ) সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীদের বেতন-ভাতাদির করযোগ্যতা**

এস, আর, ও নং ২১১-আইন/আয়কর/২০১৭, তারিখ: ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ এর মাধ্যমে ইতিপূর্বে জারিকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৯৮-আইন/আয়কর/২০১৫, তারিখ: ৩০ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ রহিতক্রমে সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীদের

বেতন-ভাতাদি আয়ের করযোগ্যতার বিষয়ে নতুন বিধান করা হয়েছে। নতুন বিধান অনুযায়ী, সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীদের সরকার কর্তৃক প্রদত্ত মূল বেতন, উৎসব ভাতা ও বোনাস (যে নামেই অভিহিত হোক না কেন) করযোগ্য হবে এবং অবসরকালে প্রদত্ত লাম্প গ্র্যান্টসহ সরকারি বেতন আদেশে উল্লিখিত অন্যান্য ভাতা ও সুবিধাদি কর অব্যাহতিপ্রাপ্ত হবে (পরিশিষ্ট ৭)।

উক্ত প্রজ্ঞাপনে সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারী বলতে নিম্নবর্ণিত কর্মচারী বা ব্যক্তিকে বুঝাবে, যথা:-

(ক) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত,-

(১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(২) চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(৩) চাকরি (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(৪) চাকরি (বাংলাদেশ পুলিশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(৫) চাকরি (বর্ডার গার্ড বাংলাদেশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(৬) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(খ) জাতীয় বেতনস্কেল ২০১৫ এর আলোকে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত যৌথ বাহিনী নির্দেশাবলী (Joint Services Instructions) নম্বর ০১/২০১৬ এর অনুচ্ছেদ ২ অনুযায়ী যে সকল ব্যক্তিবর্গের জন্য উক্ত নির্দেশাবলী প্রযোজ্য; এবং

(গ) কোন আইন, বিধি বা প্রবিধানের অধীন কোন পদে নিয়োজিত থাকাকালীন সরাসরি সরকারি কোষাগার হতে বেতন বা আর্থিক সুবিধা, যে নামেই অভিহিত হোক না কেন, প্রাপ্ত হন।

সরকারি বেতন আদেশ বলতে নিম্নবর্ণিত আদেশ বা, ক্ষেত্রমত, নির্দেশাবলীকে বুঝাবে, যথা:-

(১) উপরোক্ত অনুচ্ছেদ (ক) তে উল্লিখিত বেতন স্কেল সংক্রান্ত আদেশ;

(২) উপরোক্ত অনুচ্ছেদ (খ) তে উল্লিখিত বেতন স্কেল সংক্রান্ত নির্দেশাবলী; এবং

(৩) কোন আইন, বিধি বা প্রবিধানের অধীন কোন পদে নিয়োজিত কর্মচারীর জন্য জারীকৃত বেতন বা আর্থিক সুবিধা সংক্রান্ত আদেশ।

(চ) এস, আর, ও নং ২০৬-আইন/আয়কর/২০১৭, তারিখ: ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ এর মাধ্যমে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর আয়ের উপর ক্রমহ্রাসমান হারে করযোগ্যতা সংক্রান্ত এস, আর, ও নং ১৯৫-আইন/২০১৫, তারিখ ৩০ জুন, ২০১৫ রহিত করা হয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর THE SIXTH SCHEDULE এর PART A তে নতুন অনুচ্ছেদ 55 সন্নিবেশ করে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর অর্জিত আয়কে ২০১৭-১৮ হতে ২০২১-২২ পর্যন্ত কর বছরের জন্য কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

## ৩২। আয়কর বিধিমালা, ১৯৮৪ এর সংশোধনীসমূহ

এস, আর, ও নং ২০৫-আইন/আয়কর/২০১৭; তারিখ, ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ (প্রাক প্রকাশ) এবং এস, আর, ও নং ২৫৭-আইন/আয়কর/২০১৭, তারিখ: ০১ আগস্ট, ২০১৭ খ্রিস্টাব্দ (চূড়ান্ত প্রকাশ) এর মাধ্যমে আয়কর বিধিমালা, ১৯৮৪ তে নিম্নরূপ সংশোধনী আনা হয়েছে-

### (ক) ঠিকাদার, ইত্যাদির বিলের উপর উৎসে কর কর্তনের হার পরিবর্তন: বিধি 16 এর সংশোধন

বিধি 16 এর সংশোধন করে আয়কর অধ্যাদেশের ধারা 52 তে বর্ণিত কয়েকটি ক্ষেত্রে উৎসে কর কর্তনের নতুন হার নির্ধারণ করা হয়েছে। এ পরিপত্রের ধারা 52 এর আলোচনায় উৎস করের পরিবর্তিত হার উল্লেখ করা হয়েছে। ১ জুলাই ২০১৭ থেকে ধারা 52 এর আওতায় কোন payment এর ক্ষেত্রে পরিবর্তিত হার প্রযোজ্য হবে।

## (খ) বিধি 17A এর সংশোধন

আমদানি পর্যায়ে উৎস করের পরিমাণ ও হার সংক্রান্ত বিধি 17A সংশোধন করা হয়েছে। উৎস করের পরিমাণ ও হার পরিশিষ্ট ১০ তে দেয়া হয়েছে।

এ ছাড়া বিধি 17A এর তৃতীয় proviso প্রতিস্থাপিত করে বিধান করা হয়েছে যে কোন আয়বছরে আমদানিকারকের আয় বা আমদানিকারকের যে আয়ের উপর ধারা 53 অনুযায়ী উৎসে আয়কর কর্তন প্রযোজ্য সে আয় যদি কর-অব্যাহতিপ্রাপ্ত অথবা হ্রাসকৃত হারে করযোগ্য হয় তাহলে আমদানিকারকের লিখিত আবেদনের প্রেক্ষিতে সে আয়বছরের জন্য Board নিম্নের সারণির ১ নং কলামে বর্ণিত ক্ষেত্রের বিপরীতে ২ নং কলামে বর্ণিতমতে সনদ প্রদান করতে পারবে-

| **কর অব্যাহতির অবস্থা** | **সনদের বিষয়বস্তু** |
|---|---|
| আমদানিকারকের সংশ্লিষ্ট আয়বছরের আয় কর অব্যাহতি প্রাপ্ত | আমদানি পর্যায়ে উৎস আয়কর প্রযোজ্য না হওয়া |
| আমদানিকারকের সংশ্লিষ্ট আয়বছরের নির্দিষ্ট কোন আমদানি হতে আয় কর অব্যাহতি প্রাপ্ত | ঐ আমদানির জন্য উৎস আয়কর প্রযোজ্য না হওয়া |
| আমদানিকারকের সংশ্লিষ্ট আয়বছরের আয় হ্রাসকৃত হারে করযোগ্য | আমদানি পর্যায়ে উৎস আয়কর আনুপাতিক কম হারে বা পরিমাণে প্রযোজ্য হওয়া |
| আমদানিকারকের সংশ্লিষ্ট আয়বছরের নির্দিষ্ট কোন আমদানি হতে আয় হ্রাসকৃত হারে করযোগ্য | ঐ আমদানির জন্য আমদানি পর্যায়ে উৎস আয়কর আনুপাতিক কম হারে বা পরিমাণে প্রযোজ্য হওয়া |

Board এর সনদটি হবে কেবল নির্দিষ্ট আয় বছরের জন্য বা নির্দিষ্ট আমদানির জন্য (যে ক্ষেত্রে যেটি প্রযোজ্য)।

১ জুলাই ২০১৭ থেকে আমদানির ক্ষেত্রে সংশোধিত এ বিধান প্রযোজ্য হবে।

এ পরিপত্রে অন্য কিছু সুনির্দিষ্টভাবে বলা না থাকলে অধ্যায় বলতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর chapter, ধারা বলতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section, বিধি বলতে আয়কর বিধিমালা, ১৯৮৪ এর rule এবং Board বলতে জাতীয় রাজস্ব বোর্ড কে বুঝাবে।

২০১৭-১৮ সালের বাজেট কার্যক্রমের মাধ্যমে আয়কর ও সারচার্জের হার নির্ধারণ, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর সংশোধনী/পরিবর্তন এবং নতুন জারীকৃত প্রজ্ঞাপনসমূহ স্পষ্টীকরণের উদ্দেশ্যে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 185A অনুসারে এ পরিপত্র জারী করা হলো।

এ পরিপত্রের কোন বক্তব্য বা উপস্থাপনা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অথবা আয়কর বিধিমালা, ১৯৮৪ অথবা জারীকৃত প্রজ্ঞাপনের সাথে সাংঘর্ষিক হলে বা কোন মুদ্রণজনিত ত্রুটির কারণে কোনরূপ অস্পষ্টতা দেখা দিলে অর্থ আইন, ২০১৭, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪, আয়কর বিধিমালা, ১৯৮৪ এবং মূল প্রজ্ঞাপনসমূহের ভাষ্য প্রাধান্য পাবে।

(মোঃ শব্বির আহমদ)
প্রথম সচিব (কর নীতি)
ফোন: ৮৩৯২৩১২
shabbir@nbr.gov.bd

## তফসিল-২
## প্রথম অংশ

**(অর্থ আইন, ২০১৭ এর ধারা ৫২ দ্রষ্টব্য)**

**১ জুলাই, ২০১৭ তারিখে আরব্ধ কর বৎসরের জন্য আয়করের হার**

**অনুচ্ছেদ-ক**

Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 2(46) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের (person) মধ্যে যাহাদের ক্ষেত্রে অনুচ্ছেদ-খ প্রযোজ্য হইবে না সেই সকল প্রত্যেক ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশীসহ), হিন্দু যৌথ পরিবার, অংশীদারী ফার্ম, ব্যক্তি-সংঘ ও আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তিসহ অন্যান্য করদাতার ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ হইবে, যথা:-

| মোট আয় | হার |
|---|---|
| (ক) প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | শূন্য |
| (খ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ১০% |
| (গ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ১৫% |
| (ঘ) পরবর্তী ৬,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ২০% |
| (ঙ) পরবর্তী ৩০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ২৫% |
| (চ) অবশিষ্ট মোট আয়ের উপর -- | ৩০% : |

তবে শর্ত থাকে যে,-

(ক) মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদূর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৩,০০,০০০/- টাকা;

(খ) প্রতিবন্ধী ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,০০,০০০/- টাকা;

(গ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,২৫,০০০/- টাকা;

(ঘ) কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের জন্য করমুক্ত সীমা ২৫,০০০/- টাকা বেশী হইবে; প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হইলে যে কোন একজন এই সুবিধা ভোগ করিবেন; এবং

(ঙ) ন্যূনতম করের পরিমাণ কোন ভাবেই নিম্নরূপে বর্ণিত হারের কম হইবে না-

| এলাকার বিবরণ | ন্যূনতম করের হার (টাকা) |
|---|---|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০/- |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০/- |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০/- |

;

(চ) কোন করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (less developed area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (least developed area) অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হন এবং উক্ত কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্প হইতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করিবেন, যথা:-

| | **বিবরণ** | **রেয়াতের হার** |
|---|---|---|
| (অ) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে | সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%; |
| (আ) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক হয় | সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০%। |

**ব্যাখ্যা।-** এই অনুচ্ছেদে-

(১) প্রতিবন্ধী ব্যক্তি (person with disability) বলিতে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৯ নং আইন) এর ধারা ৩১ মোতাবেক প্রতিবন্ধী হিসেবে নিবন্ধিত ব্যক্তিকে বুঝাইবে;

(২) ''সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area)'' বা ''স্বল্প উন্নত এলাকা (less developed area)'' অর্থ Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 45 এর sub-section (2A) এর clauses (b) এবং (c) এর বিধান অনুসারে বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area) বা স্বল্প উন্নত এলাকা (less developed area)।

**অনুচ্ছেদ-খ**

কোম্পানী, স্থানীয় কর্তৃপক্ষ এবং সে সকল করদাতা যাহাদের ক্ষেত্রে Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) অনুযায়ী সর্বোচ্চ হারে (at the maximum rate) আয়কর আরোপিত হয়-

(১) ''যে কোম্পানীর রেজিষ্ট্রীকৃত অফিস বাংলাদেশে অবস্থিত সেই কোম্পানী হইতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য'' সর্ব প্রকার আয়ের উপর-

(ক) দফা (খ), (গ), (ঘ) ও (ঙ) তে বর্ণিত কোম্পানীসমূহের ক্ষেত্র ব্যতীত-

(অ) এইরূপ প্রত্যেকটি কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company- — উক্ত আয়ের ২৫% :

তবে শর্ত থাকে যে, যদি এইরূপ কোম্পানী যাহা publicly traded company নহে, উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offerings (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহা হইলে এইরূপ কোম্পানী উক্ত হস্তান্তর সংশ্লিষ্ট বৎসরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করিবে;

(আ) এইরূপ প্রত্যেকটি কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company নহে, এবং স্থানীয় কর্তৃপক্ষসহ Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 2 এর clause (20) এর sub-clauses (a), (b), (bb), (bbb) ও (c) এর আওতাধীন অন্যান্য কোম্পানীর ক্ষেত্রে- — উক্ত আয়ের ৩৫%;

(খ) ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠানসমূহ (মার্চেন্ট ব্যাংক ব্যতীত):

(অ) এইরূপ প্রত্যেকটি কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company- — উক্ত আয়ের ৪০%;

| | |
|---|---|
| (আ) এইরূপ প্রত্যেকটি কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company নহে- | উক্ত আয়ের ৪২.৫%: |

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক ২০১৩ সালে অনুমোদিত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের করের হার হইবে ৪০% ;

| | | |
|---|---|---|
| (গ) | মার্চেন্ট ব্যাংক এর ক্ষেত্রে- | উক্ত আয়ের ৩৭.৫%; |
| (ঘ) | সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক কোম্পানীর ক্ষেত্রে- | উক্ত আয়ের ৪৫%; |
| (ঙ) | মোবাইল ফোন অপারেটর কোম্পানীর ক্ষেত্রে - | উক্ত আয়ের ৪৫%: |

তবে শর্ত থাকে যে, মোবাইল ফোন অপারেটর কোম্পানী যদি উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ১০% শেয়ার, যাহার মধ্যে Pre Initial Public Offering Placement ৫% এর বেশী থাকিতে পারিবে না, স্টক এক্সচেঞ্জের মাধ্যমে হস্তান্তর করতঃ Publicly traded company তে রূপান্তরিত হয় সেই ক্ষেত্রে কর হার হইবে ৪০%:

আরও শর্ত থাকে যে, যদি এইরূপ কোম্পানী উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offerings (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহা হইলে এইরূপ কোম্পানী উক্ত হস্তান্তর সংশ্লিষ্ট বৎসরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করিবে;

(২) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে বাংলাদেশে নিবন্ধিত কোন কোম্পানী অথবা আইন অনুযায়ী গঠিত সংবিধিবদ্ধ কোন প্রতিষ্ঠান হইতে ১৪ আগষ্ট, ১৯৪৭ এর পরে ইস্যুকৃত, প্রতিশ্রুত ও পরিশোধিত পুঁজির উপরে ঘোষিত ও পরিশোধিত ডিভিডেন্ড আয়ের উপর বা বাংলাদেশে নিবন্ধিত নয় এইরূপ বিদেশী কোম্পানীর মুনাফা প্রত্যাবাসন যাহা Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 2 এর clause

| | |
|---|---|
| (26) এর sub-clause (dd) অনুসারে লভ্যাংশ হিসেবে গণ্য, তাহার উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ২০%; |
| (৩) কোম্পানী নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এইরূপ ব্যক্তি শ্রেণীভুক্ত করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ৩০%; |
| (৪) কোম্পানী নহে, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক এইরূপ করদাতার উক্ত ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ৪৫%; |
| (৫) সমবায় সমিতি আইন, ২০০১ অনুযায়ী নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ১৫%। |

**ব্যাখ্যা।-** এই অনুচ্ছেদে "publicly traded company" বলিতে এইরূপ কোন পাবলিক লিমিটেড কোম্পানীকে বুঝাইবে যাহা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) অনুসারে বাংলাদেশে নিবন্ধিত এবং যে আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই আয় বৎসর সমাপ্তির পূর্বে উক্ত কোম্পানীটির শেয়ার স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইয়াছে।

## দ্বিতীয় অংশ

**(অর্থ আইন, ২০১৭ এর ধারা ৫৩ দ্রষ্টব্য)**

## সারচার্জের হার

### অনুচ্ছেদ-ক

যদি কোন ব্যক্তি-করদাতা (assessee being individual) যাহার Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 80 অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী (statement of assets, liabilities and expenses) তে প্রদর্শিত নীট পরিসম্পদের মূল্যমান (total net worth) নিম্নরূপ হয়, সেইরূপ ব্যক্তি করদাতার ক্ষেত্রে আয়কর প্রযোজ্য এইরূপ আয়ের উপর প্রযোজ্য আয়করের উপর নিম্নরূপ হারে সারচার্জ প্রদেয় হইবে, যথা:-

| নীট পরিসম্পদের মূল্যমান | সারচার্জের হার |
|---|---|
| (ক) দুই কোটি পঁচিশ লক্ষ টাকা পর্যন্ত- | শূন্য |
| (খ) দুই কোটি পঁচিশ লক্ষ টাকার অধিক কিন্তু পাঁচ কোটি টাকার অধিক নয়- | ১০% |
| (গ) পাঁচ কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নয়- | ১৫% |
| (ঘ) দশ কোটি টাকার অধিক কিন্তু পনের কোটি টাকার অধিক নয়- | ২০% |
| (ঙ) পনের কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নয়- | ২৫% |
| (চ) বিশ কোটি টাকার অধিক যে কোন অংকের উপর- | ৩০% : |

তবে শর্ত থাকে যে, নীট পরিসম্পদের মূল্যমান দুই কোটি পঁচিশ লক্ষ টাকা অতিক্রম করিলে ন্যূনতম সারচার্জের পরিমাণ কোনভাবেই ৩,০০০/- টাকার কম হইবে না।

### অনুচ্ছেদ-খ

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ প্রদেয় হইবে।

পরিশিষ্ট ২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/ ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং** ২০৬-আইন/আয়কর/২০১৭।- Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৬ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৯৫-আইন/আয়কর/২০১৫ এতদ্দ্বারা রহিত করিল।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/ ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং** ২০৭-আইন/আয়কর/২০১৭।- Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ২৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৫৮-আইন/আয়কর/২০১৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(ক) দফা ১ এর উপ-দফা (ল) এর প্রান্ত:স্থিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(খ) দফা ১ এর উপ-দফা (শ) এর প্রান্ত:স্থিত "।" দাড়ির পরিবর্তে "; এবং" সেমিকোলন ও শব্দ প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন উপ-দফা (ষ) সংযোজিত হইবে, যথা:-

"(ষ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ।" ।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।

পরিশিষ্ট ৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/ ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং** ২০৮-আইন/আয়কর/২০১৭।- Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আইন, ২০১৫ (২০১৫ সনের ১৮ নং আইন), অত:পর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২২ এর অধীন গঠিত কোন প্রকল্প কোম্পানি কর্তৃক উক্ত আইনের ধারা ১৪ অনুযায়ী অনুমোদিত নিম্ন সারণীতে উল্লিখিত পিপিপি প্রকল্প পরিচালনা হইতে অর্জিত ব্যবসায় আয়ের উপর প্রদেয় আয়কর হইতে বাণিজ্যিক কার্যক্রম আরম্ভের তারিখ হইতে পরবর্তী ১০ (দশ) বৎসরের জন্য ১০০% (শতকরা একশত ভাগ) হারে অব্যাহতি প্রদান করিল, যথা:-

সারণী

| ক্রম | পিপিপি প্রকল্প |
|---|---|
| (১) | National Highways or Expressways and related Service Roads |
| (২) | Flyovers |
| (৩) | Elevated and At-Grade Expressways |
| (৪) | River Bridges |
| (৫) | Tunnels |
| (৬) | River port |
| (৭) | Sea port |
| (৮) | Airport |
| (৯) | Subway |
| (১০) | Monorail |
| (১১) | Railway |
| (১২) | Bus Terminals |
| (১৩) | Bus Depots |
| (১৪) | Elderly care home: |

তবে শর্ত থাকে যে, উক্ত কোম্পানিকে-

(ক) ১২-ডিজিট Taxpayer’s Identification Number গ্রহণ করিতে হইবে; এবং

(খ) উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এর বিধান অনুযায়ী আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।

পরিশিষ্ট ৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/ ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং** ২০৯-আইন/আয়কর/২০১৭।– Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আইন, ২০১৫ (২০১৫ সনের ১৮ নং আইন), অত:পর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২২ এর অধীন গঠিত কোন প্রকল্প কোম্পানি কর্তৃক উক্ত আইনের ধারা ১৪ অনুযায়ী অনুমোদিত নিম্ন সারণীতে উল্লিখিত পিপিপি প্রকল্প পরিচালনার জন্য-

(ক) সংগৃহীত (raised) শেয়ার মূলধন হস্তান্তর হইতে উদ্ভূত মূলধনী মুনাফার উপর উক্ত কোম্পানির বাণিজ্যিক কার্যক্রম আরম্ভের তারিখ হইতে পরবর্তী ১০ (দশ) বৎসর পর্যন্ত; এবং

(খ) উক্ত পিপিপি প্রকল্প পরিচালনার জন্য পরিশোধকৃত Royalty এবং Technical know-how ও Technical assistance ফি এর উপর উক্ত কোম্পানির বাণিজ্যিক কার্যক্রম আরম্ভের তারিখ হইতে পরবর্তী ১০ (দশ) বৎসর পর্যন্ত;

প্রদেয় আয়কর হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

সারণী

| ক্রম | পিপিপি প্রকল্প |
|---|---|
| (১) | National Highways or Expressways and related Service Roads |
| (২) | Flyovers |
| (৩) | Elevated and At-Grade Expressways |
| (৪) | River Bridges |
| (৫) | Tunnels |
| (৬) | River port |

| | |
|---|---|
| (৭) | Sea port |
| (৮) | Airport |
| (৯) | Subway |
| (১০) | Monorail |
| (১১) | Railway |
| (১২) | Bus Terminals |
| (১৩) | Bus Depots |
| (১৪) | Elderly care home: |

তবে শর্ত থাকে যে, উক্ত কোম্পানিকে-

(ক) ১২-ডিজিট Taxpayer's Identification Number গ্রহণ করিতে হইবে; এবং

(খ) উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এর বিধান অনুযায়ী আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।

পরিশিষ্ট ৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/ ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং** ২১০-আইন/আয়কর/২০১৭।- Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আইন, ২০১৫ (২০১৫ সনের ১৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২২ এর অধীন গঠিত কোন প্রকল্প কোম্পানি কর্তৃক উক্ত আইনের ধারা ১৪ অনুযায়ী অনুমোদিত নিম্ন সারণীতে উল্লিখিত পিপিপি প্রকল্প পরিচালনার জন্য উক্ত প্রকল্প কোম্পানিতে নিয়োগকৃত বিদেশী প্রকর্মীকে (technician) নিয়োগের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের জন্য ৫০% (পঞ্চাশ শতাংশ) হারে কর অব্যাহতি সুবিধা প্রদান করিল, যথা:-

সারণী

| ক্রম | পিপিপি প্রকল্প |
|---|---|
| (১) | National Highways or Expressways and related Service Roads |
| (২) | Flyovers |
| (৩) | Elevated and At-Grade Expressways |
| (৪) | River Bridges |
| (৫) | Tunnels |
| (৬) | River port |
| (৭) | Sea port |
| (৮) | Airport |
| (৯) | Subway |
| (১০) | Monorail |
| (১১) | Railway |
| (১২) | Bus Terminals |
| (১৩) | Bus Depots |
| (১৪) | Elderly care home: |

তবে শর্ত থাকে যে,-

(ক) উক্ত কোম্পানির বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ হইবার পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত হইলে, উক্ত বিদেশী প্রকর্মী উক্তরূপ সুবিধা প্রাপ্য হইবেন না;

(খ) উক্তরূপ অব্যাহতি সুবিধা গ্রহণের পূর্বে উক্ত বিদেশী প্রকর্মীকে-

(অ) ১২-ডিজিট Taxpayer's Identification Number গ্রহণ করিতে হইবে; এবং

(আ) উক্ত Ordinance এর section 75 এর বিধান অনুযায়ী আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/ ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ।

**এস, আর, ও নং** ২১১-আইন/আয়কর/২০১৭।– Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৬ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৯৮-আইন/আয়কর/২০১৫ রহিতক্রমে, সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীদের সরকার কর্তৃক প্রদত্ত মূল বেতন, উৎসব ভাতা ও বোনাস, যে নামেই অভিহিত হোক না কেন, ব্যতীত অবসরকালে প্রদত্ত লাম্প গ্র্যান্টসহ সরকারি বেতন আদেশে উল্লিখিত অন্যান্য ভাতা ও সুবিধাদিকে প্রদেয় আয়কর হইতে এতদ্দারা অব্যাহতি প্রদান করিল।

ব্যাখ্যা: এই প্রজ্ঞাপনে-

(ক) সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারী বলিতে নিম্নবর্ণিত কর্মচারী বা ব্যক্তিকে বুঝাইবে, যথা:-

(অ) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত,-

(১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(২) চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫, এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(৩) চাকরি (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(৪) চাকরি (বাংলাদেশ পুলিশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(৫) চাকরি (বর্ডার গার্ড বাংলাদেশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(৬) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(আ) জাতীয় বেতনস্কেল ২০১৫ এর আলোকে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত যৌথ বাহিনী নির্দেশাবলী (Joint Services Instructions) নম্বর ০১/২০১৬ এর অনুচ্ছেদ ২ অনুযায়ী যে সকল ব্যক্তিবর্গের জন্য উক্ত নির্দেশাবলী প্রযোজ্য; এবং

(ই) কোন আইন, বিধি বা প্রবিধানের অধীন কোন পদে নিয়োজিত থাকাকালীন সরাসরি সরকারি কোষাগার হইতে বেতন বা আর্থিক সুবিধা, যে নামেই অভিহিত হোক না কেন, প্রাপ্ত হন।

(খ) সরকারি বেতন আদেশ বলিতে নিম্নবর্ণিত আদেশ বা, ক্ষেত্রমত, নির্দেশাবলীকে বুঝাইবে, যথা:-

(১) অনুচ্ছেদ (ক) এর উপ-অনুচ্ছেদ (অ) তে উল্লিখিত বেতন স্কেল সংক্রান্ত আদেশ;

(২) অনুচ্ছেদ (ক) এর উপ-অনুচ্ছেদ (আ) তে উল্লিখিত বেতন স্কেল সংক্রান্ত নির্দেশাবলী; এবং

(৩) কোন আইন, বিধি বা প্রবিধানের অধীন কোন পদে নিয়োজিত কর্মচারীর জন্য জারীকৃত বেতন বা আর্থিক সুবিধা সংক্রান্ত আদেশ।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/ ০১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৫৫-আইন/আয়কর/২০১৭।–** Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নীটওয়্যার ও ওভেন গার্মেন্টস উৎপাদন ও রপ্তানিতে নিয়োজিত করদাতার উক্ত পণ্য রপ্তানি হইতে উদ্ভূত আয়ের উপর ২০১৭-১৮ করবর্ষের জন্য প্রযোজ্য আয়করের হার হ্রাস করিয়া নিম্নরূপ নির্ধারণ করিল, যথা:-

(ক) কোম্পানি করদাতার ক্ষেত্রে-

(অ) আয়করের হার ১২%; এবং

(আ) সংশ্লিষ্ট আয়বর্ষে এইরূপ করদাতার কারখানার আন্তর্জাতিকভাবে স্বীকৃত green building certification থাকিলে উক্ত কারখানায় উৎপাদিত উক্তরূপ পণ্য রপ্তানি হইতে উদ্ভূত আয়ের উপর আয়করের হার ১০%; এবং

(খ) কোম্পানি ব্যতীত অন্যান্য করদাতার ক্ষেত্রে আয়করের সর্বোচ্চ হার ১২%।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।

পরিশিষ্ট ৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/ ০১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৫৬-আইন/আয়কর/২০১৭।–** Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত Ordinance এর section 53BB এবং section 53BBBB তে উল্লিখিত পণ্যের, পাটজাত দ্রব্য ব্যতীত, রপ্তানি মূল্যের উপর উৎসে আয়কর কর্তনের হার হ্রাসপূর্বক ০.৭০% এ নির্ধারণ করিল।

২। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ৩০ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।

পরিশিষ্ট ১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ/ ০১ আগস্ট, ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৫৭-আইন/আয়কর/২০১৭।**– যেহেতু Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 185 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক উহার ০৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২০৫-আইন/আয়কর/২০১৭ এর মাধ্যমে Income Tax Rules, 1984, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর অধিকতর সংশোধনের প্রস্তাব প্রাক্-প্রকাশক্রমে উহার উপর প্রজ্ঞাপনে উল্লিখিত সময়সীমার মধ্যে আপত্তি এবং পরামর্শ আহ্বান করা হইয়াছিল; এবং

যেহেতু উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত সময়সীমার মধ্যে প্রস্তাবিত সংশোধনীর উপর প্রাপ্ত আপত্তি বা পরামর্শ বিবেচনাক্রমে জাতীয় রাজস্ব বোর্ড উক্ত Rules এর প্রস্তাবিত সংশোধনী চূড়ান্ত করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

